লেখক—
তড়িৎ কুমার বসু
এম্-এ, বি-এল্, এইচ্-এম্-ডি,
"গিরীন্দ্র-গৃহ"—পি, ৩০৮ রসা রোড্।

প্রকাশক—
শ্রীঅনিলকৃষ্ণ রায় চৌধুরী
১৯০।২ রাসবিহারী এভেনিউ
বালিগঞ্জ, দক্ষিণ-কলিকাতা

চিত্র-নাট্য-রূপী কথা-সাহিত্য

Naba Kumar Garai.

মুদ্রাকর—
শ্রীশৈলেন্দ্রনাথ গুহ রায়, বি-এ
শ্রীসরস্বতী প্রেস লিঃ
৩২ আপার সারকুলার রোড, কলিকাতা।

উদ্বোধন—
নব-বর্ষ, ১৯৪১।
মূল্য—
এক টাকা আট আনা

দাবী-দেওয়া

তোমাকেই দিলাম।

কেন দিলাম!?

দেবার দাবী-টুকু বোধহয় আছে,
তাই দাবী দিলাম।
দেবার দাবী-টুকু বোধহয় থাকবে,
তাই দাবী দিলাম।

শ্রীনবকুমার গরাই

গোড়ার কথা

নাটক জাতি-গঠনের অবিচ্ছেদ্য-অঙ্গ।

অথচ, নাটকের অভিনয় না-দেখ্‌লে কিম্বা বিশেষজ্ঞের সাহায্য না-নিলে, বেশীর-ভাগ নাটকই অনেক-সময়েই সাধারণ-পাঠকের সুখ-পাঠ্য হয় না। তা'র প্রধান-কারণ, নাটকে থাকে শুধু-কথোপকথন, — ব্যাখ্যা-টিপ্পনি কিছুই থাকে না, সাধারণ-উপন্যাসের মত 'বিনিয়ে-বলা' ত' নয়ই।

নাটকের এই অভাব-অভিযোগ অতি-সহজেই দূর হয় চিত্র-নাট্যে। তা'ই চিত্র-নাট্য পাঠকের-পক্ষে সুখ-পাঠ্য হওয়াই স্বাভাবিক।

তা'ছাড়া, বিষয়-বস্তু যদি 'জলদ-লয়ে' (fast-tempo) চালান দরকার হয়, তা'হ'লে নাটকের চেয়েও চিত্র-নাট্যের রূপ ঢের-বেশী উপযোগী।

এম্‌নি-ধারা আরও অনেক কারণে, সাহিত্যের-আসরে চিত্র-নাট্যের একটী-স্বতন্ত্র-আসন নিতান্তই প্রয়োজন।

সে-যা'ই-হোক্‌, নাটকের আদর্শ চমৎকার বজায় রাখা-যায় এই চিত্র-নাট্যে, — অথচ পাঠকেরও আনন্দ-পাওয়া-সম্ভব অতি-স্বচ্ছন্দে।

— তা'ই নাটকের এই নব-রূপী 'দাবী'!

'দাবী' চিত্র-না'ট্য,—এক-রকমের নাটক, — উপন্যাস নয়, প্রপাগাণ্ডা নয়, জেল-আইনের রেকর্ডও নয়!

চিত্র-নাট্যের প্রধান লক্ষ্য — চ'ল্‌তি-দৃশ্যের মধ্যে জ্যান্ত-চরিত্র-সৃষ্টি। সুতরাং পাঠের সঙ্গে-সঙ্গে কল্পনায় এই দৃশ্যের-পর-দৃশ্য দেখাই হবে চিত্র-নাট্য পাঠকের সাধারণ-রীতি ও সেরা-আনন্দ।

নবকুমার সরকার

এক

১

ক'ল্‌কাতা : জেল : ঘানিটানার ঘর : বেলা, ৪টা :

মাথার চুল থেকে পায়ের নখ পর্য্যন্ত দর্‌-দর্‌ ক'রে ঘাম গড়াচ্ছে, অথচ কয়েদী সমর ঠিক পরিশ্রান্ত নয়,—সে ঘানি টেনেই চ'লেছে।

পাশে ব'সে সঙ্গী পটলা। ঘানির-ঘোরের মাথা-ঘোরা এখনও তার থামেনি, তবুও সে গুন্‌-গুন্‌ ক'রছে······

পটলা ······(গুন্‌-গুন্‌, ক'রে)

মা আমায় ঘোরাবি কত !

······পেছনের দর্‌জা দিয়ে ত্রস্তে মমতা (জেলরের মেয়ে) এগিয়ে এল,— সমরের পথ আগ্‌লে মিষ্টি ভৎ'সনা ক'রে উঠ্‌ল······

মমতা······(মিষ্টি ভৎ'সনার স্বরে)

আচ্ছা সমর-বাবু, আপনার নিজের পাঁচ-পো' তেল ত' তৈরী হ'য়ে গেছে ;—তবে আবার কোন্‌ হতভাগার জন্যে এই হাড়্‌-ভাঙ্গা খাট্‌নি খেটে ম'র্‌ছেন, ব'লুন ত' ?

বেগতিক বুঝে হতভাগা পট্‌লা পালিয়ে বাঁচ্‌ল !

মুখ তুলে কপালের ঘাম মোছ্‌বার সঙ্গে-সঙ্গেই সমরের মুখে মধুর হাসির রেখা দেখা দিল।

তবুও মমতা অনুযোগ ক'র্‌ল······

মমতা······(অনুযোগে)

সত্যিই, এ আপনার অন্যায় সমর-বাবু !

সমর······ (নিমেষে, মিষ্ট হেসে)

সত্যিই, এ আপনার অতি-করুণা জেলর্‌-নন্দিনী !

মমতা ভ্রুকুটি ক'রে উঠ্‌ল। মাটির পানে চেয়ে সে লুকাতে চাইল তার লজ্জা। সমর কিন্তু সেই লজ্জার পানে চেয়েই রইল। মুখে তার মিষ্টি হাসি, তবুও কপালে যেন কেমন-একটা চিন্তার রেখা······

·· ···এই অপ্‌, হুঁসিয়ার বাঙ্গালী !—

—দূর থেকে হাঁক্‌ল এক পাঠান গার্ড।

সে হাঁকে চম্‌কাল দু'জনেই,—হাস্‌লও দু'জনেই।

সমর······ (সহাস্যে)

দেখ্‌ছ মমতা, কেমন সময় বুঝে ঐ জটিলা-কুটিলারা মধুর রাধা-রাধা-ডাক্‌ ডাকে !

মমতা······ (হাসি চেপে, দ্ব্যর্থের চাহনিতে)

চির-বন্দীকে শাসনে সংযত রাখাই বোধহয় কর্ত্তব্য !

সমর······ (মিষ্ট অনুযোগে)

তাই ব'লে লোহার বাঁধন দিয়ে কুসুমের বাঁধন থ্যাঁত্‌লানো !

সে-অনুযোগের উত্তর দেবার আগেই সাম্‌নে চ'ম্‌কে চেয়েই, পালাতে-পালাতে মমতা জানিয়ে গেল······

মমতা······ (ব্যস্ততায়)

ঐ লাট্‌-সাহেব,—জেল দেখ্‌তে আস্‌ছেন !

(প্রস্থান (

সদল-বলে লাট্-সাহেব এগিয়ে এল,—সঙ্গে গোয়েন্দা মিষ্টার মজুমদার।
সম্ভ্রমে জেলর সেন-সাহেব সমরের পরিচয় দিল······

জেলর সেন······ (সম্ভ্রমে)

* Your Excellency,
This is Samar Singha···transported life-long
for Political······

লাট্-সাহেব··· ··

Oh yes, Jailor Mr. Sen,
I've already heard of him from (নিমেষের জন্ম গোয়েন্দার পানে তাকিয়ে) C. I. D. Mr. Mazumder.
(সমরকে একবার দেখে নিয়ে)
Youngman, are you corrected

সমর··· ··

করেক্‌টেড্ (Corrected) !
করেক্‌টেড্ (Corrected) হবার মত ত' কোন-কিছু কখনও করেছি ব'লে মনে পড়ে না।

---

*জেলর······

ধর্ম্মাবতার, এই কয়েদী সমর সিংহ······চির-জীবনের বন্দী···পলিটিক্যাল্ বিদ্রোহী······

লাট্-সাহেব······

হাঁ-হাঁ, জেলর মি: সেন, এই কয়েদীর সমস্ত কথাই (নিমেষের জন্ম গোয়েন্দার পানে তাকিয়ে) গোয়েন্দা মি: মজুমদারের কাছ থেকে শুনেছি।
(সমরকে একবার দেখে নিয়ে)
কয়েদী, কেমন এখন শুধ্‌রেছ ?

সমর······

শোধ্‌রাব !
শোধ্‌রাবার মত কোন-কিছু······ ।

লাট্-সাহেব……(বিরক্তিতে)

আগর গল্‌তি নেহি থা, তো তোম্‌হারা ইয়ে কয়েদ্ কাহে হুয়া ?

সমর……(অবিচলিত ভাবে, অথচ মৃদু হাস্যে)

কয়েদ্ হ'লেই যদি দোষ হয়, পাপ হয়,—তা'হ'লে স্বীকার ক'র্‌তে হবে সাহেব, তোমাদের খৃষ্টই সবার চেয়ে বড় দোষী, বড় পাপী !

লাট্-সাহেব ……(রাগে)

* Jailor, this man is not corrected :
You might give him 'Penal-Diet' !

[২]

জেল : কয়েদীদের খানা-ঘর : পরদিন, পৌণে ১১টা :

বন্দীরা সব খেতে ব'সেছে,—তাদের পাতে লোপ্‌সি। সমরের কিন্তু খেতে হ'চ্চে মাড়্-ভাত। মাড়্-ভাত কি ছাই গেলা যায় ! তাই মুখে তার বেদনা।

সেই বেদনা যেন প্রতিফলিত হ'য়ে উঠেছে মমতার মুখে—দূরে—সবার অলক্ষ্যে !

একি, সমর বমি ক'র্‌ছে ?

তাই বুঝি, বেদনা দীর্ঘনিশ্বাস হ'য়ে, মমতাকে আরও ব্যথিত ক'র্‌ল। সঙ্গোপনের দীর্ঘ-নিশ্বাস লুকাবার আশায়, সে পালিয়ে রেহাই পেল।

---

*লাট্-সাহেব……(রাগে)

জেলর্, লোকটা এখনও শোধরায়নি ! দেখ্‌ছি লোপ্‌সি বন্ধ ক'রে মাড়্-ভাত না খাওয়ালে ওর জ্ঞান হবে না !

সমবেদনায় ভ'রে উঠে, পট্‌লা লুকিয়ে খানিকটা লোপ্‌সি বাড়িয়ে ধ'র্‌ল সমরের দিকে। অম্‌নি পাঠানের হুঙ্কার······

পাঠান গার্ড······

এই অপ্‌, হুঁসিয়ার বাঙ্গালী!

(কাছে এসে, দুষ্ট হেসে, সমরকে)

ক্যায়্‌সা খানা মিলা বাঙ্গালী?

সমর ···(বেশ খানিকটা ঘাড় নেড়ে)

বহুত্‌ আচ্ছা!

তোম্‌হারা লোপ্‌সি হর্‌রোজ্‌ খা'কে পেট্‌মে চড়া পড়্‌ গিয়া বাবা!

ইস্‌ লিয়ে, ইয়ে বহুত্‌ আচ্ছা লাগ্‌তা হ্যায়!

অলক্ষ্যে আব সবারই মৃদু হাসি।

পাঠান গার্ড······(বিস্ময়ে)

সচ্‌?

সমর·········(সরলতার-অভিনয়ে)

বিল্‌কুল্‌ সচ্‌!

পাঠান গার্ড······(ব্যস্তভাবে)

তব্‌-তো হ্যম্‌ জেলর্‌-সাহব্‌কো আভি ব্যাতায়েঙ্গে, ইয়ে খানা বদল্‌ দেকে ফিন্‌ লোপ্‌সি দেনা।

পাঠান চ'ল্‌ল, সবারই হাসি ফুটে উঠ্‌ল।

চুপি-চুপি পটলা সমরকে জানাল……

পটলা……(চুপি-চুপি)

সাত্ নম্বর……এইমাত্র খবর পাঠিয়েছে……

সন্ধ্যার ঠিক পরে……

সমর……(গাম্ভীর্য্যে)

বেশ,……সবাই যেন রেডি (ready) হয়……

সঙ্গে-সঙ্গেই সেই পাঠান হুঙ্কার……

পাঠান গার্ড……(কণ্ঠস্বর)

হুঁসিয়ার বাঙ্গালী !

কাছে এসে, হুঙ্কারের সঙ্গে নিছক রূঢ়তা মিশিয়ে পাঠান আস্ফালন ক'র্‌ল……

পাঠান গার্ড……(নিছক রূঢ়তায়)

চলাও……আভি চলাও……জেলর-সাহব্‌কো পাশ্

চলাও—

—এত রূঢ়তা বুঝি অসহ্য ! তাই অলক্ষ্যে সঙ্গীদের মুষ্টি বদ্ধ হ'য়ে উঠ্‌ল। চাহনির ইসারায় সমর তাদের শান্ত ক'রে নিজে হেসে সবাইকে হাসাল……

সমর……(হেসে)

ডেকেছেন প্রভু রামচন্দ্র,

নিতে এসেছেন লক্ষ্মণের স্থলে গুঁপো জটিলা,

—তবু তোরা কেন এত বিমুখ, সখি !

সে চ'ল্‌ল,—পেছনে হাসির রোল—সঙ্গে গার্ডের গর্জ্জন।

[৩]

জেলরের কোয়াটার্ : নিচের হল্-ঘর্ : আগের দৃশ্যের দিন, বেলা ১১টা :

সম্ভ্রমে সমরকে জেলরের সাম্‌নে হাজির ক'রে গার্ড ফিরে চ'ল্‌ল।

পদবীর মর্য্যাদা সম্পূর্ণ বজায় রেখে, কতক রূঢ়ভাবে জেলর সমরকে জানাল······

জেলর সেন······ (রূঢ়তায়)

সলিটারি ইম্‌প্রিস্‌ন্‌মেণ্ট্!
জেল-আইন এমনভাবে লঙ্ঘন ক'র্‌লে—একেবারে
সলিটারি ইম্‌প্রিস্‌ন্‌মেণ্ট্!

সমরের মুখে একটিও কথা নেই। তাই আরও রূঢ় হ'য়ে জেলর জিজ্ঞাসা ক'র্‌ল······

জেলর সেন······ (আরও রূঢ়তায়)

কি, কথা ব'ল্‌ছেন না যে বড়?

সমর······ (শান্ত-স্বরে)

কি লাভ!
আমাদের দোষ যে কি—কোন বিচারকই কোনদিনই
সত্যিকারের বিচার ক'রে ত' বলেন নি!

জেলর সেন······(চরম রূঢ়তায়)

সাট্ আপ্ (Shut up)!
(উঠে) যতক্ষণ না আমি ফিরে আসি
ঐ ঘরে অপেক্ষা করুন।

---

* সলিটারি ইম্‌প্রিস্‌ন্‌মেণ্ট্ (Solitary Imprisonment)=নির্জ্জন কারাবাস

যাবার পথে ফিরে চেয়ে কতক নরম স্বরে জেলর আরও ব'ল্‌ল······

জেলর সেন······(স্বর নামিয়ে)

আর দেখুন,

ফিরে আস্‌তে আমার বেশ একটু দেরী হবে !

আবার সে ফিরে চ'ল্‌ল। কিন্তু একি !—এত রূঢ় মুখে হাসির ও-রেখাটুকু কেন !

আস্তে-আস্তে এগিয়ে গিয়ে সমর পাশের ঘরের পর্‌দা সরাল।

(৪)

জেলরের কোয়ার্টার্ : হলের পাশের ঘর : বেলা ১১টার পর :

পাশের ঘরে পা দিয়েই সমর চেয়ে দেখ্‌ল—টেব্‌লের ওপর রকম-বেরকমের লোভনীয় খাবার, আর ঘর জন-মানব-শূন্য !

খাবারের পানে চোখ রেখে সে ভাব্‌তে লাগ্‌ল।

চ'ম্‌কে সে চাইল—পাশে এক হাসির লহরী ! সে-হাসি শেষ না-ক'রেই মমতা অভ্যর্থনা ক'র্‌ল······

মমতা······(হাসির সঙ্গে)

দেখ্‌ছেন কি, ব'সে প'ড়ুন !

একটা কথাও না-ব'লে, একটু হাসিও না-হেসে, সমর ফিরে চ'ল্‌ল দরজার দিকে,······হরিণার মত গতিতে এগিয়ে মমতা দু'হাত বাড়িয়ে আগ্‌লাল সেই দরজা।

সমর......

ছিঃ মমতা !

মমতা……(করুণ আবেদনে)

আচ্ছা, এতদিনের এতোর বিনিময়ে,
মাত্র একটা দিন আপনাকে প্রাণভরে খাওয়ানোর
দাবী-টুকু আমায় দেবেন না !

এ করুণতা নিছক আন্তরিকতা !—একে অসম্মান করা যেন অসম্ভব !
তাই শান্ত হ'য়ে সমরকে চেয়ারে ব'স্‌তে দেখে শান্তিতে মমতা চোখ মুছ্‌ল।

মমতা……

কি ভাব্‌ছেন বলুন ত' ?

সমর……

ভাব্‌ছি ?—ভাব্‌ছি তোমার বাবাও মানুষ !

মমতা…… (হেসে)

নইলে, আমি তাঁর মেয়ে হলাম কি ক'রে !

হাসির সঙ্গে হাসি মিশে নিমেষে মনের গ্লানি কোথায় যেন মিশিয়ে গেল।
নিমেষে মমতার-দেওয়া খাবারগুলোও নিঃশেষ হ'য়ে গেল।
তখন আবার উঠ্‌ল হাসির রোল—তৃপ্তির হাসি—আনন্দের হাসি—আরও যেন কিসের হাসি। মমতার হাসির উৎসের সব সন্ধান না-জান্‌লেও সমরেরও হাসির অভাব ছিল না। শেষে……

মমতা …… (হেসে, হাত জোড় ক'রে, অভিনয়ে)

দেবাদিদেব,
এইবার অন্ততঃ একবার
ন'ভেলী কায়দায় ব'লুন্‌……

……"এমন ক'রে কেউ কখনও
আমায় খাওয়ায় নি !"

সম্মিলিত হাসির রোলে আবার ঘরখানা মুখরিত হ'য়ে উঠ্‌ল।

সেই হাসির রেশের শেষে স্বেচ্ছায় সমর ব'লে ফেল্‌ল……

সমর……

এত না-হ'লেও, শুধু শাক-ভাত দিয়ে যে এর চেয়ে
ভাল ক'রে আমায় একজন খাইয়েছে, মমতা !

নিমেষে মমতার হাসি হ'ল গাম্ভীর্য্য। একদমে পর্‌-পর্‌ সে যেন প্রশ্ন-বাণ ছাড়্‌ল……

মমতা…… (গাম্ভীর্য্যে, জলদে, একদমে)

কে সে ?—
বয়স কত ?—
কোথায় থাকে ?—
তা'র নাম কি ?—

সমরের হাসি-মাখা চাহনির বাণে সে থ'ম্‌কে থাম্‌ল। তার মাথাটা যেন আপনা-হ'তেই নিচু হ'য়ে প'ড়্‌ল।

সমর…… (সহজ কণ্ঠ, হাসির রেখা)

তার নাম মলিনা।

এ যেন নারীর অনন্ত দুর্ব্বলতার ওপর পুরুষের অকরুণ আঘাত !

এতটা বুঝি সমরেরও সহ্য হ'ল না।

তাই নতুন হাসির আশায়, মমতার অনুকরণে হাত-জোড্‌ ক'রে, সমর অভিনয় ক'র্‌ল ……

সমর…… (হেসে, হাত জোড়্‌ ক'রে, অভিনয়ে)

দেবাদিদেবী,
এইবার অন্ততঃ একবার
মেয়েলী কায়দায় ব'লুন……

……"তুমি তা'কে ভালবাস ?"

সমরের অত উচ্চ হাসি, তবুও মমতার মুখ উঠ্‌ল না—হাসি ফুটল না—কিন্তু ঠিক ব্যর্থও বোধহয় হ'ল না !

সাধ্যমত সহজ-কণ্ঠে নিতান্ত মেয়েলী ঢংয়ে মমতা শুধু জানাতে চাইল......

মমতা......(নিতান্ত মেয়েলী ঢংয়ে)

মলিনার কথায় আমার কি দরকার !—

—কিন্তু বেয়াদপ্‌ কণ্ঠের মধ্যে আবার ফুটে উঠ্‌ল নারীর সেই দুর্ব্বলতাই ! নির্ম্মম পুরুষ হাস্‌ল,—আরও নির্ম্মম হ'য়ে বুঝি আবার আঘাত করার লোভ সম্বরণ ক'র্‌তে পার্‌ল না······

সমর ·····(হাসি চেপে)

বেশ, তবে নন্দার কথা মন দিয়ে শোন,

—সে আমার জীবনের একমাত্র······

এর চেয়েও বেশী সহ্য ক'র্‌তে মমতা নিতান্তই নারাজ। তাই এবার মুখ তুলে সে বাধা দিল······

মমতা······(সমরকে বাধা দিয়ে)

······এমনিধারা আরও কতজন আছেন ?

আপনার মাথায় যতগুলো চুল, ততজন—নাঃ ?

সমর · ···(হাসি চেপে, গাম্ভীর্য্যের অভিনয়ে)

দূর্ভাগ্য অপার !

(দীর্ঘনিশ্বাসে) বোধহয় আর কেউ নেই !

(চোরা চাহনিতে) অবশ্য একজন বাদে—

—এই একজন যে কে, মমতা বিলক্ষণ বুঝ্‌ল। তাই তার গণ্ডে লালের আভা।

লোভনীয় সে-আভার অনুরাগ থেকে, নিজেকে কিঞ্চিত-কষ্টে বিচ্ছিন্ন ক'রে সমর সহজ কণ্ঠে ব'ল্‌তে পার্‌ল··· ··

সমর ··· (সহজ কণ্ঠে, সত্য ভাবে)

আর সেই একজনকেই,

আমি অতি পরিষ্কার ভাষায় ব'ল্‌তে চাই,—

—সুঁছুরে কেউটে কখনও পোষ্‌ মানে না!

—সে সুযোগ পেলেই পালায়!!

এ কি সত্য? এ যদি সত্য হয়, বড় অপ্রিয় সত্য!—প্রেমিকার পক্ষে অপমানের নামান্তর!

তাই অন্তরের দ্বন্দ্ব দমন কর্‌বার ব্যর্থ চেষ্টা ক'র্‌তে-ক'র্‌তে মমতা জবাব দিল ·····

মমতা ··· (কম্পিত স্বরে)

খেলাতে যে জানে,

সে কেউটেকে আবার ফিরিয়ে আনে!

(দাঁড়িয়ে উঠে প'ড়্‌ল)

সমর······ (ঠেস্‌ দিয়ে)

বোধহয় তত'বড় খেলোয়াড় তুমি নও!

মমতা · ···(কাঁপ্‌তে-কাঁপ্‌তে)

সময়ে দেখা যাবে!

(দ্রুত প্রস্থান)

সমর······ (দাঁড়িয়ে উঠে, আবেগে)

মমতা! মম—!!

দৃই

১

জেল : আগের দৃশ্যের দিন. দুপুর বেলা :

পট্‌লার মুখ কয়েদী অজয়ের কানে······চুপি-চুপি······

আজ সন্ধ্যায় !

[২]

জেল : দুপুর বেলা :

অজয়ের মুখ কয়েদী বীরেনের কানে······চুপি-চুপি······

আজ সন্ধ্যায় !

[৩]

জেল : দুপুর বেলা :

কয়েদীর হাত কয়েদীর হাতে ······রিভল্‌বার্‌ দিতে-দিতে······

আজ সন্ধ্যায় !

[৪]

জেল : দুপুর বেলা :

ছোরা — এক হাত হ'তে অন্য হাতে······

আজ সন্ধ্যায় !

[৫]

জেল : দুপুর বেলা :

রাইফেল্ — এক হাত হ'তে অন্য হাতে

আজ সন্ধ্যায় !

[৬]

মমতার ঠাকুর-ঘর : সন্ধ্যা :

সন্ধ্যার আলো জ্বল্‌ল······

মমতা মঙ্গল-শঙ্খ বাজাল ।

[৭]

জেলের প্রাঙ্গণ (ইয়ার্ড্) : সন্ধ্যা :

সমরের স্থির দৃষ্টি,—সর্দ্দারী-ভাব । এক পাশে পটলা, আর এক পাশে অজয় ।

সমর······ (আস্তে)

সব রেডি (ready) ?

অজয়······ (আস্তে)

রেডি (ready) ।

সমর·· ·· (আস্তে, দৃঢ়তায়, অথচ খুব জলদে)

দক্ষিণের ঐ গেট্ দিয়ে আমরা লরী চালাব,······
খুব সম্ভব গার্ডদের নজর আমাদের ওপর প'ড়্বে,
······তখন সর্ট-লঙ্ হর্ণ্ (Short-Long Horn)
বাজিয়ে সিগ্ন্যাল্ দেব,······সঙ্গে-সঙ্গেই তোরা
ওপন্ (open) ক'র্বি,······দোটানায় গার্ড্রা
বিহ্বল হবে, ·····সুবিধেমত পূবের পাঁচিল ভেঙ্গে
তোরা বেরিয়ে প'ড়্বি—বুঝ্লি ?

অজয় ·····

হাঁ !

সমর······

যা'।

যাবার পথে অজয় পা বাড়িয়েছে, সমর আবার ডাক্লে······

সমর · ···

আর শোন্ !······
যারা পালাতে পার্বে,
তারা সবাই যেন আমাবস্যার দিন
এক্স্ ওয়ানে (X I) মিট্ (meet) করে।

অজয়ের প্রস্থান।

সঙ্গে-সঙ্গে পাঠান গার্ডের রূঢ় আওয়াজ······

এই অপ্, হুঁসিয়ার বাঙ্গালী।

পাঠান গার্ড······(নিকটে এসে, আরও রূঢ় কণ্ঠে)

কেয়া সম্‌ঝা ?—পূরা লাট্ বন্ গিয়া !
মাল উতার্‌নে নেহি পড়েগা !
উয়োঃ, লরী আ গই······

সবাই গেটের পানে তাকাল।

(৮)

জেল : গেট্ : সন্ধ্যা :

(ওরা দেখ্‌ল)······

গেট্ পেরিয়ে একখানা লরী আস্তে-আস্তে এগিয়ে এল।

পাঠান গর্ডের রূঢ়তর আওয়াজ······

চলো !

[৯]

জেল : মাল্‌খানার সাম্‌নে : সন্ধ্যা :

পাঠান গার্ডের কড়া পাহারায় সমর ও পটলা মাল খালাস ক'র্‌তে ব্যস্ত

অলক্ষ্যে সমর দূরে চেয়ে সঙ্কেত্ ক'র্‌ল।

(১০)

জেল : পূব্ দিক : সন্ধ্যা :

সঙ্কেত্ ক'রে অজয় সমরের সঙ্কেতের উত্তর দিল।

(১১)

জেল : মাল্‌খানার সাম্‌নে,—'দুই [৯]' : সন্ধ্যা :

অজয়ের সঙ্কেতের পানে সমর তখনও তাকিয়ে······

পাঠান গার্ড······ (রূঢ়তম হুঙ্কারে)

খবর্‌দার বাঙ্গালী !

কাজে রত পটুলা দাঁতে দাঁত চাপ্‌ল,—সে কাঁপ্‌ল।

সমর কিন্তু ধীর-ভাবে কাজে মন দিল।

আবার সমর দূরে চেয়ে সঙ্কেত্‌ ক'র্‌ল।

(১২)

জেল : পূব-দিক, অপর পাশ্‌ : সন্ধ্যা :

সমরের সঙ্কেতের উত্তর বীরেন সঙ্কেতেই দিল।

(১৩)

জেল : মালখানার সাম্‌নে,—'দুই (১১)' : সন্ধ্যা :

সমর সঙ্কেতে রত······পাঠানের নেক্‌-নজর সমরেরই পানে।

একবার সে ঘাড় নাড়্‌ল······পরক্ষণেই চাবুক উঁচিয়ে, মূর্ত্ত দানব হ'য়ে সে হুঙ্কার ছাড়্‌ল······

পাঠান গার্ড······(দানবীয় হুঙ্কারে)

বেইমান বাঙ্গালী !—হুঁসি······

······সঙ্গে-সঙ্গেই পটুলার ছোরা বিদ্ধ ক'র্‌ল পাঠানের বুক।

পাঠানের মুখ-চেপে দু'জনে তা'কে লরীতে তোল্‌বার সময়······

পটুলা······ (শ্লেষে)

হুঁ !

বাঙ্গালীকে জীবন-ভোর্ হুঁসিয়ার ক'রে এলি,

অথচ নিজে হুঁসিয়ার হ'তে শিখ্‌লি না, পাঠান !

সমর······ (হুকুম দিল)

* ষ্টার্ট্, নম্বর সেভেন্ (Start No. 7)

লরী চ'ল্‌ল।

[১৪]

জেল : গেট্ : সন্ধ্যা :

লরী ভেতরের গেট্ পার হ'য়েছে। বাইরের গেট্‌টা গার্ড প্রায় খুলে দিয়েছে,······পেছন থেকে বাজ্‌ল হুইস্‌ল্! চ'ম্‌কে চেয়ে গার্ড যেমন গেট্ বন্ধ ক'র্‌বে,······অম্‌নি বন্দুকের আওয়াজ······সে প'ড়্‌ল·····

(১৫)

গেট্ : লরীর মধ্যে : সন্ধ্যা :

সমর······ (ড্রাইভার্‌কে)

* ষ্টার্ট্ নম্বর্ সেভ্‌ন্ (Start No. 7)

× সর্ট-লঙ্ হর্‌ন্ (Short-Long Horn) !

······আর একটা বন্দুকের আওয়াজে পাট্‌লা কাত্ হ'ল···লরী চ'ল্‌ল···হর্‌ন্ বাজ্‌ল··· ··

---

* গাড়ী—চালাও !

× (সঙ্কেতের) হর্‌ন্ বাজাও !

(১৬)

জেল : পূব্-দিক,—'দুই (১০)' : সন্ধ্যা :

······দূরে সর্ট-লঙ্ হর্ন্ !······

অজয়······(মিলিটারী কায়দায়)

ফ্রেণ্ডস্—ফায়ার্ (Friends—Fire) !

······পটাপট্ বন্দুকের আওয়াজ······

(১৭)

জেল : সন্ধ্যা :

······বন্দুকের সঙ্গে-সঙ্গেই পাগল ক'রে বেজে উঠ্ল "পাগ্লা-ঘন্টী" !

(১৮)

জেল : আফিসের সাম্নে : সন্ধ্যা :

জেলর······(বন্দুক-ধারী গার্ডদের)

গার্ডস্—ফায়ার্ (Guards—Fire) !........

(১৯)

জেল : পূব্-দিক্,—'দুই (১৬)' : সন্ধ্যা :

······ বন্দুক ও 'পাগ্লা-ঘন্টী'র সম্মিলিত শব্দে সারা জেলখানা হ'য়ে উঠেছে পুরো পাগল !

অজয়ের দলের কয়েকজন একটা প্রকাণ্ড লোহার ডাণ্ডা দিয়ে পাঁচিল ভাঙ্তে ব্যস্ত।

(২০)

জেল : গেটের পাশ্,—বাইরে : সন্ধ্যা :

জেল-কার্ (car) সবেগে বেরুল পর্-পর্ তিন-খানা।

(২১)

জেল : আফিসের ভেতর : সন্ধ্যা :

অফিসার······(ফোন্ ক'র্ছে)

হ্যালো, লাল্বাজার ?—

জেল ভেঙ্গে' লরী ক'রে······

(২২)

রাস্তা (১) : সন্ধ্যা :

······সবেগে সমরের লরী······

(২৩)

রাস্তা (১) : চ'ল্তি লরীর ভেতর : সন্ধ্যা :

······সমর পাশ থেকে কাপড়-জামা টেনে নিল।

(২৪)

লাল্বাজার থানা : গেট্ : সন্ধ্যা :

গোয়েন্দা মজুম্দার পুলিস্-গাড়ীতে সবেগে গেট্ পার হ'ল····· পর্-পর্ আরও পুলিস্-গাড়ী··· ··

(২৫)

রাস্তা (২) : সন্ধ্যা :

সমরের লরী একটা * স্পোর্টিং-কারের (sporting-car) পাশে······ লাফিয়ে তু'জনেই উঠ্ল······স্পোর্টিং-কার্ চ'ল্ল······পেছনে জেল্-কার্···

---

* দ্রুত-গামী মটর-গাড়ী

(২৬)

জেল : পূব্-দিক্,—'তুই (১৯)' : সন্ধ্যা :

"পাগ্লা-ঘন্টীর" পাগল-জেলের পাঁচিল ভাঙ্ল ! জান্তরা উঠ্ল, পেছনে প'ড়ে রইল শুধু মৃত সাথীর দল !
কিন্তু দুঃখময় যুদ্ধ-স্থল যে দুঃখ কর্বার স্থান নয় !
তাই অজয়ের দল এগিয়ে চ'ল্ল······বন্দুকের উৎসব ক'র্তে-ক'র্তে······

(২৭)

জেল : আফিসের সাম্নে,—'তুই (১৮)' : সন্ধ্যা :

অজয়দের উৎসবের একটা গুলি আনন্দে আলিঙ্গন ক'র্ল জেলরের বক্ষ,···
জেলর প'ড়্ল তা'র হতাহত গার্ডদের পাশে।

(২৮)

রাস্তা (৩) : সন্ধ্যা :

সবেগে স্পোর্টিং-কারের পেছনে জেল্-কার্······
সেই ছবির ওপরে * পর্-পর্ এক-একটা মূর্ত্তির † (জেল-ভাঙ্গা ও পলায়ন বিষয়ে) ফোন্-করা ও ফোন্-ধরা······রেডিও ও রেডিওর প্রচার-বাণী······

* ডব্ল্-প্রিন্ট্ (Double-Print)
† সিল্উয়েট্ (Silhouette)

(২৯)

রাস্তা (৪) : সন্ধ্যা :

স্পোর্টিং-কার্······পেছনে জেল্-কার্···ফুল্-স্পীড্···সাম্‌নে ওকি ?······

ড্রাইভার্······(ব্যস্ততায়)

পুলিসের গাড়ী !

সমর······(সর্দ্দারী কণ্ঠে)

ডাইনে—চালাও !

ওস্তাদী-কায়দায় গাড়ী-খানা পাশের গলিতে ঢুক্‌ল····· অপারক হ'য়ে জেল-কার্ সোজা এগিয়ে প'ড়্‌ল··· ··অপর দিক হ'তে মজুম্‌দারের গাড়ী সমরের গাড়ীর পেছন নিল।

(৩০)

রাস্তা (৫) : সন্ধ্যা :

সমরের গাড়ী······পেছনে পুলিসের গাড়ী······গুলি চ'ল্‌ছে।

ছবির ওপরে * ফোন্, রেডিও প্রভৃতি।

(৩১)

ক'ল্‌কাতার ঠিক বাইরের কোন রাস্তা (৬) : সন্ধ্যা :

সজোরে সমরের গাড়ী······কাছা-কাছি পুলিসের গাড়ী······দস্তুর-মত গুলি চ'ল্‌ছে····· সাম্‌নে ! ?

—সাম্‌নে পথের মাঝে এক গরুর গাড়ী, এদিক দিয়েও পেরিয়ে যাবার ঠিক পথ নেই, ওদিক দিয়েও না !—

—চালক চন্‌মন্ ক'রে উঠ্‌ল······সঙ্গে-সঙ্গে সমরের চিৎকার······

সমর······(সর্দ্দারী চিৎকারে)

চালাও !

* ডব্‌ল্-প্রিন্ট্ (Double-Print)

গাড়ীর চাকা রাস্তার শেষ-সীমা দিয়ে চ'লেছে……একটা গুলি লাগ্‌ল সমরের কাঁধে……ডান-হাতে সমর আঘাত চাপ্‌ল……গাড়ী পার হ'ল… সমর ফিরে তাকাল……

(৩২)

রাস্তা (৬) : সন্ধ্যা :

পুলিসের গাড়ী গরুর-গাড়ীর পেছনে থাম্‌ল।

(৩৩)

রাস্তা (৬) : সন্ধ্যা :

কাঁধ্‌ থেকে হাত নামিয়ে সমর দেখ্‌ল হাতে রক্ত।

সমর……(মিষ্ট, সহজ-কণ্ঠে)

সমীর—ভাই !

ড্রাইভার্‌……(মিষ্ট-কণ্ঠে)

সমর-দা' !

সমর……

শীগ্‌গীর চল্‌ ভাই,—বেহালায় !

তিন

১

বেহালা : মলিনার কুঁড়ে : কুঁড়ে ও রাস্তার মাঝে
ছোট্ট একটু অ-যত্নের বাগান : পূর্ব্ব-দৃশ্যের সন্ধ্যার পর :

কাঁধের ক্ষতটা ডান-হাতে চেপে, অনেকটা ছুটে ছোট্ট-গেট্ পেরিয়েই বড়-আশায় সমর ডাকৃতে-ডাকৃতে চ'ল্‌ল·· •••

সমর······(চ'ল্‌তে-চ'ল্‌তে)

মলিনা ?—মলিনা ?

উত্তর এল না······কুঁড়েতে আলোও দেখ্‌ল না····· তবুও ·· ··

সমর······(আবেগে)

মলিনা !

পাশের বাড়ীর দরজা খুলে থেলো-হুঁকো হাতে নন্দী-মশাই রকে বেরিয়ে এল।

নন্দী-মশাই··· ·

কে—মশাই ?

খোলা-দরজা দিয়ে দেখা গেল পাঁচ্-ছ'টী রোগা-রোগা ছেলে-মেয়ে খেতে ব'সেছে।

সমর······

আজ্ঞে,—আজ্ঞে আমার নাম শ্রীহরিহর চট্টোপাধ্যায়।

সমর ও সমীরের মুখে দুষ্ট হাসি খেলে গেল।

নন্দী-মশাই·····

চট্টোপাধ্যায় ?—ব্রাহ্মণ !

(নন্দী-মশাই নমস্কার ক'র্‌ল)

সমর······

দেখুন্, মলিনাদের সঙ্গে আমাদের সংসারের ছিল অত্যন্ত ঘনিষ্টতা। তা'রা এখন কোথায় ব'ল্‌তে পারেন্?

ভেতর থেকে কাঁদ্‌তে-কাঁদ্‌তে বেরিয়ে এল একটা ছোট্ট ছেলে,—তা'র পেট-জোড়া পিলে—দিগম্বর মূর্ত্তি······

খোকা······(কাঁদ্‌তে-কাঁদ্‌তে)

বাবা!

নন্দী-মশাই······(বিরক্তিতে)

আঃ!

(সমরের পানে চেয়ে) দেখুন্,

আট-দশ-বছর আগে মলিনার মারাত্মক ম্যালেরিয়া হ'য়েছিল। তারপর সে কোথায় যে গেল······

খোকা······(বাধা দিয়ে, কাঁদ্‌তে-কাঁদ্‌তে)

······বাবা, মা মাছ দেয় না!

বামা-কণ্ঠ······(ভেতর থেকে, রাগত ভাবে)

তিন্-মাস মাছের একটা আঁশও বাড়ীতে ঢোকে-নি, আবার মাছ!

নন্দী-মশাই······(দারুণ বিরক্তিতে)

আঃ!

খোকা······(আরও কেঁদে)

বাবা!

মটর-চলার শব্দ শোনা গেল:

(২)

জেলরের কোয়াটার্ : ওপরের ঘর : সন্ধ্যার পর :

আঘাত-প্রাপ্ত জেলবুকে কয়েক-জন বিছানার ওপর শোয়াল।

মমতা……(ব্যস্ততায়)

শীগ্‌গীর—জেলের ডাক্তার-বাবুকে!

(৩)

বেহালা : রাস্তার পাশেই টিনের ঘর : সন্ধ্যার পর :

মটরটা এসে থাম্‌তে না-থামতেই সমর ডাক্‌ল……

সমর……(মটরে ব'সে)

সুরো?—সুরো আছিস্?

ভেতর থেকে বামা-কণ্ঠে মড়া-কান্না উঠ্‌ল …..

ও—বাবাগো! আমার সুরো কোথায় গেল গো!

কাল্ ম্যালেরিয়া……

গাড়ী চ'ল্‌ল।

সমরের মুখ দিয়ে বড় দুঃখে একটা নিশ্বাসের সঙ্গে বেরুল……

সমর……(দীর্ঘ-নিশ্বাসে)

কাল্ ম্যালেরিয়া!

(৪)

জেলরের কোয়াটার্ : ওপরের ঘর,—'তিন (২)' : সন্ধ্যার পর :

শুশ্রূষা-রতা মমতা দরজার দিকে মুখ ফেরাল ..

মমতা……

ডাক্তার-বাবু!

কোন কথা না-ব'লে তাড়াতাড়ী জেলের বৃদ্ধ ডাক্তার বিশ্বাস তা'র সহকারী সহ রোগীর প্রতি মনোনিবেশ ক'র্‌ল।

(৩)

বেহালা : ছোট রাস্তার মোড় : ভাঙ্গা ছোট একটা একতলা বাড়ী : বাড়ীটার সাম্‌নে রক্ : রকের ওপর জমাট-বাঁধা আড্ডা—বেশীর ভাগই যুবক : সন্ধ্যার পর :

আড্ডার সাম্‌নে গাড়ীটা আস্‌তেই, গাড়ীতে ব'সেই সমর জান্‌তে চাইল……

সমর……

ব'ল্‌তে পারেন মশাই,—
এই বাড়ীতে দশ-বারো বছর আগে,
নন্দা-দেবী নামে একজন লেখিকা……

রতন……(আড্ডা-ধারী যুবক, সোৎসাহে)

……ওঃ, আপনি বুঝি তাঁ'র পুরাণো কোন বন্ধু !

সমরের ঘাড়-নাড়ার সঙ্গে-সঙ্গেই প্যান্ট্-পরা পরেশ ফস্-ক'রে ব'লে ফেল্‌ল …

পরেশ……(আড্ডা-ধারী যুবক)

* লাকী ডগ্ (Lucky Dog) !

সমরকে চট্‌বার সময় না-দিয়েই, বাব্‌ড়ী-চুলো কার্ত্তিক নব-কার্ত্তিক-রূপে অভিনয়ের ঢংয়ে হাত-মুখ-নেড়ে জাহির ক'র্‌ল……

কার্ত্তিক……(অভিনয়ের অনুকরণে)

বেহালার বড় †প্রাইড্ (pride) কি জানেন ?—
একমাত্র বেহালাই সেই সেরা অভিনেত্রীর
আদি ও অকৃত্রিম বাসস্থান !

---

* লাকী ডগ্ (Lucky Dog)—ভাগ্যবান শীতলার-বাহন।

† প্রাইড (pride)—গর্ব্ব

মানিক……(আর এক যুবক)

দেখুন্, তিরিশ্ টাকা মাইনে পেলেও

আমি একজন পাক্কা *জার্নালিষ্ট্ (Journalist) ঃ

তাজা খবরের দিকে আমার সর্ব্বদাই নজর।

(কাগজ-পেন্‌সিল্ পকেট থেকে বা'র্ ক'রে)

হাঁ,—আপনাদের পুরাণো বন্ধুত্বটা……বেশ-একটু

× লুসিড্‌লি (lucidly)…

সমর……(গাম্ভীর ভাবে)

নন্দা এখন কোথায় ?

ভট্টাচার্য্য-মশাই……(বয়ঃ-জ্যেষ্ঠ)

আরে মশাই,

আপনার নন্দা এখন আর শুধু নন্দা নয় !

এম্‌নি-ধারা ছোট-বড় হাজার সোনার-চাঁদের আকার

নষ্ট ক'রে এখন তিনি আকার যুক্তা হ'য়েছেন—এখন

তিনি আনন্দা !

যুবকের দল রেগে একসঙ্গে চিৎকার ক'র্‌ল ……

†কার্ত্তিক……(রেগে)

সাট্ আপ্ (Shut-up) !

মানিক…… (রেগে)

কন্‌সার্‌ভেটিভ্ (Conservative) !

পরেশ……(রেগে)

এয়িটিন্‌থ্-সেন্‌চুরী ফুল্ (Eighteenth-Century

Fool) !

---

*, ×, † পর-পৃষ্টার নিচে দেখুন

রতন……

আনন্দা-দেবী থাকেন,—"আনন্দা-কাননে",
গড়িয়া-হাট্ রোড্।

গাড়ী চল্বার শব্দ হ'ল।

মানিক……(ব্যস্ততায়)

মশাই—ও মশাই,
আপনাদের ‡ওল্ড্ লভ্টা (old love)……বেশ
একটু ×লুসিড্ (lucid) ক'রে……

গাড়ী চ'লে বাঁচ্ল।

(৬)

বেহালার রাস্তা : সন্ধ্যার পর :

চ'ল্তি গাড়ীতে ব'সে ভাব্তে-ভাব্তে সমরের মুখ দিয়ে বেরুল……

সমর……(রাগত বিরক্তিতে)

§ইডিয়ট্স্ (Idiots)!
ওরা জানে না নন্দা আমার কত আপন!
হুঁ!— ‡ওল্ড্ লভ্ (old love)—×লুসিড্
(lucid) ··

আস্তে-আস্তে সমর হ'ল চিন্তামগ্ন……

জার্নালিষ্ট্—খবরের-কাগজ-লেখক × লুসিড্লি—মোলায়েম ভাবে

† কার্ত্তিক……(রেগে) চোপরাও ভট্চায্!
মানিক……(রেগে) সেকেলে বীট্লে বাঁউন!
পরেশ ……(রেগে) চাল-কলার ভিখিরী!

‡ ওল্ড্ লভ্—পুরাণো প্রেম § ইডিয়ট্স্—গর্দ্দভের দল

[৭]

পূর্ব্ব-স্মৃতি

* চিন্তামগ্ন সমরের মুখের ওপর এই দৃশ্য :
একটা হল : পাশে সিঁড়ি : ভোর :
দশ-বার বছর আগে : সমর যেদিন ধরা পড়ে :

(সমর ভাবতে লাগ্‌ল দশ-বার বছর আগের কথা যেদিন সে পুলিশের কাছে ধরা পড়ে) :—

গোয়েন্দা মজুম্‌দার ও অন্যান্য পুলিশ-পাহারায় সমর সিঁড়ি দিয়ে নাম্‌ছে,—এমন সময় বাইরে থেকে বাপের সঙ্গে ছুটে এল নন্দা।

সজল-চোখে সমরের হাতের ওপর হাত রেখে, গোয়েন্দার পানে তাকিয়ে করুণ-কাতরতায়······

নন্দা······(করুণ-কাতরতায়)

'এক মিনিট !

গোয়েন্দার ঘাড়-নাড়া-সম্মতির সঙ্গে-সঙ্গেই সে সমরকে টেনে নিয়ে পাশের ঘরে ঢুক্‌ল······

(৮)

পূর্ব্ব-স্মৃতি চ'লেছে

* ঠিক 'তিন [৭]' দৃশ্যের মত ও উক্ত দৃশ্যের
সঙ্গে অবিচ্ছিন্ন : হলের পাশের ঘর :

(সমর তখনও ভাব্‌ছে সেই দশ-বার বছর আগেকার কথা) :—

হলের পাশের ঘরটায় ঢুকেই ·····

সমর······(আবেগে)

নন্দা !

নন্দার কথা ফুট্‌ল না,—সে শুধু ফোঁপাতে লাগ্‌ল······

---

* ডব্‌ল্‌-প্রিন্ট্‌ (Double-Print).

সমর……(ভেজা গলায়)

এম্‌নি ক'রে নিজে কেঁদে,

এদের সাম্‌নে আমায় কাঁদিও না, নন্দা !

লক্ষ্মীটী, — মুখ তোল — হাস !

অসম্ভবকে কি সম্ভব করা যায় ! সমরের শেষ ইচ্ছার সম্মান বজায় রাখ্‌তে, নন্দা মুখ তুল্‌ল,—হাস্‌বার চেষ্টা ক'র্‌ল,—কিন্তু ফুটল হাসির বদলে ফুঁকিয়ে কান্না !

নন্দার হাতে হাত রেখে, মাত্র একবার আদরের স্পর্শ ক'রে, সমর ফিরে চ'ল্‌ল……

……দরজা পার হবার আগেই আবেগে নন্দা ব'লে উঠ্‌ল……

নন্দা………(অত্যন্ত আবেগে)

মনে রেখো,

ফিরে এলে আমার ওপর

তোমার সব দাবী সমানই থাক্‌বে !

নিমেষে সমর ফিরে দাঁড়াল—স্ফীত চক্ষু !

……ওকি, ও কিসের কম্পন !—কিসের হিল্লোল !

নিমেষে সব লোভ সম্বরণ ক'রে সে নিজেকে টেনে বার্ ক'র্‌ল দরজার বাইরে।

[৯]

রাস্তা : রাত্ :

চ'ল্‌তি মটরে ব'সে চিন্তা-মগ্ন সমর আস্তে উচ্চারণ ক'র্‌ল··

সমর……(স্বগত)

সব দাবী সমানই থাক্‌বে !

আবার সে চিন্তা-মগ্ন হ'ল……

[১০]

পূর্ব্ব-স্মৃতি (দ্বিতীয়)

* চিন্তা-মগ্ন সমরের মুখের ওপর এই দৃশ্য :
বিচারালয় : সমরের বিচারের দিন :
দশ-বার বছর আগে : বেলা—১টা :

(সমর আরও ভাব্‌তে লাগ্‌ল পুরাণো আর একটা দিনের কথা) :—

বিচারপতি......

† The Court is now adjourned for Tiffin : and the judgement will be delivered after the Tiffin.

(প্রস্থান)

আসামী সমর ফিরে চাইতেই পাশে এসে হাজির হ'ল নন্দা। হাতে তা'র এক প্লেট্ খাবার।

নির্ব্বিকার-চিত্তে সমর সে-খাবারের সদ্ব্যবহার ক'র্‌তে লাগ্‌ল।

নন্দার মুখে এক সঙ্গে আশা ও উদ্বেগ—দুইই......

নন্দা..... (আশায়-উদ্বিগ্নে)

‡ বাবা প্রাইভেট্‌লি ল'-অফিসারের (privately, Law-Officer) ওপিনিয়ন্ (openion) নিয়েছেন : তিনি ব'লেছেন, তোমার বে-কসুর খালাস হওয়া উচিত।

---

* ডব্‌ল্-প্রিন্ট্ (Double-Print).

† বিচার-পতি.........এখন টিফিনের জন্য আধ-ঘণ্টা ছুটী। টিফিনের পর আমি রায় দেব।

‡ নন্দা................ বাবা সরকারী উকিলের মত্ জেনে এসেছেন তাঁর বাড়ীতে গিয়ে :

সমর্‌······(খেতে-খেতে হাসির শ্লেষে)

উচিত—হুঁ !

(মুখের খাবারটা গিলে নিয়ে)

আচ্ছা, আমি খালাস হ'লে তুমি কি ক'র্‌বে, নন্দা ?

নন্দা······(আবেগে ও আশার সুখে)

আমি,—আমি আর একবার তোমার সেই *ফেভারিট্ (favourite) গানটা গাইব।

সমর্‌······(সরল ভাবে)

কোন্ গানটা বলত' ?

—"পিয়া যব আওব ই মঝু গেহে······" ?

নন্দা তখন কোন্-এক কল্প-লোকের সুখ-স্মৃতিতে যেন বাহ্য-জ্ঞান-হারা !

সমর্‌······(নন্দার ওপর চোখ রেখে)

আর আজ যদি না-ফিরি, নন্দা !

নন্দা চ'ম্‌কে চাইল !

তা'রপর সাধ্যমত সংযত ভাবেই উত্তর দিল ·····

নন্দা·········(সংযত-আবেগে, সরল-সত্যতায়)

যতদিন-না তুমি ফির্‌বে,

ও-গান আমি আর কারো-কাছে কোন-সময়ে গাইব না।

চারি চক্ষের মধুর মিলন হ'ল !—

দু'টী চক্ষে সত্য-সরলতা,—আর দু'টীতে কোমল-কৃতজ্ঞতা !

---

* ফেভারিট্ (favourite) = মনের-মত

[১১]

গড়িয়া-হাট রোড্ : "আনন্দা-কানন" : রাত্ :

চল্‌তি মটরে ব'সে চিন্তা মগ্ন সমর প্রায় বাহ্য-জ্ঞান-হারা......

সমীর.........(সমরকে)

ঐ যে—"আনন্দা-কানন"।

সমর......(চ'ম্‌কে উঠে)

অঁ্যা ! — ও ঃ !

মধুর স্মৃতির আবেশের রেশে সে শুধু ফ্যাল্-ফ্যাল্ ক'রে চেয়ে রইল।

(১২)

জেলরের ঘর ;—'তিন (৪)' : রাত্ :

ডাক্তার বিশ্বাস......(চিন্তায়)

তাই-ত,—

(সহকারীকে) তুমি এক কাজ কর,

যেমন ক'রে পার ডাক্তার রায়কে খুঁজে নিয়ে এস,—*ডাক্তার রায়ই ফিজিসিয়ন্ ও সার্জ্জন্—বোথ্ Physician & Surgeon—both)।

(সহকারীর প্রস্থান

---

* একমাত্র তিনিই এই রোগীকে সারাতে সক্ষম।

(১৩)

আনন্দা-কানন : গেট্ : রাত্ :

সিট্ থেকে ওঠ্বার্ সময় সমর অনুভব ক'র্ল তা'র ক্ষতের তীব্র বেদনা। সেই বেদনা ডান হাতে চেপে, কতক সাম্‌লে, সমর গেটের সাম্‌নে এসে ডাক্ল······

সমর·········

দারোয়ান?

সমস্ত গেট্ খুল্ল না,—খুল্ল শুধু গেটের ছোট্ট একটু জানালা-বিশেষ অংশ।

সমর·········

আনন্দা-দেবীকা সাত্ মুলাকাত্···

দারোয়ান······(বাধা দিয়ে)

······মাপ্ কিজিয়ে সাহব্,
ডাগ্‌দার্ সাহব্ রহেনেসে আওর্ কিসিকা সাত্ মুলাকাত্ নেহি হোতা হ্যায়!—
—আভি ডাগ্‌দার্-সাহব্ হ্যায়।

ছোট্ট জানালা-টুকুও অভদ্র-ভাবে বন্ধ হ'য়ে গেল।

(১৪)

আনন্দা-কানন : দোতালায় নন্দার ঘর : রাত্ :

স্নেহের পরশে যন্ত্রটাকে আদরে ধ'রে, পেছন ফিরিয়ে, নন্দা একমনে শুনছে রেডিও।

পাশে দাঁড়িয়ে ডাক্তার রায়।

(রেডিওর বাণী)………(শুনছে নন্দা আর ডাক্তার রায়)

…………সমরের সঙ্গে আরও অন্ততঃ পঞ্চাশ্-জন পালিয়েছে………পুলিস এখনও তাদের খোঁজে রাস্তায়-রাস্তায়………

চাবি ঘুরিয়ে রেডিও বন্ধ ক'রে সে ফিরে দাঁড়াল।

মুখ উদ্বিগ্ন, তবু নন্দা একেবারে নিরানন্দা নয়।

নন্দা …(স্বস্তির স্বরে অথচ উদ্বেগে)

যখন পালাতে সে পেরেছে,

তখন নিশ্চয়ই সে আস্‌বে ডাক্তার রায়!

এ নিশ্চয়তা ডাক্তার রায়ের নিশ্চয়ই ভাল লাগ্‌ল না।

তবু সাধ্যমত সংযত হ'য়ে……

ডাক্তার রায়…(অনেকটা সরল ভাবে)

এলে তুমি তা'কে কি ক'র্‌বে, আনন্দা ?

নন্দা …(আবেগে)

এলে !—

এলে………সে আমাকে……আমি তা'কে……

আনন্দের আতিশর্য্যে বাক্য-হারা হ'য়ে নন্দা শুধু প্রসারিত ক'র্‌ল মধুর দু'টী মিলনী-বাহু, —

(১৩)

আনন্দা-কানন : গেট্,—'তিন (১৩)' : রাত

— সমর কিন্তু গেটের পাশে দাঁড়িয়ে শুনতে পেল শুধু দারোয়ানের রুক্ষ আওয়াজ্……

নেহি—হ'য়েগা !

(১৬)

আনন্দা-কানন : নন্দার ঘর,—'তিন (১৪)' : রাত্ :

নারীর সারা-জীবনে এমন এক-আধটা শুভ-মুহূর্ত্ত আসে, যখন তা'র মনের কোণের দুই-একটা গোপন-কথা উচ্ছ্বাসে বেরিয়ে আসে সব-সনাতন-সঙ্কোচ দূরে সরিয়ে। নন্দারও বুঝি আজ সেই শুভ-মুহূর্ত্ত !

নন্দা......(অত্যন্ত আবেগে)

দেখ্‌ছ ডাক্তার-সাহেব,
অভিনয় যেখানে নয়, আনন্দের আতিশর্য্যে সেরা অভিনেত্রীও সেখানে কেমন অনায়াসে বাক্য-হারা হয় !
কিন্তু সে চ'ল্‌বে না ! — আমার এতদিনের স্বপ্ন বিফল হ'তে দেব না !
তা'কে যে আমি কথা দিইছিলাম,—সে এলে গাইব — প্রাণ-ভ'রে গাইব !—
সুরের অভিনেত্রী শেষে কি নিজের বেলায় বেসুরো হবে !—
না-না, তুমি নিজেই একবার সমর-বাবু হ'য়ে দাঁড়াও ত' ডাক্তার, আমি আমার স্বপ্ন-সফলতার মহড়া দিয়ে নিই !

সত্যই এ-আবেগ অভিনয় নয়,—নিছক আন্তরিকতা। —

— তাই ডাক্তারের মুখময় ফুটে বেরুল এত-বেশী ঈর্ষা যা' কোন নারীরই চোখ এড়ায় না।

নন্দা……(হাসির রেখায়)

ছিঃ ডাক্তার-সাহেব, আপনি *জেলাস্ (jealous) !

ডাক্তার রায় · …(ঈর্ষান্বিত হ'য়ে)

একটা †ক্রীমিন্যালের (Criminal) ওপর
জেলাস্ হ'বার স্পৃহা আমার একদম্ নেই !

পুরুষের এ-দুর্ব্বলতায় নারী মনে-মনে হাসে, আর ভালবাসে বোধহয় সুযোগ-মত একটু খেলিয়ে নিতেও। তাই……

নন্দা……(হাসি চেপে)

আচ্ছা, অত' বড় ক্রীমিন্যাল, —
যদি সাম্‌নে এসে হাজির হয়, —আপনি কি করেন্ ?

ডাক্তারের মুখে ভাষা নেই,—কিন্তু তা'র দীপ্ত-চক্ষু আর কুঞ্চিত-অঙ্গুলি বোধহয় ইঙ্গিত ক'র্‌ল—'ক্রাস্' (crush) ক'রি—পিষে মারি !

---

* জেলাস্ = ঈর্ষান্বিত

† ক্রীমিন্যাল্ = চোর-ডাকাতের ওপর

(১৭)

আনন্দা-কানন : গেট্,—'তিন (১৫)' : রাত্ :

চলা যাও ! —

— নির্ম্মম সে-দারোয়ানের রুক্ষ-তম আওয়াজে সমর হ'ল যেন বিহ্বল।
সঙ্গে-সঙ্গে সে শুন্‌ল এক মটরের হর্ন্ — দূরে — রাস্তার মোড়ে।

সমীর……(ব্যস্ততায়)

পুলিস্—কার্ (Police—car) !

সমর……(দ্রুত হাত-নেড়ে)

*স্পিড্—আপ্ (Speed—up) !

নিজে সে পাশের গাছটায় লুকিয়ে-উঠ্‌তে লাগ্‌ল।
সমীরের গাড়ী চ'ল্‌ল।
ডাল-পাতায় লুকিয়ে সমর দেখ্‌ল,—মজুম্‌দারের গাড়ীও দ্রুত সমীরের অনুসরণ ক'র্‌ল।

(১৮)

নন্দার ঘর,—'তিন (১৬),' : রাত্ :

নন্দার স্বপ্ন-সফলতা মহড়া, — ডাক্তারের কাছে লাগ্‌ল কেমন যেন একটা আমোদ — কেমন যেন একটা নতুন ঢং……

নন্দা……(মহড়া দিতে-দিতে, ডাক্তারকে)

ঠিক্ হ'য়েছে,—
এইবার একটু মিষ্টি ক'রে আমার পানে তাকাও…

---

* স্পিড্—আপ্ (Speed—up) = জোরে চালাও

(১৯)

আনন্দা-কানন : গেটের সাম্‌নের গাছ : রাত্ :

······তাকাল সমর — নন্দার জানালার পানে।

তা'রপরে আস্তে-আস্তে পাঁচিলে পা দিয়ে, সে নাম্‌ল একেবারে নন্দার বাগানে।

অসময়ে কাঁধের ক্ষতটা অসম্ভব-রকমের বিরক্ত ক'র্‌তে লাগ্‌ল !

তবুও জোর-ক'রে সমর সাম্‌নে যেমন পা বাড়াবে, অমনি ভেসে এল স্বর···

"পিয়া যব আওব ই মঝু গেহে"

সমর চ'ম্‌কে-থ'ম্‌কে দাঁড়াল —

সে চেয়ে দেখ্‌ল ওপরের জানালার পর্‌দার পানে······

গান	ছবি
(নন্দার কণ্ঠ-স্বর)······	(সমর দেখ্‌ছে)······
"পিয়া যব আওব ই মঝু গেহে।	······পর্‌দার্'পরে ও কা'র ছায়া ?—
মঙ্গল যতহুঁ করব নিজ দেহে॥	ঐ ত' গায়িকা—ঐ ত' নন্দা !······
বেদি বনাওব হম অপন অঙ্গমে।	পাশে ও-ছায়াটা কোন্ পুরুষের ?—
ঝাড়ু করব তাহে চিকুর বিছানে"॥	ঐ বোধহয় ডাক্তার ! ···
	আনন্দ-ভরা নন্দার দু'টী সোহাগী হাত অত' যত্নে ডাক্তারের কাঁধে উঠ্‌ল কেন ? ·····
	ওকি !—ধীরে ·····অতি ধীরে······
	একটী-ওষ্ঠ আর-একটীর অত' কাছে···
	·········আরও······আরও······

······রক্ত-মাংসের সমরের মাথার-রক্ত টগ্-বগ্ ক'রে উঠ্‌ল, ফিন্‌কি দিয়ে খানিকটা সতেজে বেরুল তা'র ক্ষতের মধ্য দিয়ে,—আর তা'র আঙুল-কটা চেপে ধ'র্‌ল তা'রই রিভল্‌বার্।

(২০)

রাস্তা : রাত্ :

চ'ল্‌তি গাড়ীতে ব'সে গোয়েন্দা মজুম্‌দার তা'র এক সহকারীকে বোঝাল······

গোয়েন্দা মজুম্‌দার······(বোঝাবার স্বরে)

আরে অভিনেত্রী ত',—
তা'র ঘরে *সার্‌প্রাইজ্-ভিজিট্ (surprise-visit)
কোন দোষের নয় !—
চলো সেখানে।

(২১)

নন্দার ঘর,—'তিন (১৮)' : রাত্ :

অভিনেত্রীর চোখে-মুখে উথ্‌লে উঠেছে পিয়ার নেশা ! ডাক্তার বোধহয় যেন মন্ত্র-মুগ্ধ,—হয়ত' ভুলে ব'সেছে এটা অভিনেত্রীর সাধের মহড়া !······

······উন্মাদ সমর জানলা দিয়ে লাফিয়ে রিভল্‌বার্ উঁচিয়ে······

সমর······(রিভলবার উঁচিয়ে)

কে—এ ?

মুহূর্ত্তে নন্দা আগ্‌লে দাঁড়াল—ডাক্তারকে।

আহত সমরের সকল শক্তি এতক্ষণে লোপ পেল······সে প'ড়্‌ল······

······'সুট্'-করা আর হ'ল না।

নন্দা ও ডাক্তার—দু'জনেই দাঁড়িয়ে যেন পাথরের মূর্ত্তি !

খানিকক্ষণ পরে নন্দা একটা ছোট্ট ঢোক্ গিল্‌ল।

আস্তে-আস্তে তা'র কানে পৌঁছাল যেন দূরের কাদের চাপা কণ্ঠস্বর !

ছুটে-গিয়ে জানালার ফাঁক-দিয়ে সে উঁকি মার্‌ল......

---

* সার্‌প্রাইজ্-ভিজিট্ (surprise-visit)=হটাৎ-প্রবেশ

(২২)

নন্দার বাড়ীর গেটের ভেতর : রাত্ :

(নন্দা দেখ্‌ল)......

......সদল-বলে এগিয়ে আস্‌ছে গোয়েন্দা মজুম্‌দার।

(২৩)

নন্দার ঘর,—'তিন (২১)' : রাত্ :

ছুটে এসে নন্দা সমরের পা-দুটো ধ'রে ডাক্তারকে ডাক্‌ল......

নন্দা......(ব্যস্ততায়)

ডাক্তার—শীগ্‌গীর্ !

মন্ত্র-মুগ্ধের মত ডাক্তার এসে সমরের মাথা ধ'র্‌ল।

ধরা-ধরি ক'রে দু'জনে সমরকে বিছানায় শোয়াল......চাদর চাপা দিল......

......ডাক্তারের পকেট থেকে ছোট্ট-একটা 'ফ্লাস্‌ক্‌' বা'র্‌ ক'রে, নন্দা নিজের ও ডাক্তারের শরীরে মদ ছিটাতে লাগ্‌ল।

(২৪)

নন্দার বাড়ীর সিঁড়ি : রাত্ :

সহকারী-দ্বয় সঙ্গে নিয়ে গোয়েন্দা মজুম্‌দার সিঁড়ি দিয়ে উঠ্‌তে লাগ্‌ল। তা'রা শুন্‌তে পেল — জড়ানো-নেশার-স্বরে নন্দার গান......

"যে যাহারে ভালবাসে
সে তাহারে পায় না কেন ?"

তবুও কোন দ্বিধা না-ক'রে, মজুমদার সজোরে নন্দার ঘরের দরজা খুল্‌ল ......

(২৫)

মন্দার ঘর,—'তিন (২৩)' : রাত্ :

······দরজার আওয়াজে নন্দার গান থাম্‌ল। নেশায় সে বিভোর। ডাক্তারের কাঁধে তা'র মাথা। মাথা তুল্‌তে সে অক্ষম। তবু অভদ্রা সে নয়,—সে অভ্যর্থনা ক'র্‌ল···

নন্দা······(জড়িত-কণ্ঠে)

কে বাবা !—

এস মাইরী, — ওয়েল্‌কাম্ ইন্ (welcome in) !

চোরা-চাহনিতে একবার ডাক্তারকে বেশ ক'রে দেখে, সম্মান বাঁচিয়ে গোয়েন্দা মজুম্‌দার সহকারীদের নিয়ে ফিরে চ'ল্‌ল······

গোয়েন্দা মজুম্‌দার······(বিরক্তিতে)

চলো—চলো !

নেশার সে কি উন্মাদ হাসি ! মাতোয়ালী হাসে আর গায়, গায় আর হাসে। সারা ঘর-খানা আমোদ ক'রে হাস্‌তে-হাস্‌তে মত্তা-নন্দা ডাক্তারকে টেনে নিয়ে চ'ল্‌ল জানালার পাশে ·····

আওয়াজ ক'রে (গোয়েন্দার) গাড়ী চ'লে গেল।

সঙ্গে-সঙ্গে উবে গেল নন্দার সকল উন্মত্ততা······

নন্দা······(বিশেষ ব্যস্ততায়)

শীগ্‌গীর ডাক্তার !—শীগ্‌গীর ওকে দেখ !

ঘটনা-চক্রে প'ড়ে ইচ্ছার বিরুদ্ধেও কি-যে কখন কেমন ক'রে হ'য়ে পড়ে !—সমস্ত ব্যাপারটাতে ডাক্তারের মন রী-রী ক'র্‌তে লাগ্‌ল······

ডাক্তার··· (বিরক্তিতে)

যথেষ্ট হ'য়েছে !—আরও ক্রীমিন্যালিটিতে

—মাপ্ কর আনন্দা !

ডাক্তার ফিরে চ'ল্‌ল।

ছুটে গিয়ে নন্দা তা'র দু'টী হাত ধ'র্‌ল…

নন্দা……(করুণ অনুরোধে)

সাম্‌নে মানুষ মরে,

তা'কে বাঁচানই যে তোমার একমাত্র কর্ত্তব্য,

ডাক্তার-সাহেব !

ডাক্তার….. (ভ্রুকুটির হাসিতে)

যে ম'র্‌ছে—সেই আমাকে মার্‌তে বন্দুক উঁচিয়েছিল

—মাত্র পাঁচ মিনিট আগে !

তা' ছাড়া পলাতক ক্রীমিন্যাল্‌কে চিকিৎসা করা

বে-আইনী !

নন্দা….. (আরও করুণ অনুরোধে)

না ডাক্তার, মানুষকে বাঁচানই দেব-আইনী !

ওকে বাঁচাও, তারপর যা' খুসী ক'রো !

ডাক্তার……(ভাব্‌তে-ভাব্‌তে)

বাঁচিয়ে যা' খুসি ক'র্‌ব !

মনে-মনে সে হয়ত' আরও ভাব্‌তে লাগল,—সত্যই ত', ঘুমন্ত-বাঘ মারার চেয়ে, তা'কে জাগিয়ে শীকার করা ঢের বেশী আনন্দের !

তা'র মুখ-খানা হ'য়ে উঠ্‌ল মূর্ত্তময় ঈর্ষা !

নন্দা……(প্রায় টান্‌তে-টান্‌তে)

আর দেরী ক'রোনা, ডাক্তার রায় !

ডাক্তার রোগীর পানে ফিরে তাকাল · ···

ডাক্তার….. (আস্তে)

গাড়ী থেকে আমার অপারেসন্‌-ব্যাগ নিয়ে এস ।

নন্দা চ'ল্‌ল ।

(২৬)

জেলরের ঘর,—'তিন (১২)' : রাত্ :

ডাক্তার বিশ্বাসের সহকারী এসে খবর দি'ল……

সহকারী……

ডাক্তার রায়কে ত' খুঁজে পাওয়া যাচ্ছে না।

ডাক্তার বিশ্বাস…· (চিন্তায়)

পাওয়া যাচ্ছে না !

চট্ ক'রে মমতা ঘর ছেড়ে বেরুল।

(২৭)

নন্দার ঘর,—'তিন (২৫)' : রাত্ :

রবারের দস্তানা হাতে লাগিয়ে, আঙ্গুল্‌গুলো কুঞ্চিত-প্রসারিত ক'রে ডাক্তার রায় পরখ্ ক'র্‌ছে—ঠিক্ পরা হ'ল কি-না……

…… নন্দার নেত্র অপলক,—তা'র মনে প'ড়্‌ছে ডাক্তারের সেই মূর্ত্তি যে মূর্ত্তি যেন ব'ল্‌তে চেয়েছিল — "ক্রাস্ করি" — "পিষে মারি" (দ্রষ্টব্য,— 'তিন (১৬)' শেষের কয়েক লাইন) !

নিরুপায় নন্দা ভয়ে হ'ল একেবারে পাথর !

ডাক্তার অপারেসন্ আরম্ভ ক'র্‌ল।

(২৮)

জেলরের কোয়াটার্ : হলের পাশের ঘর,—'এক (৪)' : রাত্ :

মমতা······ (ফোনে)

······মজুম্দার-সাহেব······আউট্ (Out)?······

কোথায় ব'ল্তে পারেন্ না ?······

ফোন্ রাখ্তে-রাখ্তে তা'র একটা দীর্ঘ-নিশ্বাস প'ড়্ল।

মমতা······(ঘুরে, ঝিকে)

ঝি, ওপরের ডাক্তার-বাবুকে ব'ল্গে যা',—

আমি ডাক্তার রায়ের খোঁজে যাচ্ছি।

হু'জনেই হু'দিকে প্রায় ছুটে চ'ল্ল।

(২৯)

নন্দার ঘর,—'তিন (২৭)' : রাত্ :

অপারেস্ন্ শেষ ক'রে আস্তে-আস্তে ডাক্তার রায় তা'র যন্ত্র-পাতি তুল্ছে······

নন্দা······(ভাবনায়)

বাঁচ্বে ত' ?—

ডাক্তার····· (মুখ না-তুলেই)

নিশ্চয়ই !—

(অনেকটা স্বগত)—বাঁচিয়ে তারপর······

নন্দা····· (কৃতজ্ঞতায়)

······ডাক্তার, তোমার ঋণ······

ডাক্তার······(ভ্রুকুটির হাসি মিশিয়ে)

······হুঁ—হুঁ থাক্ !

—মনে পড়ে আনন্দা, আর একদিনের কথা······

[৩০]

পূর্ব্ব-স্মৃতি

(ছ'-বছর আগে)

কথা	ছবি
(ডাক্তারের কণ্ঠ-স্বর)……	কুঁড়েঃ ছোট-ঘরঃ সন্ধ্যাঃ
……তখন তোমার সহায় ছিল না, সম্পদ ছিল না, নাম ছিল না,—তখন তুমি দারুণ ম্যালেরিয়ায় মর-মর……	একটা কুঁড়ের ছোট ঘর। তা'র প্রত্যেক আস্‌বাবই দারিদ্রতার পূর্ণ-পরিচায়ক। ছেঁড়া মাদুরের ওপর, আরও ছেঁড়া একখানা কাঁথা গায়ে দিয়ে রোগিনী নন্দা,—পাশে—ডাক্তার রায়। ও-পাশের প্রদীপটা জ্বল্‌ছে……… ……না-নিব্‌ছে ! নন্দা……(আবেগে) ডাক্তার-সাহেব, আমায় বাঁচান ! আমি বাঁচ্‌তে চাই,—আমি বাঁচ্‌তে চাই !

(৩১)

নন্দার ঘর,—'তিন (২৯)' ঃ রাত্‌ ঃ

ডাক্তার রায়……(নন্দার দিকে চেয়ে)

……কেন-যে তুমি অত' বাঁচ্‌তে চেয়েছিলে—

— সেদিন-বুঝিনি, —

(সমরের পানে চেয়ে)—আজ বুঝ্‌লাম !

[৩২]

পূর্ব্ব-স্মৃতি (দ্বিতীয়)

(ছ'-বছর আগে)

কথা	ছবি
(ডাক্তারের কণ্ঠস্বর)······	কুঁড়ে : ছোট ঘর,—'তিন [৩০]' :
······হাঁ,—শেষে আমার অক্লান্ত পরিশ্রমের পর যখন তুমি সেরে উঠ্‌লে·········	উক্ত-দৃশ্যের কয়েক দিন পর এক সকালে :
	নন্দা সেরে উঠেছে।
	তা'হ'লেও—এখনও অনেকটা দুর্ব্বল। দেওয়ালে ঠেস্ দিয়ে দাঁড়িয়ে সলজ্জ ভাবে আঁচলটা খুঁট্‌তে যেন নন্দা ব্যস্ত,—ডাক্তার নিচেয় ব'সে নিজেরই হাতের ওপর হেলান দিয়ে, স্থির দৃষ্টিতে নন্দাকেই দেখ্‌ছে ·······
	নন্দা·········(কৃতজ্ঞতায়)
	ডাক্তার-সাহেব, আপনার কাছে আমি চির-ঋণী হ'য়ে থাক্‌লাম্।

[৩৩]

নন্দার ঘর,—'তিন [৩১]' ঃ রাত্ ঃ

ডাক্তার……(দীর্ঘ-নিশ্বাসে)

……তা'রপর আজ ছ'-বছর ধ'রে তোমার পেছনে

ছায়ার মত……

নন্দা……(সজল-চোখে, আবেগে)

আচ্ছা,

একমাত্র দেহ-দান-করা বাদে,

পুরুষের কাছে মেয়েদের ঋণ শোধ কর্‌বার্

আর কি কোন পন্থাই নেই !

মাত্র একবার নন্দার পানে দৃষ্টি-পাত্ ক'রে, দরজার দিকে এগিয়ে যেতে-যেতে, ডাক্তার আবার ফিরে ব'ল্‌লে……

ডাক্তার……

তা'র চেয়ে ঢের্ বড় সম্মান

তোমায় আমি দিতে চেয়েছিলাম, আনন্দা !—

—আমি তোমায় বিয়ে ক'র্‌তে চেয়েছিলাম ।

সে ফিরে চ'ল্‌ল ।

নন্দা……(এগিয়ে এসে, আবেগে)

শোন ডাক্তার,—কোথায় যা'চ্ছ ?

ঠিক দরজার কাছে আর একবার ফিরে ডাক্তার উত্তর দিলে……

ডাক্তার……

সামান্য একটু কাজ সেরে,

যা'ব একবার……থানায়……

(প্রস্থান)

নন্দা দাঁড়াল যেন পাষাণ-মূর্ত্তি !

ধীরে-ধীরে তা'র শরীরের মধ্যে দেখা দিল মৃদু-কম্পন ! শেষে·· ···

নন্দা······(করুণ-কণ্ঠে)

ডাক্তার !

জানালার ধারে ছুটে গিয়ে আরও করুণ-আবেগে সে আবার ডাক্‌ল······

নন্দা······(অত্যন্ত করুণ-কণ্ঠে)

ডাক্তার !!

সে শুন্‌ল শুধু গাড়ী-চলার শব্দ ।

তা'র চোখ-ফেটে প'ড়্‌ল শুধু টাট্‌কা গরম জল !

(৩৪)

রাস্তা : রাত :

মন্থর-গতিতে ডাক্তার রায়ের গাড়ী চ'লেছে ।

(৩৫)

নন্দার ঘর,—'তিন [৩৩]' : রাত্ :

নন্দা এখনও ঠিক তেম্‌নি-ভাবেই দাঁড়িয়ে,—ঠিক্ তেমনি-ভাবেই বইছে তা'র নয়নের ধারা ।

আস্তে-আস্তে সে একবার তাকাল সমরের পানে ।

আরও আস্তে সে এল সমরের কাছে ।

স্থির-দৃষ্টিতে মন-প্রাণ-দিয়ে, সে সমরকে দেখার-সুখ অনুভব ক'র্‌তে চাইল ।

কিন্তু বাদ্ সাধ্‌ল, তার নিজেরই নয়নের শ্রাবন-ধারা ।

বোধহয় এই শেষ-শুভ-মুহূর্ত্ত-টুকু একেবারে বৃথাই চ'লে যায়—এ তা'র মনের ইচ্ছা নয় ।

তাই সমরের পাশে সে ব'স্‌তে গেল । কিন্তু পরক্ষণেই সে চ'ম্‌কে উঠে-প'ড়্‌ল,······কাপড় শুঁকে নাক সিঁট্‌কাল, · ···আল্‌মারী থেকে বা'র্ ক'র্‌ল একখান্ গরদের সাড়ী······

(৩৬)

রাস্তা : রাত্ :

গাড়ী চ'লেছে······ডাক্তার ভাব্ছে······

কানে-কানে যেন সে শুন্ছে নন্দার সেই করুণ-কোমল স্বর······

ডাক্তার !

ডাক্তার......(ড্রাইভার্-কে)

ঐ * পেসেণ্টের (Patient) বাড়ীর সাম্নে একবার থামাও।

(৩৭)

নন্দার ঘর,—'তিন (৩৬)' : রাত্ :

শুধু গরদের কাপড় নয়,—নন্দার চোখের যুগ্ম-মুক্তা-ধারার ওপরে চমৎকার মানাল কপালের ছোট্ট-তিলকটী।

পাশ থেকে "দেব-সেবা" নামক একখানা ছবি সে তুলে নিল,—মিলিয়ে দেখ্বার জন্যে সেবাদাসীর তিলক আর তা'র তিলক অভিন্ন কি-না।

ধূপ জ্বেলে ধূপ-দানটা যেমন সে সেবাদাসীর অনুকরণে হাতে ক'রেছে, অম্নি শুন্‌ল গেটের কাছে কা'র মটরের শব্দ।

ডাক্তার কি তবে ফির্‌ল !—

আশা-উদ্বিগ্নে ছুটে সে জানলার কাছে গিয়ে দেখে···

(৩৮)

নন্দার গেট্—ভেতর : রাত্ :

(নন্দা দেখ্‌ল)······

গোয়েন্দা মজুম্দারের গাড়ী......হর্‌ন্ বাজ্‌ল······

* পেসেণ্ট্ (Patient)=রোগী।

(৩৯)

নন্দার ঘর,—'তিন (৩৭)' : রাত্ :

······প'ড়্ল ধূপ-দান নন্দার হাত থেকে !

বিহ্বল হ'য়ে সে থম্‌কে দাঁড়িয়েই রইল !

সেখান থেকেই আর একবার সে তাকাল সমরের পানে······একটা দীর্ঘ-নিশ্বাস দীর্ঘ-তম হ'য়ে প'ড়্ল !

সে শুন্‌ল দরজার বাইরে থেকে ঝিয়ের ডাক······

মা, নিচে গোয়েন্দা মজুম্‌দার-সাহেব।

কি বিশেষ কাজ ······

নন্দা······(তাড়াতাড়ী চোখ মুছে)

······বলো, এখনই আস্‌ছে।

শেষবার সে সমরকে সাম্‌না-সাম্‌নি দেখার লোভ সম্বরণ ক'র্‌তে পার্‌ল না। দস্তুরমত সংগ্রাম ক'রে, সে সমস্ত আবেগ দাবিয়ে রাখ্‌তে চাইল। কিন্তু সে পরাজিত হ'ল,—কান্না কুঁকিয়ে উঠ্‌ল !

মাতোয়ালীর মত টল্‌মল্ ক'র্‌তে-ক'র্‌তে, সে নিজেকে দরজার বাইরে নিয়ে গেল······

(৪০)

নন্দার সিঁড়ি : রাত্ :

······সিঁড়িতে নাম্‌তে না-নাম্‌তেই নন্দা বুঝ্‌ল,—অশ্রুর-প্লাবন আজ তা'র অবাধ্য,—শির-ঘুর্ণন আজ যেন তাণ্ডবে !

তবুও সে রেলিং ধ'রে-ধ'রেই নিচের দিকে নাম্‌ল······

(৪১)

নন্দার নিচের হল : রাত্ :

অত্যন্ত উদ্বিগ্নে মজুম্‌দার ও মমতা সিঁড়ির পানে তাকিয়ে র'য়েছে······

গোয়েন্দা মজুমদার······(ধীরে-ধীরে নন্দাকে সিঁড়িতে নামতে দেখে)

দেখুন্, ডাক্তার রায় কোথায় ব'ল্‌তে পারেন্ ?

— তাঁ'কে বিশেষ দরকার !

নন্দার অশ্রু আবার উথ্‌লে উঠ্‌ল।

কিন্তু এ-অশ্রু দুঃখের নয় আনন্দের ! —এত আনন্দের যে নন্দা গোয়েন্দার কথার উত্তর দিতেই ভুলে গেল······সে শুধু রেলিংটা আঁকড়ে ধ'রে রইল।

মমতা······(একটু এগিয়ে এসে)

দেখুন্, আমার বাবার অসুখ বড় সিরিয়াস্ !

ডাক্তার রায় কোথায় গেছেন্

কিছু-কি ব'লে যা'ন্-নি ?

নন্দা······(অতি আস্তে ও সাধ্যমত মিষ্টতায়)

বোধহয় থানায় গেছেন্।

মমতা······

ধন্যবাদ !—

অসময়ে আপনকে বিরক্ত ক'র্‌লাম !—

আপনি বোধহয় পূজো ক'র্‌ছিলেন ?

নন্দা····· (একটু মিষ্ট হাসি মিশিয়ে)

হাঁ !—

আমার দেব-সেবা !

(মমতারা চ'ল্‌ল)

আপনার শেষ কথাটায় আপনিই বিভোর হ'য়ে, নন্দা দাঁড়িয়ে রইল পাথরের মূর্ত্তির মত,—শুধু তা'র কম্পিত ঠোঁটের পেছনে আধ-ফোটা হাসির রেখা,—শুধু তা'র প্রসারিত পল্লবের নিচে উজল-মুক্তা-ধারা,—শুধু তা'র মনোহর কপালের অন্তরে কোন-এক আপন-করা কল্পনা !

চার

১

রাস্তা,—'তিন (৩৬)' : পূর্ব্ব দৃশ্যের রাত্ :

গাড়ী চ'ল্‌তে আরম্ভ ক'র্‌ল⋯ ⋯

ডাক্তার রায়⋯ ⋯ (ড্রাইভার্‌কে)

থানা !⋯⋯

⋯⋯অম্‌নি যেন মনে বাজ্‌ল নন্দার সেই করুণ-কাতর স্বর⋯⋯

ডাক্তার !

(২)

অন্য রাস্তা : রাত্ :

গাড়ী সজোরে চ'লেছে। তবুও⋯⋯

গোয়েন্দা মজুম্‌দার⋯⋯(ড্রাইভার্‌কে)

থানা,— জ'ল্‌দি !

গাড়ী আরও জ'ল্‌দি চ'ল্‌ল।

(৩)

থানার সাম্‌নে : রাত্ :

থানার কাছে গাড়ী থাম্‌তেই ডাক্তার রায় যেমন সিট্ থেকে উঠ্‌বে, অম্‌নি যেন আবার শুন্‌ল নন্দার সেই করুণ স্বর⋯⋯

ডাক্তার !

তবুও ডাক্তার গাড়ী থেকে নাম্‌ল, থানার পানে পা বাড়াল।

ডাক্তারের পায়ের প্রত্যেক ধাপে শব্দ হয়······

মচ্············মচ্·········মচ্·········

ডাক্তার !······ডাক্তার !!···ডাক্তার !!!—

—সঙ্গে-সঙ্গে নন্দা যেন কাত্‌রায় ! সে-কাত্‌রানী পর্য্যায়-ক্রমে করুণ হ'তে করুণ-তর !

ডাক্তার থাম্‌ল। একটা সিগারেট্ মুখে দিল। ফিরে এসে ড্রাইভারের কাছে সিগারেট্ জ্বালাল, টান দিল, ভাব্‌তে লাগ্‌ল।

(৪)

রাস্তা : রাত্ :

পুরো জোরে গাড়ী চ'লেছে।

গোয়েন্দা মজুম্‌দার······(মমতাকে)

একবার যখন সে বেরিয়েছে,

তা'কে ফের্ ধরা খুবই শক্ত !—তবে, আমার মনে হয়,

তাড়া-করার সময় সে আহত হ'য়েছে।

মমতা কেমন একটু চম্‌কাল !

(৫)

থানার সাম্‌নে : রাত্ :

সমস্ত ভাব্‌না শেষ ক'রে ডাক্তার এবার সত্যি-সত্যিই চ'লেছে থানায়··· ·· পৈঠেতে পা বাড়িয়েছে······পেছনে একটা মটরের ব্রেকের জোর্-আওয়াজ আর গোয়েন্দা মজুম্‌দারের ডাক্······

ডাক্তায় রায় ?

ডাক্তার রায় ফিরে চাইতে না-চাইতেই ছুটে এল মমতা, গোয়েন্দা মজুম্‌দার ও তা'র সহকারী······

গোয়েন্দা মজুম্‌দার······(ব্যস্ততায়)

Jailor Mr. Sen······seriously wounded

······আপনি kindly এখনই······

মমতা······(অলঙ্ঘনীয় অনুরোধে)

······প্লিজ্ (Please) !—

(ডাক্তারকে যেন উত্তর দেবার অবসর না-দিয়েই)

আসুন, আপনার কারে (car) যেতে-যেতে

† আমি কেস্‌টা (case) ন্যারেট্ (narrate) ক'র্‌ব।

তা'রা গাড়ীর দিকে এগিয়ে চ'ল্‌ল।

কি-ভেবে গোয়েন্দা ডাক্‌ল······

গোয়েন্দা মজুম্‌দার······(মমতাকে

মমতা ?

(মমতা কাছে আস্‌তেই, আস্তে—ডাক্তারের অলক্ষ্যে)

তুমি আমার গাড়ীতে যাও !

মমতা······

একবার ব'লেছি ত' কাকাবাবু,

যা'র বাপ মরণ-বাঁচন অবস্থায়,

তা'র এসব তুচ্ছ ব্যাপারে কোন দোষ হয় না।

সে ছুটে চ'ল্‌ল।

---

* গোয়েন্দা মজুম্‌দার······(ব্যস্ততায়)

জেলর সেন-সাহেব······দারুণ আহত······আপনি দয়া-ক'রে এখনই···

† সমস্ত ব্যাপারটা বুঝিয়ে ব'ল্‌ব

গোয়েন্দা মজুম্‌দার মমতার পানে তাকিয়ে রইল্।

গাড়ী চলার শব্দ হ'ল······

গোয়েন্দা মজুম্‌দার······(স্বগত কিম্বা সহকারীকে ঠিক্ বোঝা গেল না)

মেয়েটী যেমন পিতৃ-ভক্ত,

তেম্‌নি স্মার্ট্ (smart) ও ফর্‌ওয়ার্ড্!

(৬)

চ'ল্‌তি মটরে : রাত্ :

মমতা······ (ডাক্তার রায়কে)

† একেবারে মিলিটারীর (Military) মত

অর্‌গানাইজ্‌ড্ ওয়েতে (organised way)

এ্যাটাক্ (attack)······

ডাক্তার······

লীডার (Leader) কে ?

মমতা······

সমর সিংহ।

ডাক্তার······(চন্-মন্ ক'রে)

সমর সিংহ!

---

* স্মার্ট্ ও ফর্‌ওয়ার্ড্ (smart & forward)=চালাক্-চতুর্

†মমতা······

ওঃ, তা'দের আক্রমণ কর্‌বার কায়দাটা একেবারে দস্তুর-মত সৈনিকদেরই মত।

ডাক্তার······

সর্দ্দার কে ?

মমতা……(ডাক্তারকে চন্‌-মন্‌ ক'র্‌তে দেখে)

আপনি তা'কে চেনেন্‌ নাকি ?

ডাক্তার……(মমতার প্রশ্ন যেন ইচ্ছে ক'রেই এড়িয়ে)

পেসেণ্ট্‌ (Patient) বুঝি আপনার বাবা ?

মমতা……(ছল্‌ ছল্‌ চোখে)

ছেলে-বেলায় মা মর্‌বার পর, তিনি হ'লেন্‌

তাঁ'র এই একমাত্র মেয়েটীর মা ও বাপ্‌—দুইই !

ডাক্তার……

আপনার বাবা বুঝি খুব †সফ্‌ট্‌ (soft) ?

মমতা……

না,—

জেলর-হিসাবে তিনি একেবারে ‡ হার্ড্‌-বয়েল্‌ড্‌,

কিন্তু বাবা-হিসাবে সত্যই তিনি সফ্‌ট্‌ (soft) :

এমন-কি পিতৃ-স্নেহ অনেক-সময়

† অফিসিয়াল্‌-ডিউটীর্‌ও(official duty) ওপরে উঠেছে !

চোখ-দু'টী তা'র জলে ভ'রে উঠ্‌ল !—

অত্যন্ত আবেগে সে আরও ব'ল্‌ল……

মমতা……(ভেজা-চোখে, অত্যন্ত আবেগে)

বাঁচান্‌, আপনি বাবাকে বাঁচান্‌ ডাক্তার-সাহেব !

ডাক্তার তা'র পানে ফিরে তাকাল।

---

* পেসেণ্ট্‌ (Patient)=রোগী † সফ্‌ট্‌ (soft)=স্নেহ-ময়

‡ হার্ড-বয়েল্‌ড্‌ (hard-boiled)=পাষাণ

† অফিসিয়াল্‌ ডিউটীরও (official duty) = জেলরের সব কর্ত্তব্যেরও

[৭]

জেলরের ঘর,—'তিন (২৩)' : রাত্ :

ডাক্তার রায় ফিরে তাকিয়ে······অপারেসন্-সাজে প্রস্তুত······একপাশে ডাক্তার বিশ্বাস ও সহকারী, অন্যপাশে মমতা······

ডাক্তার রায়······(মমতাকে)

আপনি এখন একটু নিচের ঘরে······

মমতার প্রস্থান।

ডাক্তার রায় অপারেসন্ আরম্ভ ক'র্‌ল।

(৮)

নন্দার ঘর,—'তিন (৩৯)' : রাত্ :

"দেব-সেবা" ছবির দেবতাটীর পানে সজল-চোখে নন্দা চেয়েই র'য়েছে।

(৯)

জেলরের কোয়াটার্ : হলের পাশের ঘর,—'এক (৪)' : রাত্ :

সজল-চোখে মমতা অত্যন্ত-উদ্বিগ্নে পায়চারী ক'র্‌ছে।

(১০)

জেলরের ঘর,—'চার (৭)' : রাত্ :

ডাক্তার রায় একমনে অপারেসন্ ক'র্‌ছে।

(১১)

জেলরের কোয়াটার্ : হলের পাশের ঘর,—'চার (৯)' : রাত্ :

পরিশ্রান্ত হ'য়ে মমতা ব'স্‌ল চেয়ারে (সেই চেয়ারটায় যেটায় সে ব'সেছিল সমরের কাছে,—'এক (৪)' দৃশ্যে)।

আস্তে-আস্তে তা'র মাথাটা নুইয়ে প'ড়্‌ল টেব্‌ল্‌টার ওপরে।

(১২)

নন্দার ঘর,—'চার (৮)' : রাত্ :

দেবতার পায়ে চিবুক রেখে নন্দা সজল-চোখে আবেদন ক'রল······

নন্দা······(সজল চোখে আবেদন)

ঠাকুর !

(১৩)

জেলরের কোয়াটার্ : হলের পাশের ঘর,—'চার (১১)' : রাত্ :

টেব্‌লের ওপর মাথা রেখে সজল-চোখে মমতা আবেদন ক'রল······

মমতা······(সজল-চোখে আবেদন)

ঠাকুর !

(১৪)

জেলরের ঘর,—'চার (১০)' : রাত্ :

ডাক্তার রায় অপারেস্‌নে মগ্ন।

(১৫)

নন্দার ঘর,—'চার (১২)' : রাত্ :

সমরের পাশে ব'সে নন্দা আস্তে-আস্তে পাখার-বাতাস ক'রছে, আর তন্ময় হ'য়ে কি-যেন ভাব্‌ছে।

(১৬)

জেলরের কোয়াটার্ : হলের পাশের ঘর,—'চার (১৩)' : রাত্ :

আধ-ঘুম-ঘোরে মমতা স্বপ্ন দেখ্ছে……

(১৭)

মমতার স্বপ্ন

§ (মমতার মুখের ওপর এই ছবি)

'এক (৪)' দৃশ্য দ্রষ্টব্য : দিন :

(মমতা স্বপ্ন দেখ্ছে)……

সমর……

সুঁদুরে কেউটে কখনও পোষ্ মানে না !
—সে সুযোগ পেলেই পালায় !!

মমতা……

খেলাতে যে জানে,
সে কেউটেকে আবার ফিরিয়ে আনে !……

(১৮)

জেলরের কোয়াটার্ : হলের পাশের ঘর,—'চার (১৬)' : রাত্ :

মমতা……(আধ-চেতনায়)

……ফিরিয়ে এনে মধুর শাস্তি দেয় !

(১৯)

নন্দার ঘর,—'চার (১৫)' : রাত্ :

ভাবে-বিভোরা নন্দার মনে প'ড়্ছে পুরাণো একদিনের কথা······

[২০]

নন্দার পুরাণো স্মৃতি

§ (নন্দার মুখের ওপর এই ছবি)

নন্দাদের পুরাণো বাড়ীর একটা ঘর : দশ-বার বছর আগে : সন্ধ্যা :

(নন্দার মনে প'ড়্ছে)······

সমর······(পিঠে বোঁচ্কা, মুখে হাসি)

চল্লাম্ !

লেখিকা-নন্দার কাছে যেন আজ লেখাটাই হ'য়ে উঠ্ল সমরের চেয়েও বড় !
—সে ফিরেও তাকাল না।

সমর······(হাসি মিশিয়ে)

কি, কথা ব'ল্ছ না যে বড় ?

নন্দা······(গাম্ভীর্য্যে)

ভাব্ছি, আরও কতদিন
এম্নি লক্ষ্মী-ছাড়া হ'য়ে থাক্বে !?

সমর······(সহাস্যে)

অন্ততঃ যতদিন-না কোন-একটি অভাগী লক্ষ্মী
বেশ-কায়েমী-ভাবে আমাকে ছাড়া-না-কর্বার জন্য
মনস্থ করে !

উচ্চ-হাস্যে ঘর-খানা আমোদ ক'রে, বিনা দ্বিধায়, বিনা সঙ্কোচে, সে চমৎকার
চ'লে গেল !

[২১]

নন্দার-ঘর,—'চার (১৯)' : রাত্ :

নন্দা······(যেন আধ-চেতনায়)

অসুখ সার্লে এবার আর ছেড়ে যেতে দেব না !

(২২)

জেলরের কোয়াটার্ ঃ হলের পাশের ঘর,—'চার [১৮]' ঃ রাত্ ঃ

মমতা আরও এক স্বপ্ন দেখ্ছে······

[২৩]

মমতার দ্বিতীয় স্বপ্ন

§ (মমতার মুখের ওপর এই ছবি)

'দুই (৩১)' দৃশ্য দ্রষ্টব্য ঃ সন্ধ্যার পর ঃ

(মমতা স্বপ্ন দেখ্ছে)······

গোয়েন্দা মজুম্দারের গাড়ী সমরের গাড়ীর কাছা-কাছি······গুলি চ'ল্ছে ······ সাম্নে গরুর গাড়ী······

গোয়েন্দা মজুম্দার··· ··(ড্রাইভারকে)

†স্পীড্—আপ্ (Speed—up) !

—ছেড়ে যেতে দিও না !······

[২৪]

জেলরের কোয়াটার্ ঃ হলের পাশের ঘর,—'চার (২২)' ঃ রাত্ ঃ

মমতা······(আধ-চেতনায়)

······আর ছেড়ে যেতে দেব না !

[২৫]

মমতার দ্বিতীয় স্বপ্নই চ'ল্ছে

§ (মমতার মুখের ওপর এই ছবি)

'দুই (৩১)' দৃশ্য দ্রষ্টব্য ঃ সন্ধ্যার পর ঃ

(মমতা আবার স্বপ্ন দেখ্ছে)······

গোয়েন্দা মজুম্দার গুলি ক'র্ল··· সমর আহত হ'ল······

---

† স্পীড্—আপ্ (Speed—up) = জোর্সে—চালাও

[২৬]

জেলরের কোয়াটার্ : হলের পাশের ঘর,—'চার [২৪]' : রাত্ :

আধ-চেতনায় মমতা কাত্রে উ'ঠ্ল……

মমতা……(কাতরতায়)

বাঁচান্ !—ডাক্তার-সাহেব বাঁচান্ !!

ডাক্তার রায়……(ছুটে এসে, ব্যস্ততায়)

মিস্ সেন ?—মিস্ সেন

মমতা মাথা তুল্ল। পূর্ণ-চেতনা তখনও তা'র ফেরেনি……

মমতা…… (কাতরতায়)

বাঁচান্, ডাক্তার সাহেব !

ডাক্তার……(আশ্বাস দিয়ে)

নিশ্চয়ই !—আপনার বাবা বাঁচ্বেন্ !

মমতা……

বাঁচ্বে !—বাবা !—

ওঃ, — হাঁ……

(ভাল ক'রে চোখ মুছে, পূর্ণ-জ্ঞানে)

ডাক্তার-সাহেব, আপনার ঋণ……

ডাক্তারের উচ্চ-হাস্য মমতাকে বাধা দিল।

মমতা ডাক্তারের পানে তাকাল ……

ডাক্তার……(হেসে)

আচ্ছা, আপনারা সব-মেয়েরা কি একই ধাতুতে গড়া !—

(মমতা ফ্যাল্-ফ্যাল্ ক'রে তাকিয়ে রইল)

দরকারের সময়, মিষ্টি কথায়, ডাক্তারকে তুষ্টি,—তা'রপর যে যা'র আপন-কল্পনার মূর্ত্তি নিয়ে আপনাতে বিভোর !

(২৭)

নন্দার ঘর,—'চার [২১]' : রাত্ :

নন্দা আবার মধুর কল্পনায় বিভোরা……

তা'র চোখের জল এখনও শুকোয়-নি, তবু যেন মুখে কেমন-একটা মিষ্টি হাসির রেখা……

[২৮]

নন্দার কল্পনা

§ (নন্দার মুখের ওপর এই ছবি)

কল্প-লোক : সৌন্দর্য্য-ঘেরা : বসন্ত কাল :

পত্র-পুষ্প-সাজে ফাগুন-সোহাগী নন্দা……যেন উছলিত যৌবন-মদিরা…… পেলব-পাদ-ক্ষেপে নৃত্য-বিভোরা …… ভুবন-মন-মোহিনী মৃদু-হাস্যে মধুর-সঙ্গীত-মুগ্ধা……

নন্দার গান

('পিয়া যব আওব'—শেষ কলিদ্বয়)

"দিশি দিশি আনব কামিনি ঠাট।
চৌদিগে পসারব চাঁদক হাট॥
বিদ্যাপতি কহ পূরব আশ।
দুই এক পলকে মিলব তুয় পাশ॥"

[২৯]

নন্দার ঘর,—'চার (২৭)' : রাত্ :

নন্দার সুখ-কল্পনার সকল-সোহাগী-সুর নিমেষে বেসুরো ক'রে থামাল সমর······

সমর······(ক্ষীণ করুণ স্বরে)

উঃ !—জল ?

(নন্দার হাত স্পর্শ ক'রে)

মলিনা ?—তা'হ'লে আমি বাঁচ্ব !

নন্দা······(আগ্রহে)

আমি নন্দা। —একটু জল দেব ?

সমর······(মুখ বেঁকিয়ে)

নাঃ, — থাক্ !

(পাশ ফির্ল)

নন্দার চোখ-জুড়ে এল ভাদুরে-বান······বুক-জোড়া দুঃখ কেঁদে বাঁচ্তে চাইল······হাতের পাখাটাও অপমানে মাটী কাম্ড়ে প'ড়্ল !

পাঁচ

১

নন্দার ঘর : তিন দিন পরে, সকাল :

অভিমান যেন ত্যাগ ক'রে হাতের-পাখাটা আবার হাতেই উঠ্‌ল।

কিন্তু এ কা'র্ হাত ?—নন্দার ত' নয় ! নন্দারই জায়গায় ঠিক নন্দারই মত সেবা-রতা কে ঐ মেয়েটা,—কাল, রোগা, ম্যালেরিয়া-গ্রস্তা ?

কালো মেয়েটার মুখের আরও কালো উদ্বেগের-মেঘ স'রে-গিয়ে আস্তে-আস্তে কেমন হাসির-আলো ফুট্‌ছে ! তা'র দু'টো চোখ অত' এক-হ'য়ে ও-কা'কে দেখ্‌ছে ?……ক্লান্তি-হীন পাখাটাও হঠাৎ কর্ত্তব্য-ভুলে কি-দেখে থ'ম্‌কে চেয়েই রইল ?……

……ওঃ, তিন দিন পরে এই প্রথম রোগী সমর চেতনা লাভ ক'র্‌ছে।

সমর……(মিটি-মিটি চেয়ে, হাসির-রেখায়)

মলিনা ?

মলিনা……(আনন্দে)

সমর-দা' !

শুধু এই-টুকুতেই আবার আহ্লাদে-আটখানা হ'য়ে পাখাটা কর্ত্তব্যে মন দিল। মলিনার বাঁ-হাতের আঙুল-কটা নিয়ে সমর নীরবে খেল্‌তে লাগ্‌ল। বেশ খানিক-ক্ষণ পরে……

সমর……(স্বচ্ছ আনন্দে)

এলি কি ক'রে রে ?

মলিনা……(পাশে তাকিয়ে)

ঐ পেত্নীটা আনিয়েছে !

পেত্নীটাকে দেখ্‌বার আশায় সমর পাশে চাইল ! তা'র চাহনিতে ভ'রে উঠ্‌ল কৃতজ্ঞতা !—

—এ কৃতজ্ঞতা আজ নন্দার কাছে এক অভিনব সান্ত্বনা। তাই সেও চোখ ফেরাতে পার্‌ছিল না। সঙ্গোপনের এই দুর্ব্বলতাটুকু ঢাক্‌বার জন্যে সে জোর-ক'রে মলিনার ওপর অযথা চিৎকার সুরু ক'র্‌ল······

নন্দা······(মলিনাকে, চিৎকারে)

আচ্ছা, তিন-দিন তিন-রাত্

এমনি একই-ভাবে নির্জ্জলা ব'সে······

মলিনা······(বাধা দিয়ে)

······চুপ্ কর্ !—

পোড়ারমুখী, শাঁক্‌চুন্নী, রাক্ষসী, পেত্নী······

নন্দার নির্ম্মল উচ্চ-হাস্যে বাধা না-পেলে, এম্‌নি-ধারা আরও অনেক উপ-দেবী মলিনার মুখ-দিয়ে বেরিয়ে নন্দারই ঘাড়ে চাপ্‌ত' !

মলিনা······(ভেংচে)

হা-হা ক'রে কি যে হাসিস্,

—আমার গা' জ্বালা করে !

ব'লি, ঘর-সাজানো শেষ হ'য়েছে ?

এ-বয়সেও এত' আপন-করা গাল্ দেবার মত বান্ধবী যা'র আছে—সে কি সুখী না-হ'য়ে পারে,—তা'র কি না-হেসে উপায় আছে !

নন্দা······(সহাস্যে)

ঐ ত', দেখ্‌না।

মলিনা······(হাসি চেপে)

আ-মর্ !—

ব'ল্‌লাম্-না

বাঘের-বাচ্ছাটা সমরদা'র সাম্‌নে রাখ্‌তে !

নন্দা······(বাঘের বাচ্ছাটা রাখ্‌তে-রাখ্‌তে, হাসি-মিশিয়ে)

বাবা—বাবা !—

রোগীর সেবা ক'র্‌তে এম্‌নি-ধারা ঘর-সাজানো ত'

কোন ডাক্তারী-শাস্ত্রে······

মলিনা······(ধমক্‌ দিয়ে)

চুপ্‌ কর্‌ !—

তোদের ডাক্তারী-শাস্ত্র জানে কি ?—

—বাসি-উনুনের ছাই, আর আমার মাথা !

আরে বাপু, রোগ দেহের হয় না—হয় মনের। তাই

রোগীর সেবা ক'র্‌তে গেলে, রোগীর মন যা' চায়······

সমর······(দুষ্টু মির হাসি মিশিয়ে)

······রোগীর মন যদি

বেশ-পেঁয়াজ-দেওয়া খিচুড়ী চায় !?

সবারই সম্মিলিত উচ্চ-হাস্যে সারা ঘর-খানা নির্ম্মল আনন্দ-ময় হ'য়ে উঠ্‌ল···

মলিনা······(হাসির শেষে, মিষ্টি হেসে)

তা' হ'লে, মিষ্টি হেসে, আশ্বাস দিয়ে, শুশ্রূষাকারিণী

ব'ল্‌বে······

······"বেশত', ফোন্‌ ক'রে

পেল্লিটী-সাহেবকে খিচুড়ীর অর্ডার দেব'খন !"

আবার সবারই তেম্‌নি আনন্দ-হাস্য।

হাসির শেষে, সমর আস্তে-আস্তে মলিনার-সাজানো ঘর-খানি দেখ্‌তে লাগ্‌ল। একটা ছবির পানে তাকিয়ে……

সমর……(জিজ্ঞাসা ক'র্‌ল)

ওটা কি ছবি-রে, মলিনা ?

মলিনা……

ওটা —ওটা অরি-সূদন শ্রীকৃষ্ণ বীর অর্জ্জুনের দুর্ব্বলতা দেখে ব'ল্‌ছে……

……"ওঠ পুরুষ,

দুর্ব্বলতা তোমায় সাজে না !"

বলার-মধ্যে মলিনার কেমন-একটা আবেগ এসেছিল। সমর সেটা লক্ষ্য ক'র্‌ল। তাই তাড়া-তাড়ি সেটাকে চাপা দেবার চেষ্টায়……

মলিনা……(নন্দার পানে অনুরোধের চাহনিতে)

সংস্কৃত লাইন-দু'টো নন্দা কাল চমৎকার ব'ল্‌ছিল !

নন্দা……(দস্তুর-মত আপত্তিতে)

আঃ !

সমরের দুর্ব্বল চোখ-দু'টো ক্লান্ত হ'য়ে বুঁজে বিরাম নিল।

মলিনা……(নন্দার আপত্তি আমল না-দিয়ে, মিষ্ট-অনুরোধে)

বল্‌না ভাই,—লক্ষ্মীটী, বোনটী, সইটী !

পরিত্রাণ পাবার আশায়, সমরকে দেখিয়ে সলজ্জ-নন্দা নীরব-ইসারায় প্রাণ-পণ অনুরোধে যেন জানাতে চাইল,—ছিঃ, ওঁর সাম্‌নে !

মলিনা……(কিছুমাত্র ভ্রুক্ষেপ না-ক'রে, চিৎকার ক'র্ল)

আহা-হা, মরি-মরি !—

সাত্-রাজ্জি লোকের মাঝে নেচে-কুদে

অভিনয় ক'র্তে পারেন, আর সমর-দা'র সাম্নে……

সমর……(চোখ না-চেয়ে, হাসি মিশিয়ে)

……তা'-ছাড়া, আতুরে নিয়মো নাস্তি !

সবাই হাস্‌ল,—নন্দাও।

নন্দার হাসিতে বুঝি একটু আভাষ পাওয়া গেল, সে যেন নিম্-রাজী ! তাই, আর একটুও সময় না-দিয়ে মলিনা একেবারে মেয়েলী টেক্কা-তুরুপ্ ক'র্ল……

মলিনা……(নন্দার পানে চেয়ে)

যে না-ব'ল্‌বে, সে আমার মরা-মুখ দেখ্‌বে !

নন্দা মাত্র-একবার সখির পানে চাইল,—সে-চাহনি-মাখা ভালবাসার ভয় !— পরক্ষণেই সে ছবির পানে চাইল……আস্তে-আস্তে……

নন্দা……(আবৃত্তিতে)

"ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ নৈতৎ ত্বয়্যুপপদ্যতে।

ক্ষুদ্রং হৃদয়-দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ ॥"

নন্দার উচ্ছ্বাস সমরকে মুগ্ধ ক'র্ল। স্বয়ং শ্রীকৃষ্ণ কি তা'রই দুর্ব্বলতা ইঙ্গিত ক'র্ল !

একটু উঁচু হ'য়ে পেছনে সে বালিশ হাত্ড়াতে লাগ্ল। মলিনা বালিশটা ঠিক-ক'রে দিল।

হেলান-দিয়ে ব'সে সে বাঘের বাচ্ছাটার পানে তাকাল……

সমর……(বাঘের বাচ্ছাকে)

বাঃ !—

আয়-আয়, আয়-আয় !

(২)

জেলরের ঘর : সকাল :

গোয়েন্দা মজুম্‌দার……(আদরে)

আয়,—আয় বেটী আয় !

গোয়েন্দার পাশে রোগীর-চেয়ারে ব'সে জেলর। মমতা কাছে এল,—তা'র মুখখানা আজ গম্ভীর।

গোয়েন্দা মজুম্‌দার……(সস্নেহে)

রোগী ত' বেশ সেরে উঠ্‌ল,

তবে তুই অত' মন-মরা হ'য়ে কেন, মা ?

মমতা……(গাম্ভীর্য্য বজায় রেখে)

কাকাবাবু, *রাফিয়ান্‌গুলো (ruffians) ধরা প'ড়্‌ল ?

গোয়েন্দা মজুম্‌দার……

কা'রা ?—সমরের দল ?

আশ্চর্য্য, মোড়ে-মোড়ে †স্পাই (spy) মোতায়েম্ ক'র্‌লাম, অথচ একান্নো-জন ‡কাল্‌প্রিটের (culprit) একটীরও †ট্রেস্ (trace) পর্য্যন্ত পাওয়া গেল না !

---

* রাফিয়ান্ (ruffian)=দুর্বৃত্ত † স্পাই (spy)=গুপ্তচর

‡ কাল্‌প্রিটের (culprit)=অপরাধীর

† ট্রেস্ (trace) পর্য্যন্ত পাওয়া গেল না=ছায়াও দেখা গেল না।

মমতা······(সামান্য একটু হাসি মিশিয়ে)

† আপনিই ত' বলেন্,

ওদের ডিসিপ্লিন্ (decipline) শ্রেষ্ঠ মিলিটারীর মত,

ওদের সান্‌ক্‌টিটি (sanctity) মিলিটারীর চেয়েও

মহৎ !

গোয়েন্দা মজুম্‌দার·····

সে কথা সত্যি।

মমতা······

তা' যদি সত্যি হয় কাকাবাবু, তা' হ'লে

আপনাদের ‡ওল্‌ড্ ট্যাক্‌টিক্‌স্‌য়ে (old tactics)

কোনই কাজ হবে না।

গোয়েন্দা মজুম্‌দার······(হেসে জেলরের দিকে চেয়ে)

এই—রে, বেটী দেখ্‌ছি

কাকাবাবুর চাক্‌রীর-চেয়ারটা কেড়ে নেয় !

(উভয়ের উচ্চ হাস্য)

---

† মমতা······(সামান্য একটু হাসি মিশিয়ে)

আপনিই ত' বলেন্,

ওদের শৃঙ্খলা দস্তুরমত সৈনিকদেরই মত,

ওদের কর্ত্তব্যে নিষ্ঠা সৈনিকদের চেয়েও

মহৎ !

‡ ওল্‌ড্ ট্যাক্‌টিক্‌স্ (old tactics)=পুরাণো ফন্দী

মমতা……(কিছু-মাত্র না-দ'মে)

* না—কাকাবাবু।

আমি শুধু চাই, যা'রা আমার বাবার

লাইফ্ অ্যাটেম্প্ট্ (life attempt) ক'রেছে

তা'দের ধ'রে এনে শাস্তি দিতে……

……অবশ্য আপনার †অ্যাসিস্ট্যান্ট্ (Assistant)

হ'য়ে।

গোয়েন্দা ও জেলরের সম্মিলিত উচ্চ-হাস্য।

গোয়েন্দা মজুম্দার……(হাস্তে-হাস্তে)

তুই! — ধ'রে আন্বি সমরের দল !!

(আবার উচ্চ-হাস্য)

আরে বেটী, আমাদের এ দেশটা রাশিয়া নয়!

আর আমাদের ইংরেজদেরও রাশিয়া-প্রীতি

এখনও এত' বেশী হয়নি যে মেয়েদেরও স্পাই……

(উচ্চ-তম হাস্য)

---

* মমতা……(কিছু-মাত্র না-দ'মে)

না—কাকাবাবু,

আমি শুধু চাই, যা'রা আমার বাবাকে

প্রাণে মার্তে চেয়েছিল,

তা'দের ধ'রে এনে শাস্তি দিতে……

……অবশ্য আপনার সহকারিণী হ'য়ে,

(৩)

নন্দার ঘর : দু'-দিন পরে :

সমর আজ সোজা হ'য়েই ব'সেছে। তা'র কোলে বাঘের বাচ্ছাটা বেশ আদরেই র'য়েছে।

কাছে টেব্‌ল্‌টায় ঠেস্ দিয়ে দাঁড়িয়ে নন্দা, তা'র মুখ-খানি আরক্ত, চোখ-দু'টী নিচু······

সমর······(ক্ষমা চাইবার মত নরম শান্ত স্বরে)

······তোমার কাছে যে কত রকমে কত ঋণী !

লজ্জিত নন্দার মুখে একটীও কথা নেই। শুধু তা'র কম্পিত হাত-খানি অলক্ষ্যে ড্রয়ার্-খুলে স্পর্শ ক'র্‌ল সমরের রিভল্‌বার্‌টা।

সমর······

সেদিনকার পাগ্‌লামীতে আমার নিজেরই লজ্জা হয় !

—আমায় ক্ষমা ক'রো······তোমরা দু'-জনেই······

নন্দা······(কান্নার স্বরে)

······এত অপমান করার চেয়ে,

সেদিন যা' ক'র্‌তে এসেছিলে —

(রিভল্‌বার্‌টা সাম্‌নে বাড়িয়ে ধ'রে)—তা'ই করো !

মলিনা······(ঘরে ঢুক্‌তে-ঢুক্‌তে, চিৎকার)

বেল্লিক—বেহায়া !—

একটু চোখের আড়াল হ'ইছি

আর গুজ্-গুজ্ ফুস্-ফুস্ !

নন্দা······(পালাতে-পালাতে, সলজ্জ হেসে, দাঁতে-দাঁত্ চেপে)

তুই মর্ !—রাতে ১০৫ ডিক্রি জ্বর হ'য়েছে,

আবার চেঁচিয়ে জ্বর বাড়িয়ে মর্ !

(প্রস্থান)

সমর……(মলিনার পানে করুণ-ভাবে চেয়ে)

১০৫ ডিক্রি ?!

মলিনা……(হেসে-ওড়াবার চেষ্টায়)

ওঃ—কিছু না।

সমর……(করুণ-বেদনায়)

কিছু না!

মলিনা……(ম্লান হেসে)

ম্যালেরিয়া আমার সঙ্গের সাথী,—
আমার যে বিয়ে-না-করা বর!

সমর……(না-হেসে)

হুঁ! — তাইত' ক্রমেই আমি
ম্যালেরিয়ার ওপর জেলাস্ হ'য়ে উঠ্ছি!

মলিনা……(হাসি মুখে)

বাংলার ম্যালেরিয়া
তোমার জেলাসিকে ভয় করে না, সমরদা'!

সমর……(একটু হেসে)

*ক্রাক্-সট্ (Crack-shot) সমর সিংহের লক্ষ্য
কখনও ব্যর্থ হয় না রে, মলিনা!

সেজে-গুজে ঘরে পা দিয়েই নন্দা চ'মকে সমরের মুখের পানে চাইল।

মলিনা……(চেঁচিয়ে)

এই যে পটের-বিবি,—
—ব'লি, সেজে-গুজে চ'লেছ কোথায়?

নন্দা……

ডাক্তারের কাছে।

---

* ক্রাক্-সট্ (Crack-shot)=বন্দুকে অব্যর্থ-সন্ধানী

মলিনা……(নিজ-মূর্ত্তি ধ'রে)

মর্-মর্, সামান্য একটু জ্বর হ'য়েছে তা'……

নন্দা …… (বাধা দিয়ে)

……ব'য়ে গেছে তোর্ জন্যে ডাক্তারের কাছে যেতে !

সমর……(মুখ নিচু, চোখের-তারা ওপরে, ভ্রু কুঞ্চিত)

তবে ?!

নন্দা……(দুষ্টামীর হাসি মিশিয়ে, সমরের চোখে চোখ রেখে)

অনেকদিন পর

একটু জয়্-রাইড্ (Joy-Ride) ক'র্‌তে !

সমর……(একটু হেসে, বাঘের বাচ্ছাটাকে টেনে নিয়ে, দস্তুর-মত হাসি-মাখা অভিনয়ে)

অভিনেত্রী, আনন্দাময়ী !

তুচ্ছ মৃত্যু-ভয় দেখাও কাহারে ?!

জানো-না কি, বাংলার বীর

প্রিয়া-পার্শ্ব-হ'তে ছুটে চ'লে যায়

ব্যাঘ্র-বীর্য সনে ক'রিবারে ক্রীড়া !

সম্মিলিত উচ্চ-হাস্যের মধ্যে আনন্দাময়ী অভিনেত্রী ঘাড় নিচু ক'রে দস্তুর-মত তারিফ্ ক'র্‌ল……

নন্দা……(ঘাড় বেশ নিচু করে, হাসি মিশিয়ে)

বহুত্ আচ্ছা, শ্রেষ্ঠ-নট !

সে চ'ল্‌ল—

মুখে তা'র হাসি,—

পেছনে ওদের হাসি, আর মলিনার চিৎকার……

পেলা দিয়ে যা'—

তোর্ হারটা পেলা দিয়ে যা', নেমক্-হারাম্ !

(৪)

জেলরের ঘর,—'পাচ্ (২)' : দিনের বেলা :

চায়ের টেব্‌লের পাশে ব'সে, মমতার কথা-গুলো আজ গোয়েন্দা মজুম্‌দার বেশ মনোযোগ দিয়েই শুন্‌ছে। পাশে রোগীর-চেয়ারে ব'সে জেলর সেন।

মমতা……(উৎসাহে)

……আর এ কথাও বোধহয় সত্যি,
আপনার অফিসে এমন লোক আছে,
যা'রা প্রত্যেক *ইন্‌ফর্‌মেস্‌ন্‌টা তা'দের দেয় ?

গোয়েন্দা মজুম্‌দার……(সরল স্বীকার-উক্তি)

সে কথা সত্যি।

মমতা……(আরও উৎসাহে)

তা' যদি সত্যি হয়, আর তা'দের দলকে শীগ্‌গীর †এ্যারেষ্ট্ (arrest) কর্‌বার্ যদি দরকার হয়,— তা'হ'লে আপনাকে খুব প্রাইভেট্‌লি (privately) একটা ‡নন্-অফিসিয়াল্-অর্‌গানিজেস্‌ন্ (Non-Official-Organisation) ক'র্‌তে হবে।

গোয়েন্দা মজুম্‌দার……(বিস্ময়ে)

নন্-অফিসিয়াল্-অর্‌গানিজেস্‌ন্ !—তা'রা ক'র্‌বে কি ?

মমতা……(দৃঢ়তায়)

তা'রাই ত' সত্যিকারের † প্লান্ (plan)
ক্যারি-আউট্ (carry-out) ক'র্‌বে।

---

* ইন্‌ফর্‌মেসন্ (information)=খবর

† এ্যারেষ্ট্ (arrest)=ধরা

‡ সঙ্গোপনের সহকারী-দল

† কাজের কাজ ক'র্‌বে

গোয়েন্দা মজুম্‌দার……(উৎসুক হ'য়ে)

তোর্ সত্যিকারের প্লান্‌টা যে কি,
তাইত' আমি বুঝ্‌তে চাইছি, মা ?

মমতা……(একটুও দ্বিধা না ক'রে)

মনে ক'রুন্ সে-দিন আপনি ব'ল্‌ছিলেন,
—খুব-সম্ভব সমর †উন্‌ডেড্ (wounded) হ'য়েছে।
তা'হলে তা'কে নিশ্চয়ই একজন ডাক্তার চিকিৎসা
ক'রেছে। খুব-সম্ভব সে-ডাক্তার তা'র দলের লোক!
সুতরাং খুব চালাক……

গোয়েন্দা মজুম্‌দার……(ঔৎসুক্য-হেতু বাধা দিয়ে)

……কিন্তু চালাক ডাক্তারের কাছ থেকে
*ইন্‌ফর্‌মেস্‌ন্ আদায় ক'র্‌তে, আমার একজন
†পুরুষ-এ্যাসিস্‌টান্‌টের চেয়ে তোর্ মত একজন
মেয়ে যে কিসে বেশী ‡কম্‌পিটেন্‌ট্……

মমতা……(বিনা-দ্বিধায় ও দৃঢ়তায়)

……দেখুন্, বেশীর ভাগ সময়ে
× সিক্‌রেট্ ইন্‌ফর্‌মেস্‌ন্ (secret information)
বেরিয়ে পড়ে অবান্তর কথার মধ্য দিয়ে।
আর চালাক লোকও অবান্তর হ'য়ে পড়ে
এক-জায়গায়……শুধু …মেয়েদের সাম্‌নে।

---

† আহত * খবর
† পুরুষ-সহকারী
‡ উপযুক্ত × গুপ্ত-কথা

গোয়েন্দা মজুম্‌দার……(জেলরের পানে চেয়ে)

†She talks sense, Sen !

জেলর সেন……(একটু হেসে)

তাইত' তোমায় শুন্‌তে ব'ল্‌লাম্‌।

গোয়েন্দা মজুম্‌দার……(মমতাকে)

হাঁ—তা'রপর ?

মমতা……(একটু চিন্তায় অথচ বিশ্বাসে)

খুব-সম্ভব সমরের মত লোক

*প্রটেক্‌সন্‌ (protection) নেবে কোন মেয়ের……

গোয়েন্দা মজুম্‌দার……(বিস্ময়ে)

……মেয়ের !?

মমতা……(পূর্ণ বিশ্বাসে ও সত্য-বলার জোরে)

তা'র কারণ,—

মেয়েরাই প্রটেক্‌সন্‌ দিতে জানে মন-প্রাণ-দিয়ে।

বিশেষতঃ, তেম্‌নি-ধারা মেয়ের সঙ্গে

সমরের আলাপ আছে—আমি জানি……

গোয়েন্দা মজুম্‌দার……(অত্যন্ত বিস্ময়ে)

……তুই জানিস্‌ !?

মমতা……(অত্যন্ত দৃঢ়তায়)

হাঁ কাকাবাবু, আমি জানি।

---

† ওহে সেন, মমতা কথা-গুলো ব'ল্‌ছে বেশ।

* আড্ডা-আস্তানা

গোয়েন্দা মজুম্‌দার······(জেলরকে)

† Very interesting !—She seems to be an intelligent criminologist !

জেলর সেন······(আহ্লাদে)

* আমার মেয়ে,—
ক্রীমিনোলজি ওর ব্লাডে (blood) মিশে আছে !
আর আমায় ফুল্‌লি কন্‌ভিন্‌স্‌ড্‌ (fully convinced)
ক'রেছে ব'লেই ত' তোমায় অত' রেকমেন্‌ড্‌ ক'র্‌ছি ।

গোয়েন্দা মজুম্‌দার···· (মমতাকে, বড় আদরে)

কিন্তু এত ‡রিস্‌ক্‌য়ে (risk) পা বাড়াবী কেন, মা ?

মমতা······

ব'লেছি ত' কাকাবাবু,
† ক্রীমিনোলজি আমার স্পেসাল্‌-ষ্টাডি ।
তা'-ছাড়া বাবার লাইফ্‌ যা'রা এ্যাটেম্‌প্‌ট্‌ ক'রেছে,
তা'দের শাস্তি-দেওয়াই হবে আমার একমাত্র আনন্দ ।

গোয়েন্দা মজুম্‌দার······(আদরে মমতাকে কাছে টেনে-নিয়ে)

হুঁ !—
(একটু চিন্তার পরে) আচ্ছা মা,
তো'কে × চান্‌স্‌ (chance) দেওয়ার চেষ্টা ক'র্‌ব ।

আনন্দের আতিশর্য্যে, সবিনয়ে মমতা প্রণাম ক'র্‌ল ।

---

† ওহে সেন, মমতা কথা-গুলো ব'ল্‌ছে বেশ !

* জেলর······আমার মেয়ে,—দুর্ব্বৃত্ত-বিজ্ঞান ওর রক্ত-মাংসে মিশে আছে ! আর আমায় চমৎকার বুঝিয়েছে ব'লেই ত' তোমায় ভেবে দেখ্‌তে ব'ল্‌ছি !

‡ বিপদে † দুর্ব্বৃত্ত-বিজ্ঞান প'ড়্‌তে আমার খুব-ভাল লাগে × সুযোগ

(৫)

'নন্দার ঘর—'পাঁচ (৩)' ঃ কয়েক দিন পর বৈকাল-বেলা ঃ

তর্কের আতিশর্য্যে, মলিনা ভুলে গেছে তা'র জ্বর এখনও সম্পূর্ণ ছাড়েনি। হাতের ওপর মাথাটা উঁচু ক'রে বিছনায় সে অর্দ্ধশায়িতা।

নন্দা একটা চেয়ারে ব'সে একমনে সেলাই ক'র্‌তেই ব্যস্ত।

সমর······(পায়চারী ক'র্‌তে-ক'র্‌তে)

কিছুমাত্র বিনয় না-ক'রে যদি বল্‌বার্‌ সাহস দিস্‌,
তবে আমি ব'ল্‌তে বাধ্য—
ঐ অহিংসা দলই হিংসার স্থল!
নইলে অহিংসা-কৃপান—
—অত' শানিত হ'য়ে উদ্ধত হ'ত না
নবীন ভারতের সুভাষ-খারেকে দাবিয়ে রাখ্‌তে,—
—অত' তীব্র হ'য়ে ধাবিত হ'ত না
মানব-চক্ষে মানবেন্দ্র-প্রিন্‌সিপ্‌ল্‌কে
হেয় প্রতিপন্ন ক'র্‌তে,
—অত' লক্‌-ল'কে হ'য়ে কস্‌রৎ ক'র্‌ত না
বাংলার বীরদের বঙ্গোপসাগরে ডুবিয়ে দিতে!

মলিনা······(ব্যস্ততায়)

কিন্তু বাংলা দেশই ত'······

সমর········ (আবেগে-ব্যথায় বাধা দিয়ে)

······একি কম দুঃখের কথা,
আজ কর্ম্মী-সাভার্‌কার্‌কে কর্ম্ম-হারা হ'য়ে
'হিঁদু-হিঁদু' ক'রে চেঁচিয়ে ম'র্‌তে হয়!—
বল্‌ত' মলিনা, এর-জন্যে দায়ী কে?

মলিনা……(সমরের প্রশ্ন এড়িয়ে)

ব’ল্‌ছিলাম্,—বাংলাদেশই ত’ প্রথম তাঁকে মহাত্মা……

সমর……(আবেগের আতিশয্যে বাধা দিয়ে)

……হাঁ, পরাধীন দেশে দেশ-মাতৃকার পূজা যা’র একমাত্র সাধনা, সেই বাংলার চক্ষে মহাত্মা।
কিন্তু অন্য কোন সাধনা
যখন সেই সাধনার চেয়ে বড় হ’য়ে দাঁড়ায়,
তখন মহাত্মা হ’য়ে পড়ে দেশের-পক্ষে দুরাত্মা!

মলিনা……(কম্পিত-স্বরে)

সমর-দা’, অহিংসায় তাঁ’র নিষ্ঠা কারোর চেয়ে……

সমর……(যুক্তির জয়ের বিশ্বাসে একটু হেসে)

……বিশ্ব-ভ্রাতৃত্বের নিষ্ঠায় ইস্‌লাম্ কারোর চেয়ে কম নয়। কিন্তু ব’ল্‌তে পারিস্,—
——একজন নিষ্ঠাবান মুসল্‌মান্ যখন বলে,
ইস্‌লাম্ প্রথম তা’রপরে দেশ,—
——আর একজন নিষ্ঠাবান হিন্দু যখন বলে,
অহিংসা প্রথম তা’রপরে দেশ,—
—এ-দু’টোর মধ্যে প্রভেদ কোথায়!?

সত্যিকারের স্বদেশ প্রেমিক ত’ সেই, যে পরকালও বিসর্জ্জন দিয়ে, ললাটে গর্ব্বে ধারণ ক’রে শুধু দেশ-মাতৃকার বলির-রক্ত-তিলক:——এ যা’দের অনুভূতি, তর্ক নয়, সমর তা’দেরই দলের একজন।

তাই তর্ক-ছেড়ে মলিনা আন্তরিকতার আশ্রয় নিল………

মলিনা ..(কতক নরম-স্বরে অথচ অত্যন্ত আন্তরিকতায়)

তবুও সমর-দা', দেশের বর্ত্তমান লীডার যখন চান্......অহিংসা......

সমর.... (হেসে)

সুতরাং আমাদেরও নামাবলী গায়ে দিয়ে শ্রীবৈষ্ণবে-নমঃ ব'ল্‌তে হবে !

(আরও হেসে) আর তা' ব'ল্‌বার মত দুর্ভাগ্য যদি কোন-দিন হয়, তবে মান্‌ব স্বয়ং গৌরাঙ্গকেই,— যা'র নামের লালসা নেই, পদবীর আকাঙ্খা নেই, (ঠেস্ দিয়ে আবার হেসে) বুড়ো-দল জীয়ে-রাখার দৈন্য নেই !

মলিনা.........(তবুও আন্তরিকতায়)

অন্ততঃ কিছু-দিনের জন্য জীব-হত্যা ছেড়ে......

সমর.........(উচ্চ-হাস্যে)

জীব-হত্যা ছাড়া মানুষ বাঁচ্‌তে পারে-না—রে, —অন্ততঃ সেইটেই আধুনিক সায়েন্‌স্ !— চলায়-ফেরায় ওঠায়-বসায় আমরা হাজার কীটাণু বধ......

......কথা তা'র হটাৎ হ'ল বন্ধ। জানালার ফাঁক দিয়ে সেই-যে একবার বাইরে তাকাল, আর সে চোখ ফেরাল না, — পলক-হীন হ'য়ে চেয়েই রইল......

শোনা গেল নন্দার কণ্ঠস্বর ...

হাই তুল্‌ছিস্ !—মিছি-মিছি বাজে তর্ক ক'রে জ্বরের ওপর জ্বর ডেকে-আ'না !—

(৬)

নন্দার (ওপরের ঘর থেকে নিচে) গেটের ওপাশে রাস্তা : বৈকাল :

ছবি	কথা
(ওপরের জান্‌লার ফাঁক দিয়ে সমর অপলক নেত্রে দেখ্‌ছে)······	(নন্দার কণ্ঠ-স্বর)······ —দেখি, তোর্ গা দেখি !
দূরে, নিচে, গেটের ওপাশে রাস্তায় দাঁড়াল গোয়েন্দা মজুম্‌দারের গাড়ী।	(মলিনার কণ্ঠ-স্বর)······ খবর্‌দার্ পেত্নী, নোংরা কাপড়ে আমায় ছুঁস্‌নি ব'ল্‌ছি !
গাড়ীতে ব'সে মমতা। গাড়ী থেকে নেমে, গোয়েন্দা মজুম্‌দার মমতাকে কি-যেন ব'লে চ'লে গেল······	(নন্দার কণ্ঠ-স্বর)······ ছোঁবে—নাঃ ! আমার মাথা যে একেবারে খেতে ব'সেছিস্ !

(৭)

নন্দার ঘর,—'পাচ (৫)' : বৈকাল :

মলিনার কপালে চিবুক রেখে, নন্দা অনুভব ক'র্‌ছে তা'র জ্বর।

বাইরে,—নিচে—মটরের হর্‌ন্ বাজ্‌ল।

ছুটে গিয়ে জান্‌লা দিয়ে উঁকি-মেরে একবার দেখে

নন্দা ঘর ছেড়ে, বেরিয়ে গেল !

সমর ঠিক তেমনি-ভাবেই তাকিয়ে রইল বাইরের দিকে······

মলিনা······(সমরের পানে চেয়ে-চেয়ে দেখে)

অমন-ক'রে কা'কে দেখ্‌ছ, সমর-দা' ?

সমর......(চোখ না-ফিরিয়ে, হাসি-মিশিয়ে)

মনে হ'চ্ছে যেন, আমার জন্ম-জন্মান্তরের
কোন-এক পথ-হারা প্রেয়সী !

মলিনা......

মেয়েটী কি তোমার দলের ?

সমর......(ফিরে চেয়ে)

উঁহুঁ, বোধহয় বে-দলের।

(৮)

নন্দার নিচের হল-ঘর : বৈকাল :

নন্দা...... (সৌজন্যে)

আমায় মাপ্ ক'র্‌বেন্,—
কাল-বিকেলে আমার বিশেষ একটা কাজ......

মমতা......(সৌজন্যে)

......সে আমি শুন্‌ব না।—
আমাদের টি-পার্টিতে আপনার আসা চাই।
(জিজ্ঞাসার স্বরে) আচ্ছা, ডাক্তার রায়ের বাড়ীটা ঠিক্ কোথায়...

নন্দা......

......চ'লুন্-না, আমিও ত' সেখানে যাব।

মমতা......(তীক্ষ্ণ দৃষ্টিতে)

কেন, আপনার বাড়ীতে কি কা'রোর অসুখ...... ?

নন্দা......(একটু আম্‌তা-আম্‌তা ক'র্‌ল)

অসুখ,......হাঁ......না !

মমতা নন্দার পানে তাকিয়ে রইল।

(৯)

নন্দার ঘর,—'পাঁচ (৭)' : প্রায়-সন্ধ্যা :

মলিনা……(মিষ্টি-হেসে)

হাত্-গুণে ব'ল্‌তে পার সমর-দা',

তোমার কত'-জন প্রেয়সী ?

সমর……(একটু বেশী রকমেরই ঘাড়-নেড়ে)

হুঁ !—

(মলিনার পানে আঙুল দেখিয়ে)

এক !

(নন্দা যেখান-দিয়ে গেল, সেই দর্‌জা দেখিয়ে)

দুই !

(মমতাকে যেখান-দিয়ে দেখা গেল, সেই জান্‌লা দেখিয়ে)

তিন্—থুড়ি, আড়াই !!

সঙ্গে-সঙ্গে সমর নিজের আঙুলটা বেঁকিয়ে অর্দ্ধেক-ক'রে দেখাল !

মলিনা ত' হেসেই খুন !

অত' হাসির ওপরেও সমর মলিনাকে আরও হাসাতে লাগ্‌ল……

সমর……(মলিনার পানে আবার আঙ্গুল দেখিয়ে)

তারা !

(নন্দা যেখান-দিয়ে গেল, সেই দর্‌জা দেখিয়ে)

মুদারা !

(মমতকে যেখান-দিয়ে দেখা গেল, সেই জান্‌লা দেখিয়ে)

উদারা !

হাসির-চোটে কাল' মলিনা বেগ্‌নে হ'য়ে উঠ্‌ল !

সমর......(যেন মল্লিনাথ হ'য়ে ঘাড়-নেড়ে)

তারা —অর্থাৎ আস্‌মানের !

মলিনা······(অতিরিক্ত-হাসির জন্য পরিশ্রান্ত হ'য়ে ও নিজের ভাগ্য-ভেবে কেমন যেন করুণ হ'য়ে)

না —সমর-দা',—আমি বোধহয় ম্যালেরিয়ার !—নইলে······!!!

ছোট্ট 'নইলে'-কথাটার বুক-চিরে এক ব্যথার নিশ্বাস বোঝাতে চাইল—

— 'নইলে', মুদারা-উদারার সাধ্য কি,······?

— 'নইলে', আজ নারীর সেরা-সার্থকতা গর্ব্বের সিঁথির-সিঁদুর····· !

নির্ব্বাক-ভাষা-উদ্ভাসিত সেই-মুখ-খানির পানে সমবেদনার-সমর চেয়েই রইল······

সমর······(ছোট্ট-একটা নিশ্বাস ফেলে)

আজ দুঃখ হয়, — ডাক্তারী-পড়াটা শেষ-ক'রে এ্যারেস্‌টেড্‌ (arrested) হ'লাম-না কেন !

মলিনা······(সমবেদনায়)

ইচ্ছে থাক্‌লে ক'দিন প'ড়্‌তে লাগে, সমর-দা' ? (আন্তরিকভায়) তুমি যোদ্ধা, —

ম্যালেরিয়া-দানবের সঙ্গে যোঝা তোমারই কাজ ! (ভাবে) সত্যই, তা'হ'লে আমার মত কত'-অভাগী,— যা'দের কল্পনা ছিল আনন্দের, আশা ছিল······

সমর······(ফস্‌ ক'রে, মলিনার মলিনতা তাড়িয়ে)

······আস্‌মানের !

দু'জনেই আবার হাস্‌ল।

মলিনা··· (হেসে)

আর, তুই — থুড়ি, দেড়-জন
জমীনের হ'ল কেন সমর-দা' ?

সমর · (আবার যেন মল্লিনাথ হ'য়ে, ঘাড়-নেড়ে)

কারণ, ওরা মুদারা উদারা,—
—অর্থাৎ শেষটায় তুইই দারা !

আবার মলিনার উচ্চ নির্ম্মল হাস্য।

নন্দা ঘরে ঢুক্‌ল,—তা'র মুখেও যেন চাপা-হাসি !

মলিনা······(চাপা-হাসিতে নন্দাকে ইঙ্গিত ক'রে সমরকে ব'ল্‌ল)

দারার ওপর দাবীর দেরী ক'র্‌লে
তুনিয়ায় ঠ'ক্‌তে হয় !······

সমর···· ·(ফস্ ক'রে, ঠেস্-দেওয়া-হাসি চেপে)

······বিশেষতঃ ডাক্তারদের যুগে !

নন্দা······(মলিনাকে, ঠেস্-দেওয়া-হাসি মিশিয়ে)

আচ্ছা গো, আস্‌মানের তারা !—
(যেন ভাবে) তোমার স্বর্গীয় সুখের মাঝে······

(উচ্চ-হাস্য)

মলিনা······(চিৎকারে)

ওরে হতচ্ছাড়ী, আড়ি পেতে······

নন্দা······(হেসে)

······এই আমি আড়ি ক'রে দিয়ে চ'ল্লুম্ !

মলিনা……(নন্দার যা'বার কথা শুনে হাসি থামিয়ে)

কোথায় ?

সমর ···· (ফস্ ক'রে, নন্দার ঢং ও স্বর অনুকরণে)

ডাক্তারের কাছে !

(মলিনার উচ্চ-হাস্য)

নন্দা……(ভ্রুকুটি ক'রে, সমরের পানে চেয়ে)

আচ্ছা !—

(অযথা জোর দিয়ে) যা'বোই ত' !

সত্যই সে চ'ল্‌ল ! কিন্তু কয়েক পা এগুতে না'-এগুতে ফিরে দাঁড়াল · ···

নন্দা ·····(আপন-করা মিষ্ট অনুরোধে, সমরকে)

দেখ,

তোমার জন্যে নিজের হাতে আমি খিচুড়ী রেঁধেছি—

এসে কিন্তু খাওয়াব—

মলিনা……(ঠাট্টায়, ঠেস্ দিয়ে)

—পাখার বাতাস ক'র্‌তে-ক'র্‌তে !

—মাথা-খাও, আর-একটু-খাও ব'ল্‌তে-ব'ল্‌তে !

মলিনার হাসির কাছে নন্দার ভ্রুকুটি হ'য়ে-প'ড়্‌ল ম্লান।

তবুও পরাজয়ের মাঝে বিজয়ী-হাসি মুখে মাখিয়ে নন্দা আনন্দে চ'লে গেল।

তখন মলিনা সমরকে দেখে আর হাসে,—

সমরও মলিনার হাসি দেখে আর হাসে।

বাইরে মটর-চলার শব্দ হ'ল।

নিমেষে সব-হাসি নিঃশেষ ক'রে সমর ছুটে গিয়ে জান্‌লা দিয়ে উঁকি মার্‌ল……

(৯০)

নন্দার ওপরের ঘর থেকে নিচের গেট্ : সন্ধ্যা :

(সমর দেখ্‌ছে)……

নন্দা ও মমতা মটরে ক'রে গেট্ পেরিয়ে চ'ল্‌ল।

(১১)

নন্দার ঘর,—পাঁচ (৯) : সন্ধ্যা :

সমর এসে তা'র কাপড-জামা ও রিভল্বারটা নিল ।

সমর……(সরল ভাবে)

চল্লাম্, মলিনা ।

মলিনা ……(আশ্চর্য্য হ'য়ে)

সেকি !—খিচুড়ী……

সমর ……(ম্লান হেসে)

……সে আর বরাতে নেই !

ওরা এম্‌নি আসে, এম্‌নি হাসে, এম্‌নিই চ'লে যায় !
নিজেরা কাঁদে না, কিন্তু আপন-জনকে বড় কাঁদায় !
তা'ই মলিনা আজ সত্যিই বড মলিন হ'ল !
সে একটাও প্রশ্ন ক'র্‌ল না,—প্রশ্ন করার দরকারও বিবেচনা ক'র্‌ল না ।
শুধু মরমের সাচ্চা-সত্য নির্ম্মম-নিশ্বাসে মিশিয়ে উঠ্‌ল………

মলিনা……(বড় মলিন হ'য়ে)

বেশ—চল, আমিও বাড়ী যা'ব ।
(নিশ্বাসে) মনে হয় আর বাঁচ্‌ব না !—
যে-আশা নিয়ে এতদিন
ম্যালেরিয়ার সঙ্গে যুঝেছিলাম, তা' সফল হ'য়েছে,—
—তোমার সঙ্গে শেষ দেখা হ'য়েছে !

সমবেদনায় সমর মলিনার পানে তাকাল ।
পাষাণেরও চোখ বুঝি গলে !

(১২)

ডাক্তার রায়ের ঘর : সন্ধ্যা :

আনন্দা দূরে গেল,—নিরানন্দা নিষ্মম-ভাবেই নিষ্পেষিত ক'র্‌তে লাগ্‌ল ডাক্তার রায়কে। শেষ-সম্বলের মত ডাক্তার আঁক্‌ড়ে ধ'র্‌ল সুরা।

বেহারা ঘরে ঢুকে সুরা-মত্ত-ডাক্তারকে সেলাম ক'রে জানাল······

বেহারা · ···(সেলাম ক'রে)

মেম্‌-সাহব্‌, সেলাম্‌ দিয়া।

ডাক্তার রায়······(সুরা-মত্ত)

কে ?—আনন্দা ?—

দেখা হবে না।

ব'ল্‌গে যা' তা'র সোহাগের স······স······স······

নন্দা ও মমতা ঘরে ঢুক্‌ল !

মমতার চোখ-কান যেন ডাক্তারের শেষ কথাটায় !

(১৩)

জেলরের কোয়ার্টার্‌ : মমতার ছোট্ট অফিস্‌-ঘর : সন্ধ্যা :

গোয়েন্দা মজুম্‌দার মনোযোগ দিয়ে মমতার কাজের রেকর্ড্‌ দেখ্‌ছে। পাশে দাঁড়িয়ে মিস্‌ দত্ত — মমতারই নতুন সেক্রেটারী। তা'র হাতে আরও একটা রেকর্ডের খাতা।

ওদিক্‌টায় হাত-জোড় ক'রে দাঁড়িয়ে মলিনার-প্রতিবেশী নন্দী-মশাই ('তিন,— ১' দৃশ্য দ্রষ্টব্য)।

গোয়েন্দা মজুম্‌দার্‌······(রেকর্ডের দিকে চোখ রেখে)

ব'লুন্‌,—আপনার *ইন্‌ফর্‌মেস্‌ন্‌টা কি শুনি ?

নন্দী-মশাই কোন কথা-না-ব'লে মিস্‌ দত্তের দিকে সভয়ে তাকাল।

গোয়েন্দা মজুমদার্‌······(মুখ-তুলে)

ওঃ, উনি মিস্‌ দত্ত —মমতারই নতুন সেক্রেটারী।

আপনি ব'লুন্‌······

নন্দী-মশাই··· · (এদিক-ওদিক চেয়ে নিয়ে)

আজ্ঞে,

মলিনা অসুখে ধুঁক্‌তে-ধুঁক্‌তে বাড়ী এসেছে।

গোয়েন্দা মজুম্‌দার্‌······(জিজ্ঞাসা ক'র্‌ল)

একা ?

নন্দী-মশাই ·····(বেশ ঘাড়-নেড়ে)

আজ্ঞে-হঁ্যা।

গোয়েন্দা মজুম্‌দার একটা দশ-টাকার-নোট নন্দী-মশাইয়ের হাতে গুঁজে দিল,—নন্দী-মশাইয়ের চোখের পাতা একটু বেশী-রকমের পিট্‌-পিট্‌ ক'র্‌তে লাগ্‌ল।

গোয়েন্দা মজুম্‌দার······

বেশ !—

এখন থেকে কে আসে না-আসে খবর দেবেন।

নন্দী-মশাই ঘাড়-নিচু ক'রে নমস্কার ক'রে চ'ল্‌ল।

---

* ইন্‌ফর্‌মেস্‌ন্‌ (Information)=গোপনীয়-সংবাদ।

(১৪)

নন্দার বাড়ী : সিঁড়ি : সন্ধ্যার পর :

নন্দা……(প্রায় ছুটে সিঁড়ি-দিয়ে উঠতে উঠ্‌তে, চেঁচিয়ে)

ঠাকুর, শীগ্‌গীর্‌ খিচুড়ী নিয়ে এস।

(১৫)

নন্দার ঘর : সন্ধ্যার পর :

দরজা-খোলার সঙ্গে-সঙ্গেই নন্দা আনন্দে ডাক্‌ল……

নন্দা……(মিষ্ট-স্বরে)

সই ?—

—শুধু সামান্য প্রতিধ্বনি অসামান্য ব্যথা দিয়ে যেন ভেংচে উঠ্‌ল !

বিহ্বলা নন্দা তাকিয়ে দেখ্‌ল, ঘরে কেউ নেই—মলিনাও না, সমরও না !

ব্যস্ত-হ'য়ে ছুটে সে জানালার বাইরে মুখ-রেখে,

করুণ-কাতর-স্বরে চেঁচিয়ে আবার ডাক্‌ল… …

নন্দা · (চেঁচিয়ে, করুণ-কাতর-স্বরে)

সই !!

নিরাশার-মাঝে আশারই-আশায় সে সজল-চোখে বাইরের দিকে চেয়েই রইল

ঠাকুর এসে খিচুড়ী রেখে গেল,—সেদিকে তা'র খেয়ালই নেই।

এগিয়ে এসে, সে বড়-আদরে আলিঙ্গন ক'র্‌তে লাগ্‌ল

সমরের ব্যবহৃত জিনিষ—একটার পর আর একটা !

শেষে, তা'র চোখ প'ড়্‌ল খিচুড়ীর ওপর !

—প্রাণের অব্যক্ত-হাহাকারের প্রতীক্‌ হ'ল বেদনার অশ্রুধারা !—

সেই অশ্রু-সম্বল দৃষ্টি হ'ল দৃষ্টি-হারা !—

শুধু তা'র দীর্ঘ-নিশ্বাস কাতরে-কেঁপে-কেঁদে উঠ্‌ল—

নন্দা……(চরম কাতরতায় কেঁদে উঠ্‌ল)

সই !!!

[১৬]

মলিনার ঘর : আর এক-দিন : তখন সূর্য্য ডুবু-ডুবু :

সই মলিনা আজ পরপারে পা বাড়িয়েছে !—

—একপাশে শোকাতুরা নন্দার ক্রন্দন

বুঝি সাধ্যমত চেষ্টা ক'রছে শব্দ-হীন হ'তে !

—আর এক-পাশে, মলিনার কপাল ছুঁয়ে, শক্তি-শালী সমরের শক্ত-হাত

বুঝি সাধ্য-মত চেষ্টা ক'রছে সম্বল-হীন না-হ'তে !

সমরের সেই শক্ত-হাতের ওপর শেষ-হাসি-মিশিয়ে মলিনা রাখ্‌ল

নন্দার নরম-হাত !

(১৭)

মলিনার গেট্ : তখন সূর্য্য ডুবু-ডুবু :

মমতা গেট্ পেরিয়ে এগিয়ে চ'ল্‌ল মলিনাব ঘরের দিকে।

সূর্য্য ডুব্‌ল······

(১৮)

মলিনার ঘর,—পাঁচ [১৬]' : সূর্য্য-ডুব্‌ল :

······মলিনা শেষ-নিশ্বাস ফেল্‌ল !

সমর কিন্তু পাষাণ !—শুধু-অশ্রু-সম্বল অবস্থার-মাঝে সে আজ অশ্রু-হারা !—

পাষাণ বুঝি গলে না !

অলক্ষে এসে, মমতা সখি-হারা সখা-সখি দেখ্‌ল—

আরও দেখ্‌ল, সমরের হাতের ওপর নন্দার হাত !

চির-চ'লে-যাওয়া প্রিয়-সখির-পানে শেষ-বার চেয়ে,
সমর আজ প্রাণে-প্রাণে অনুভব ক'রল,—
শক্তি-গর্ব্ব-কারী সমরের এইত' শক্তির-দৌড় !—
দুর্ব্বলতার অপমানে তা'র মাথাটা যেমন নুইয়ে প'ড়্ছে,—
অম্‌নি তা'র কানে বেজে উঠ্‌ল মলিনারই সেই কথা······ .
(মলিনার কথা)······(সমর শুন্‌ল)

ওঠ পুরুষ,
দুর্ব্বলতা তোমায় সাজে না !

মুখ তুলে সমর ভাব্‌ছে,—
অম্‌নি সে আবার শুন্‌ল, মলিনার আর এক কথা······
(মলিনার কথা)······(সমর শুন্‌ছে)

তুমি যোদ্ধা,—
ম্যালেরিয়া-দানবের সঙ্গে যোঝা তোমারই কাজ !

মুখ উঁচু-ক'রে সমর ভাব্‌ছে,—
অম্‌নি সে শুন্‌ল তা'র নিজেরই আর-এক-দিনের কথা····
(সমরের নিজের আর-এক-দিনের কথা)······(সমর শুন্‌ছে)

ক্রাক্-সট্ (Crack-shot) সমর সিংহের লক্ষ্য
কখনও ব্যর্থ হয় না রে, মলিনা !

ছয়

১

দেশের-নেতার ঘর : আর এক সকাল :

সমর……(নেতাকে, অত্যন্ত-আন্তরিকতায়)

আপনি দেশের-নেতা,—

এ কাল্ ম্যালেরিয়া তাড়ান'……

দেশের-নেতা……(সমরকে বাধা দিয়ে)

……মাপ্ ক'র্বেন্,

আমাদের লক্ষ্য স্বাধীনতা,—ম্যালেরিয়া নয় !

সমর…… (শ্লেষের-হাসি মিশিয়ে)

কিন্তু, আপনাদের ভিক্ষের ঝুলিতে

যে-যুগে স্বাধীনতা এসে পৌঁছোবে,—তা'র ঢের-আগেই

ম্যালেরিয়া বাংলাকে ক'র্বে শ্মশান !

(২)

মমতার আফিস্ ঘর : সকাল :

মমতা……(উৎসাহে গোয়েন্দাকে, পাশে সেক্রেটারী)

আনন্দাকে এমনই এ্যারেস্ট্ করা……

গোয়েন্দা মজুম্দার……(দারুণ-আপত্তিতে ঘাড়-নেড়ে)

……না-না-না,—তা'হ'লে সমস্ত দল-ধরার্ *সোর্স্

একেবারে মাটী হ'য়ে যা'বে।

---

* সোর্স্ (source) = ভীর্ত্তি

গোয়েন্দা মজুমদার······(মমতাকে দ'মে-যেতে দেখে,কতক নরম-স্বরে আরও ব'ল্‌ল)

তা'ছাড়া আনন্দার ঞ্চঅফেন্‌স্‌ প্রুভ্‌ড্‌ হবার মত কোনই এভিডেন্‌স্‌ (evidence) নেই।

—হাঁ, ডাক্তারের খবর কি ?

মমতা······(অনেকটা নিরুৎসাহে)

রাত-দিন মদ খাচ্ছে।

গোয়েন্দা মজুমদার······(হেসে)

তোর্‌ ইন্‌ফর্‌মেস্‌ন্‌ পাওয়ার পক্ষে ত' ভালই !

(৩)

ডাক্তার রায়ের ঘর : দিন :

মদের পর মদ চালিয়েছে ডাক্তার রায়। দৃষ্টি থাক্‌লে সে দেখ্‌তে পেত' নিকটের-নন্দার মুখময় কত বেদনা !

নন্দা······(করুণ আন্তরিকতায়)

কি ক'র্‌ছ ?

ডাক্তার রায়······(ম্লান-হেসে)

সজ্ঞানতা যখন বড় দুঃখের,—

অজ্ঞানতা তখন বড় দুঃখে সুখ !

নন্দা······(আন্তরিক অনুরোধে)

আর খেও না, — আমার কথা শোন !

ডাক্তার রায়······ (উচ্চ-হাস্যে)

তুমি আমার কথা শুন্‌বে,—

যদি ব'লি তুমি আমায় বিয়ে কর !

বেদনা চঞ্চলা-হ'য়ে ফুট্‌ল নন্দার মুখ-মণ্ডলে।

ঞ্চ আনন্দার দোষ বিচারালয়ে প্রমাণিত হবার মত কোনই সাক্ষী-সাবুদ্‌ নেই।

(৪)

রাস্তা : সন্ধ্যা :

মটরটা চ'লেছে আস্তে-আস্তে, — সমীরের পাশে ব'সে সমর।

সমীর······ (চুপি-চুপি)

······নন্দাকে *এ্যারেস্‌ট্ আর ডাক্তারকে †ক্যাপ্‌চার্

—এই দু'টোই এখন মমতার লক্ষ্য।

এই ইন্‌ফর্‌মেসন্ আমি

তা'র সেক্রেটারীর কাছ-থেকে পেয়েছি।

সমর ····(উৎসুক হ'য়ে)

মমতার সেক্রেটারী ?

সমীর ঘাড় নাড়্‌ল।

সমর······

তা'কে †ক্যাপ্‌চার্ ক'রেছিস্ !?

সমীর শুধু হাস্‌ল।

সমর······(আনন্দের ঔৎসুক্যে)

কি ক'রে-রে ?

হেসে আঙ্গুল-নাড়িয়ে সমীর বোঝাল, টাকার জোরে।

আনন্দে সমর সমীরের পিঠ্ চাপ্‌ড়াল।

সমীর······(ভাব্‌নায়-গাম্ভীর্য্যে)

কিন্তু আরও টাকা চায়, —— হাজার !

সমর······ (ভাব্‌ল)

হাজার !—

চিন্তিত-সমরের চোখ-প'ড়্‌ল রাস্তার ধারে একটা থিয়েটারী-প্লাকার্ডের ওপর।

প্লাকার্ডটায় আঁকা নন্দার একটা বড় ছবি।

ছবির নিচেয় লেখা······**বান্ধবী—নন্দা দেবী**

* এ্যারেস্‌ট্ (arrest)=ধরা † ক্যাপ্‌চার্ (capture)=হাত্-করা

সমর······ (মুখ ঘুরিয়ে, সমারকে)

দেখ্, মমতার সেক্রেটারীকে হাত্-ক'রে রাখা আমাদের বিশেষ দরকার।

তুই এক কাজ কর্,—

নন্দার কাছে থেকে আপাততঃ টাকাটা নিগে যা'—

নন্দাকে সব-কথা ব'লিস্,—বিশেষ ক'রে,

ওরা ডাক্তারকে ক্যাপ্চার্ ক'র্তে ব্যস্ত।

(৫)

রাস্তা : সন্ধ্যা :

মটরটা চ'লেছে আস্তে-আস্তে,—ডাক্তার রায়ের পাশে মমতা,—দু'জনেরই মুখে হাসি।

মমতা······(হাসি মিশিয়ে)

তবে আপনি এতদিন বিয়ে করেন্-নি কেন ?

ডাক্তার রায়······ (চাপা হাসিতে)

কি জানেন্—

বিয়ে যেখানে দর্জা দিয়ে গুড়্-গুড়্ ক'রে ঢোকে,

প্রেম সেখানে জান্লা দিয়ে সুড়্-সুড়্ ক'রে পালায় !

(দু' জনেরই উচ্চ হাসি)

মমতা······ (হাসির রেশে)

আপনারা—পুরুষরা মুখে এক, মনে আর এক !

ডাক্তার রায়······(চাপা হাসিতে)

আপনারা—মেয়েরা কিন্তু ঠিক্ উল্টো,

—মনে এক, মুখে আর এক !

দু'জনের সম্মিলিত উচ্চ-হাস্য।

(৬)

*মিনিষ্টারের (Minister) ঘর : সন্ধ্যার পর :

মিনিষ্টার্‌......(সমরকে)

কেন, বাংলাদেশে কি এই-মন্ত্রী-ভিন্ন আর কেউ নেই?—
হেঁ, এই সামান্য কাজটা......

সমর......

......সামান্য নয়,—
বাংলার পক্ষে ম্যালেরিয়া আজ অসামান্যই !—
ম্যালেরিয়ার উচ্ছেদই বাংলার বড় দাবী।
আচ্ছা,—নরম-গরম—হিঁদু-মুসল্‌মান্‌—সব-বাঙ্গালীই
যা' চায়, সে কাজ ক'র্‌তে যদি আপনারা অক্ষম,—
তা'হ'লে, গরীবের-টাকায় গভর্‌নরের-পাশে,
শুধু ঢং কর্‌বার্‌ জন্য অত' বড় মোকান......

মিনিষ্টার্‌...... (রাগে)

......কীঃ ?

সমর ....

ঐ মোকানের টাকায় যে
অর্দ্ধেক-বাংলার ম্যালেরিয়ার উচ্ছেদ হয় !

[৭]

মেডিক্যাল্‌-বোর্ডের (Medical-Board) ঘর : পর-দিন :

প্রেসিডেন্‌ট্‌......(সমরকে)

মেডিক্যাল্‌-বোর্ডের প্রেসিডেন্‌ট্‌-হিসাবে আমি
এইটুকু আপনাকে জানাতে পারি যে গত পঞ্চাশ্‌
বছর ধ'রে ম্যালেরিয়াই আমাদের প্রধান লক্ষ্য......

---

* মিনিষ্টার্‌ (Minister)=দেশের-মন্ত্রী

সমর······(অনুযোগে)

······কিন্তু এই পঞ্চাশ-বছর ধ'রেই ত'
বাংলায় ম্যালেরিয়ার প্রাধান্য !

প্রেসিডেন্ট······

আমরা নিরুপায় !

সমর······(উঠে, ঠেস্-দেওয়া হাসি-মিশিয়ে)

শুধু নিরুপায় নয়,
ম্যালেরিয়া বোধহয় ডাক্তারদের মঙ্গল !—
রোগ যত' বাড়্বে, মানুষ যত' ম'র্বে,
—ডাক্তারেরা তত' বাঁচ্বে !

[৮]

ম্যালেরিয়া-নিবারণী-সমিতি : দিন :

সমিতির-সভ্য······(সমরকে)

মানুষকে বাঁচাতে আমাদের এই
ম্যালেরিয়া-নিবারণী-সমিতি কম চেষ্টা করেনি,—
কিন্তু আমাদের দেশের জন-সাধারণ এত' মুর্খ্······

সমর····· (বাধা দিয়ে)

····· আমেরিকা যখন ম্যালেরিয়া তাড়িয়েছিল,
তখন তা'দের জন-সাধারণ কি
আমাদের জন-সাধারণের চেয়ে খুব-বেশী পণ্ডিত ছিল ?

সমিতির-সভ্য······

কিন্তু তা'দের পেছনে ছিল —— টাকা !

সমর সভ্যের পানে চেয়ে ভাব্‌ল।

[৯]

অ-বাঙ্গালী ব্যবসায়ীর গদি : দিন :

অ-বাঙ্গালী ব্যবসায়ী......(সমরকে)

রূপৈয়া কামানেকে-লিয়ে হাম্-লোক্ বাংলা-মুল্লুক্‌মে
আয়ে হেঁ,—খয়্‌রাত্ কর্‌নেকে-লিয়ে নেহি!

সমর......

যে-দেশের খেয়ে বাঁচ্‌ছ, ভুঁড়ি ফোলাচ্ছ,—
ভেবেছিলাম্, সে-দেশের নিমক
হারামী না-কর্‌বার্ মত মনুষ্যত্ব
হয়ত' তোমাদের মধ্যে এক-আধ-জনের থাক্‌বে!

অ-বাঙ্গালী ব্যবসায়ী......(রেগে চিৎকার)

দারোয়ান্?

সমরের উচ্চ-হাস্য।

[১০]

মিউনিসিপ্যালিটির কমিশনরের ঘর : দিন :

কমিশনর্......(সমরকে)

আমাদের মিউনিসিপ্যালিটির মেম্বর-লিস্‌ট্‌য়ে (list),—
* প্রফেসন্‌য়ের প্রপাগ্যান্‌ডা (propaganda)
কর্‌বার্ জন্যে আছেন উকিল ও ডাক্তার, আর
সময় কাটাবার জন্যে আছেন জমিদারের কু-পুত্তুর,
—ইন্‌জিনিয়ার্ কেউ নেই!
সুতরাং আপনার ও-লেভেলিং (lavelling) সম্বন্ধে
আমাদের সবারই জ্ঞান টন্-ট'নে!

(হাস্য)

* নিজেদের ব্যবসার প্রচার ও প্রসারের জন্য আছেন উকিল ও ডাক্তার,

[১১]

রেল-বোর্ডের বড়-সাহেবের ঘর : দিন :

সমর……(সাহেবকে)

তোমার রেল্-বোর্ডকে বল সাহেব,—
সাধারণের স্বাস্থ্যের জন্য, ব্রিজ্‌গুলো এমন ভাবে
*রিকন্‌স্ট্রাক্‌ট্ (re-constract) ক'র্‌তে,
যা'তে জল-নিকাশের লেভেল্ (level)……

সাহেব……(বাধা দিয়ে)

†……So much expenditure for……for the Natives !—
--And we, foreign Companies, will be doing that !—
(হেসে) Babu, why do'nt you start for Ranchi with a free-Government-Ticket !

[১২]

বেহালা : দিন :

হ'রু-খুড়োর হাসি সবাইকে হাসায়। কিন্তু তা'র চেয়েও বেশী হাসায়, বৃদ্ধের যুদ্ধের-গল্প-বলার নেশা—অবশ্য নিছক মিথ্যা মিশিয়ে !

হ'রু-খুড়ো……(হেসে সমরকে)

আরে বাবাজী,
পলাশীর-যুদ্ধ থেকে আরম্ভ ক'রে আজ পর্য্যন্ত,
একসঙ্গে এক-টিন ক্যারাসিন্-তেল কি ছাই চোখে দেখেছি !

(উচ্চ-হাস্য)

*, † পর-পৃষ্ঠার নিচে দেখুন্

[১৩]

বেহালা : দিন :

গোমস্তা-মশাই বোঝে কেবল নিজেরটাই ষোল-আনা।
তাই তা'র মেজাজটা কিছু খিট্-খিটে।
গোমস্তা-মশাই......(মুখ-বেঁকিয়ে)

ডোবাটায় যা'-হোক্ দু'টো চ্যাং-ব্যাঙ্-ন্যাটা জন্মাচ্ছে,
—তা'ও বোঁজাতে হবে?—হাঁঃ!?

[১৪]

দক্ষিণ-বেহালা : ষষ্ঠী-বরের দাওয়া : দিন :

লক্ষ্মী-ঠাকরুণ মুখ তুলে না-চাইলেও, ষষ্ঠী-বরের ওপর ষষ্ঠী-দেবীর কৃপা কম না! সদাই তা'কে থাকতে হয় এক-গাদা ছেলে-মেয়ে নিয়ে—অবশ্য সব-কটাই তা'র নিজেরই!

ষষ্ঠী-বর .....(সমরকে)

খাওয়াই জোটে না মশাই,—আবার জঙ্গল-সাফ্!

[১৫]

বেহালা : দিন :

পর-নিন্দায় পর-চর্চ্চায় সনাতন শত-মুখ!
কিন্তু পরের এতটুকু উপকারের বেলায়...... .
সনাতন ...(সমরকে)

কে মশাই, ঘরের খেয়ে বনের-মোষ্ তাড়ায়!

---

* ভেঙ্গে আবার-তৈরী-ক'রতে

† সাহেব......বাহারে, এই টাকার-আণ্ডেল নষ্ট ক'রব নেটিভ্দের জন্তে!
(হেসে) গভর্ণমেণ্টের খরচায় রাঁচীর পাগ্লা-গারদে
দিন-কয়েক বেড়িয়ে এস, বাবু!

[১৬]

দক্ষিণ-বেহালা : ক্যাব্‌লা-বাবুর বৈঠক-খানা : দিন :

নিম্ন-স্তরের সব-কটা সান্ধ্য-সৌখিনতাই
ক্যাব্‌লা-বাবুর সত্যিকারের কাজের-কাজ ! তা'-ছাড়া আর সবই বাজে-কাজ,
—সুতরাং নিতান্তই বিরক্তি-কর······

ক্যাব্‌লা-বাবু······(সমরকে)

যা'ন্‌-যা'ন্‌ মশাই, জোচ্চুরীর আর জায়গা পান্‌-নি !

[১৭]

নন্দার ঘর : দিন :

ডাক্তারের সঙ্গে হাস্‌তে-হাস্‌তে ঘরে পা দিয়েই, নন্দা চ'ম্‌কে দেখ্‌ল,—
বিছানার ওপর চিৎ-পাত্‌ হ'য়ে শুয়ে সমর, মুখ-খানি তা'র অত্যন্ত বিমর্ষ।
ব্যস্ত-হয়ে সে ছু'টে গেল সমরের পাশে।

নন্দা......(ব্যস্ততায়)

অমন্‌-ক'রে শুয়ে কেন ?
(সমরের কপাল স্পর্শ ক'রে) কোন অসুখ করে-নি ত' ?

সমর······(হতাশ-ভাবে, না-উঠেই)

মলিনার শেষ-ইচ্ছা
বুঝি আমার-দ্বারা পূরণ হ'ল না, নন্দা !—
অন্ততঃ আজকের রাতের এক্‌স্‌-ওয়ানের (X I) মিটিংয়ে
আমি ব'ল্‌ব,—আমার মত ক্ষুদ্র-ব্যক্তির দ্বারা
বাংলার ম্যালেরিয়া তাড়ান' সম্ভব নয় !

সমবেদনার-নন্দা সতৃষ্ণ-নয়নে সমরের পানে তাকিয়ে রইল।

সমর……(দুঃখের স্বরে)

তা'র কারণ,—কেউ কাজ ক'র্‌তে চায় না।

যা'রা সুখী তা'রা ন্যাজ্‌-নাড়ে,

যা'রা দুঃখী তা'রা বলে—টাকার অভাব!

(দীর্ঘ-নিশ্বাস)

নন্দা……(সমবেদনায়, আস্তে-আস্তে)

আমার সর্ব্বস্ব দিয়ে

যদি বাংলার ম্যালেরিয়া দূর……

বিদ্যুৎ-গতিতে উঠে-ব'সে সমরের বিজ্‌লী-দৃষ্টি

যেন সজাগ ক'র্‌ল নন্দার কপোলের ফল্গু-রক্ত-ধারার সলজ্জ-উজান!

—তাই সে বাক্য-হারা—তাই সে অবনত!

বিজ্‌লী-দৃষ্টি মুহূর্ত্তে হ'য়ে উঠ্‌ল দৃষ্টির-রাম-ধনূ — সাত্‌-রংয়ের সম্পদ —

শ্রদ্ধা, গর্ব্ব, আনন্দ, প্রেম, প্রেরণা, উৎসাহ, ঔৎসুক্য—সবেরই সুন্দর সংমিশ্রণ!

মুগ্ধ সমর দৃষ্টির-নেশায় ভরপুর-হ'য়ে ফিরে চাইল……

সমর…… (মুগ্ধ হ'য়ে)

একদিনকার 'নেটো' গিরিশ,

আজ বিশ্ব-বিদ্যালয়েরও পূজার দেবতা :

আর আজকের নটী নন্দা

হয়ত' একদিন হবে পল্লীরও শ্রদ্ধার দেবী!

ভালবাসাই-ত' সেরা সুখ্যাতি। তাই যা'কে সতিকারের ভালবাসা যায়,

তা'র মুখ-দিয়ে অন্য-কোন সুখ্যাতিই শুন্‌তে সময়ে-সময়ে ভাল লাগে না।

তাই বোধহয় নন্দা পায়ে-পায়ে আগেই একটু এগিয়ে প'ড়েছে।

সমর……(মুখ না-ফিরিয়েই)

তোমার রক্ত-জল-করা টাকা-কটা

বড় জোর হ'তে পারে—

(নন্দার পানে তাকিয়ে) —ম্যালেরিয়ার নস্যি, নন্দা!

নন্দা তখন এক-মনে এক-প্রাণে দেখ্‌ছে শ্রীকৃষ্ণের সেই ছবি। সমরেরও দৃষ্টি আবদ্ধ হ'ল সেই ছবিটাতেই।

ক্ষণেকপরে তা'র মনের-চোখ মুগ্ধ হ'য়ে দেখ্‌ল, তা'রই 'আস্‌মানী-প্রেয়সী' জ্যোঃতির্ম্ময়-প্রেরণায় আবার যেন ব'ল্‌তে লাগ্‌ল···

(মলিনার কথা)······

ওঠ পুরুষ,

দুর্ব্বলতা তোমায় সাজে না!

মুগ্ধতা হ'তে সমরকে বাস্তবে ফিরিয়ে আন্‌ল নন্দা।

নন্দা······

কিন্তু যে-কাজে তুমি হাত্‌ দাও,

সে-কাজ যে ব্যর্থ হ'তে পারে না!

সমর······(উঠে)

এই জন্যেই তোমাদের নাম শক্তি!—

কিন্তু ব্যর্থতার কারণ দেখ্‌তে চাও, নন্দা?

সমর ডাক্তারের পানে ফির্‌ল। ডাক্তারের তখন পায়ে-পায়ে স'রে-পড়ার মত্‌লব্‌।

সমর······(ডাক্তারকে)

যা'বেন্‌-না ডাক্তার-সাহেব, ব'সুন্‌।

হতভম্ব হ'য়ে ডাক্তার ব'স্‌ল। কাছে এগিয়ে এসে কোন-রকম ভূমিকা না-ক'রেই সমর সোজা-সুজি ব'ল্‌ল······

সমর······(সোজা-সুজি)

দেখুন্‌, দেশের লীডারের ইচ্ছানুযায়ী, আমাদের আদত্‌ কাজ আপাততঃ কিছু-দিনের জন্য স্থগিত রেখে, ম্যালেরিয়া দূর করাই আমাদের ইচ্ছা।

এ-কাজে ডাক্তারের দরকার।

আপনি আমাদের সাহায্য ক'র্‌বেন?

ডাক্তার রায় (মুখ বেঁকিয়ে)

হুঁ !—যত' সব ক্রীমিন্যাল……

সমর… (হেসে, একবার নন্দার পানে তাকিয়ে)

……ক্রীমিন্যাল্ ত' নয়ই !—

ম্যালেরিয়া পলিটিক্যাল্‌ও নয়,—

* পিওর্‌লী সোসাল্ (purely social) !

(হাস্য)

নন্দা……(আন্তরিক আবেদনে)

মানুষের জীবন-দান ত' তোমাদের সাধনা, ডাক্তার !

একটা কথাও না-ব'লে ডাক্তার এগিয়ে চ'ল্‌ল।

সমর হাস্‌ল,—হাসি যেন ব'ল্‌তে চাইল, 'ব্যর্থতার কারণ দেখ্‌লে, নন্দা !'

নন্দার মনে তখন-যে কি-হ'চ্ছে,—সত্যই 'দেবা ন জানন্তি' !

ছুটে-গিয়ে নন্দা ডাক্তারের দু'টো হাত ধ'র্‌ল……

নন্দা……(হাঁপাতে-হাঁপাতে)

ওঁকে সাহায্য কর ডাক্তার,—

তুমি যা' চেয়েছিলে, আমি তা'ই ক'র্‌ব,—

আমি তোমায় বিয়ে ক'র্‌ব।

ডাক্তার অবাক !— সমর হতভম্ব !— নিস্তব্ধতার রাজত্ব !—

খানিক-পরে সমর সাম্‌লে উঠ্‌ল। ফুল্-দান্ থেকে ছোট্ট একটা ফুল নিয়ে, সে ওদের কাছে এগিয়ে গেল।

সমর……(হাসি-মুখে ডাক্তারকে)

†Congratulation, Doctor !

(নন্দার দিকে ফুলটা বাড়িয়ে, হেসে) বাংলার শ্রেষ্ঠা অভিনেত্রী !

দস্তুর-মত ঘাড় নিচু-ক'রে সমর অভিবাদন ক'র্‌ল।

---

* নিছক সামাজিক

† শুভমস্তু ডাক্তার-সাহেব !

[১৮]

একস্-ওয়ান্-মিটিং : পোড়ো একটা-বাড়ীর হল্ : রাত্

সমর· ·(মুখোস্ পরে, বক্তৃতা ক'র্‌ছে)

······আজ রাতের এই একস্-ওয়ান্-মিটিংয়ে,

তা' হ'লে সর্ব্ব-সম্মতি-ক্রমে সাব্যস্ত হ'ল···

কথা	ছবি
(সমর ব'লেই চ'ল্‌ল)······	ঘুরে দেখা গেল,—সভ্য অনেক। সবারই মুখে মুখোস্।
······দেশের লীডারের সঙ্গে আমাদের মত্ সম্পূর্ণ বিভিন্ন হ'লেও, তাঁর প্রোগ্রামের ব্যর্থতা জন-সাধারণের সমক্ষে স্বতঃপ্রমাণিত হবার জন্য,	আস্তে-আস্তে এগিয়ে যেতে-যেতে দেখা গেল—সভ্যের মধ্যে ব'সে আছে সমীর, অজয়, বীরেন, আরও সবাই।
আগামী সাত্-মাসের জন্য, আমরা আমাদের আসল কাজ,—আমাদের সর্ব্ব-শ্রেষ্ঠ দাবীর আনুসঙ্গিক কাজ—	সবাই সোজা হ'য়ে ব'সে,—কা'রোর মুখে কথা নেই,—সবাই মন-দিয়ে শুন্‌ছে সমরের কথা।
আপাততঃ স্থগিত রেখে, যা'তে ম্যালেরিয়া বাংলা থেকে উচ্ছেদ হয়, মন-প্রাণ-দিয়ে আমরা	হলের পেছনে আরও একটা ছোট ঘর।
সবাই তা'র চেষ্টা ক'রব !······	সেই ঘরে·····

(১৯)

একস্-ওয়ান্-মিটিং : হলের পাশের ঘর : রাত্ :

পাশের হল থেকে সমরের বক্তৃতার গম্-গম্ আওয়াজ ভেসে আস্ছে :

নন্দা ডাক্তার রায়কে প্রতিজ্ঞা পড়াচ্ছে ।······

ডাক্তার রায় · ···(আলো ছুঁইয়ে)

······প্রতিজ্ঞা ক'রছি, দলের সভ্য হিসাবে
আমি মন-প্রাণ-দিয়ে কাজ ক'রব ।

(২০)

একস্-ওয়ান্-মিটিং : হল্,—'ছয় [১৮]' : রাত্ :

সমর····· (বক্তৃতায়)

······আর এও সাব্যস্ত হ'ল যে দক্ষিণ-বেহালাই
আমাদের প্রথম কর্ম্ম-স্থল হওয়া সুবিধা ।······

(২১)

একস্-ওয়ান্-মিটিং : হলের পাশের ঘর, — 'ছয় (১৯)' : রাত্ :

পাশের হল্-থেকে সমরের বক্তৃতার গম্-গম্ আওয়াজ ভেসে আস্ছে :

ডাক্তার রায়······(আলো ছুঁইয়ে, নন্দার কথা মত)

যদি দলের-প্রতি আমি কোন-রকম
বিশ্বাস-ঘাতকতা ক'রি, তবে আমার শাস্তি—মৃত্যু ।

নন্দা ছুটে এসে আদরে ডাক্তারের হাতটা ধ'রে······

নন্দা······

ক'র্লে কি ! হাতটা পুড়িয়ে ফেল্লে ?—
হাতে যে বিশ্রী দাগ্ হ'য়ে যা'বে খ'ন্ !

(২২)

এক্স্-ওয়ান্-মিটিং : হল্,—'ছয় (২০)' : রাত্ :

সমর······(বক্তৃতায়)

······সুতরাং দক্ষিণ-বেহালার কাজের সঙ্গে-সঙ্গেই
নজর-রাখ্তে হবে আরও দক্ষিণের জলাটা—
—যেটা ম্যালেরিয়ার সোর্স্ !
তা'-ছাড়া, বাংলার বিভিন্ন স্থানের এই-ক'টা ব্রিজ্
সম্বন্ধে কোন বিশেষজ্ঞের সঙ্গে আলোচনা করা
দরকার। আনন্দের সঙ্গে আপনাদের জানাচ্ছি,
তেমনি-ধারা একজন বিশেষজ্ঞ
আজ আমাদের দলের সভ্য-শ্রেণীভুক্ত······

(২৩)

এক্স্-ওয়ান্-মিটিং : হলের পাশের ঘর,—'ছয় (২১)' : রাত্ :
পাশের হল্-থেকে সমরের বক্তৃতার গম্-গম্ আওয়াজ ভেসে আস্ছে :

নন্দা······(ডাক্তার রায়ের পোড়া-হাতটা ধ'রে মিষ্ট-অনুযোগে)

আগুন-ছেলেদের সবাই আগুন-ছুঁয়েই প্রতিজ্ঞা করে,
—কিন্তু কেউ তোমার মত হাত্ পোড়ায় না !
দেখোত' হাত্টায় কি বিশ্রী দাগ হ'য়ে গেল !

(২৪)

এক্স্-ওয়ান্-মিটিং : হল্,—'ছয়-(২২)' : রাত্ :

সমর······(বক্তৃতায়)

······এ-সব কাজের জন্যে
আমাদের অনেক-টাকার দরকার।
সুতরাং আমরা কাল-থেকেই টাকার-সন্ধানে ছুট্ব।

সাত

১

ট্রেজারীর্ (Treasury) ভেতর : দিন-দুপুর :

রিভল্‌বার্ !······দু'-দু'টো !······ গুড়ুম্-গুড়ুম্ ······ ধোঁয়ায়-ধোঁয়াক্কার ! ধোঁয়ার-কুণ্ডলী ভেদ-ক'রে দেখা গেল,—দু'হাতে দু'টো রিভল্‌বার্ নিয়ে সমর একটা পাথরের-টেব্‌লের আড়াল-থেকে গুলির-পর-গুলি ছুঁড়্‌ছে।

সমরের সঙ্গীরাও দস্তুর-মত গুলি চালিয়েছে।

ধনে-প্রাণে বাঁচ্‌বার চেষ্টায় ট্রেজারীর কয়েক-জন-লোকও বন্দুক ছুঁড়্‌ছে।······

ট্রেজারীর অফিসার্······(ফোন্ তুলে)

* Hallow,—Lalbazar ?······

Treasury······looted······

একটা গুলির ঘায়ে বেচারা ঘায়েল হ'য়ে প'ড়্‌ল।

(২)

লালবাজার থানার গেট্ : দিন-দু'পুর :

পর্-পর্ তিন-খানা গাড়ী বেরুল। সাম্‌নের গাড়ীটায় গোয়েন্দা মজুম্‌দার। দূ'রে মট'রে ব'সে, সমরের-সঙ্গী বীরেন গোয়েন্দা মজুম্‌দারকে দেখ্‌ল। বীরেন পুরো-জোরে গাড়ী ছাড়্‌ল অন্য-পথ দিয়ে।

---

* হ্যালো,—লালবাজার ?······ট্রেজারী······লুট্······

(৩)

ট্রেজারীর ভেতর,—'সাত,—১' : দিন-দুপুর :

টাকার-আঙুল নিয়ে সমরের দল বন্দুক ছুঁড়তে-ছুঁড়্তে চ'ল্ল। ··

(৪)

ট্রেজারীর সাম্নে : দিন-দুপুর :

··· ··বন্দুকের আওয়াজ ক'রতে-ক'রতে সমরের-দল মটরে উঠ্তে লাগ্ল। একটু-দূরে রাস্তার-ওপরে পান-ওয়ালীর সাম্নে ট্রেজারীরই এক কেরাণী-বাবু। চেয়ারে-চাদর-বেঁধে 'হস্তান্তরে'র হাত-থেকে চাকুরীটী-বাঁচিয়ে বড়-বাবুর চোখ-এড়িয়ে কোন-রকমে সে আর একবার বাইরে এসেছে—অবশ্য নিছক পান-খেতে!—কিন্তু একি বিভ্রাট!

বে-আদপ্ মটরটা এগিয়ে আস্তে লাগ্ল যেন তা'রই দিকে!

কাজে-কাজেই কাঁপ্তে-কাঁপ্তে সে আশ্রয় নিল—একেবারে পান-ওয়ালীর পেছনের অঞ্চল-তলে!

কিন্তু, 'ইথে কি-বা লাজ'!——ইয়োরোপের গত-মহা-যুদ্ধে, কত 'পেন্তুল্'-পরা রাইফেল্-ধরা গোরা 'পেন্তুলে'রই মধ্যেই এত-বড় 'বীর-পনা' দেখিয়ে ফেলেছে, যা'র তুলনায় প্যারিসের-পান-ওয়ালীদের সব-আঁচল-গুলো একসঙ্গে একেবারে ছিঁড়ে-নেওয়াও না-কি এমন কিছুই না!

কেরাণীর পৈতৃক-প্রাণটা বাঁচিয়ে গাড়ীটা যেম্নি এগিয়ে যা'বে, অম্নি খেল্ল তা'র 'ব্রেন'—টুক্-ক'রে সে নম্বরটী দেখে নিল!

গাড়ী চ'লে যাওয়ার সঙ্গে-সঙ্গেই, সে পরশ-মনি পাওয়ার আস্ফালনে চিৎকার ক'রতে ক'রতে এগুতে লাগ্ল······

বি-এল্-এ ৩৪৫০!

(৫)

রাস্তা : দিন-দুপুর :

৩৪৫০ নম্বরের গাড়ী একটা গাড়ীর পাশে এসে দাঁড়াল,—সে-গাড়ীটারও নম্বর ৩৪৫০ ! তা'র ড্রাইভার্—বীরেন।

বীরেনের গাড়ীটার সাম্‌নেই আরও একটা গাড়ী। সেই গাড়ীটাতে সমরের-দল টাকা-কড়ি নিয়ে উঠ্‌ল·····গাড়ী ছাড়্‌ল! সমরের গাড়ীতে থাক্‌ল শুধু সমীর ও সমর।

সমর······(ব্যস্ততায়, বীরেনকে)

পুলিস্-কারে গোয়েন্দা মজুম্‌দারকে দেখেছিস্ ?

বীরেন······

হাঁ।

সমর·····

তা'হ'লে নিমেষে ওদের ক'ল্‌কাতার বাইরে নিয়ে-যা'।

(৬)

ট্রেজারীর সাম্‌নে : দিন-দুপুর :

গোয়েন্দা মজুম্‌দারের গাড়ী আস্‌তে না-আস্‌তেই, মহা-আস্ফালনে ট্রেজারীর কেরাণী-বাবু হাত-নেড়ে দেখাল সমরের গাড়ী কোন্-দিকে গেছে, আর সঙ্গে-সঙ্গে মুখে চিৎকার ক'রে ব'ল্‌ল······

কেরাণী······(চিৎকারে)

কার্ নম্‌বার্—বি-এল-এ ৩৪৫০ !

মাইনে-বাড়াবার কোন-আশ্বাস না-দিয়েই, গোয়েন্দার গাড়ী নিমেষে ছুট্‌ল······

(৭)

রাস্তা,—'সাত (৫)' : দিন-দুপুর :

সমর······(সমীরকে)

চেন্‌জ্—নম্‌বার্ (Change—Number) !

সমীর একটা সুইচ্ টিপ্‌ল—গাড়ীর ৩৩৫০ নম্বর ব'দ্‌লে হ'ল ৪৭৮৬ নম্বর।

সমীর ও বীরেন—দু'জনেরই গাড়ী আস্তে চ'ল্‌ল।

সমীরের গাড়ী পাশের গলিতে গিয়ে থাম্‌ল।—

—সমর উঁকি-মেরে দেখ্‌তে লাগ্‌ল।

চ'ল্‌তি গাড়ীতে ব'সে বীরেন ফিরে দেখ্‌ল—পেছনের মোড়ে সজোরে আসছে পুলিসের গাড়ী। বীরেনও জোরে চালাল তা'র গাড়ী।

(৮)

গলি : দিন-দুপুর :

সমর উঁকি-মেরে দেখ্‌তে পেল—গোয়েন্দা মজুম্‌দারের গাড়ী সজোরে চ'লেছে (বীরেনের গাড়ীর পেছন-পেছন)।

সমর হাতের-ঘড়ি দেখ্‌তে-দেখ্‌তে······

সমর······(ঘড়ির দিকে চোখ-রেখে, সমীরকে)

পাঁচটা ব্যাঙ্ক্ এক-সঙ্গে এ্যাটাক্ (attack) হবে—
আর ঠিক্ সাত সেকেন্‌ড্ পরে।

ঘড়ির সেকেন্‌ডের কাঁটাটা অতি-সন্তর্পণে এগুতে লাগ্‌ল······

[৯]

ক'ল্‌কাতা : ইয়োরোপিয়ান্ ব্যাঙ্কের ভেতর : দিন-দুপুর :

······ঘড়ির কাঁটাটা যেম্‌নি সপ্তম-সেকেণ্ডে পৌছাল, অম্‌নি অজয়ের রিভল্‌ভার্ আওয়াজ ক'রে উঠ্‌ল। সঙ্গে-সঙ্গে সঙ্গীরাও গুলি ছুঁড়্‌ল।

(১০)

ক'ল্‌কাতা : জুস্‌ (Jews) ব্যাঙ্কের ভেতর : দিন-দুপুর :

দলের-লোক ও ব্যাঙ্কের-লোকদের মধ্যে দস্তুর-মত গুলি চ'লেছে।

(১১)

ক'ল্‌কাতা : মহাজনী ব্যাঙ্কের ভেতর : দিন-দুপুর :

দলের লোকেরা টাকার-আল্‌মারী দখল্‌ ক'রেছে।

(১২)

অ-বাঙ্গালী ব্যবসায়ীর গদি,—'ছয়-[৯]' : দিন-দুপুর :

সমরের রিভল্‌বারের সাম্‌নে কাঁপ্‌তে-কাঁপ্‌তে,
অ-বাঙ্গালী-ব্যবসায়ী সমীরের-হাতে আল্‌মারী-থেকে সব-টাকা তুলে দিল।
বেচারার প্রাণ-রেখে 'প্রাণ'-নিয়ে সমর ও সমীর চ'ল্‌ল;—তাই তা'র মুখ-দিয়ে ফস্‌-ক'রে বেরুল·· ···

অ-বাঙ্গালী ব্যবসায়ী······(কাঁপ্‌তে কাঁপ্‌তে)

লুট্‌নে-ওয়ালা !

নিমেষে সমর ঘুর্‌ল,·· · ·হাস্‌ল বোধহয় তা'র কাঁপুনি দেখে······

সমর······(হেসে)

জী—নেহি,

লুট্‌নে-ওয়ালাসে বচানে-ওয়ালা !

উচ্চ-হাস্যে সমর ও সমীর চ'লল !

(১৩)

মমতার আফিস্ : দিন-দুপুর :

মমতা······ (ফোন্-কানে, উদ্বেগ-ব্যস্ততায়)

ইয়োরোপিয়ান্ ব্যাঙ্ক······লুট্ ?······

(আর একটা ফোন্ তুলে)

কি ?—জুস্ ব্যাঙ্ক্ ?······

সঙ্গে-সঙ্গে মমতা শুন্‌ল যেন সমরের সেই-কথা

(সমরের কথা)······(আস্তে, কতক অস্পষ্ট-ভাবে)

তত' বড় খেলোয়াড়্ তুমি নও !

মমতা······(আরও উদ্বেগে ফোন্ ধ'র্‌ল)

মহাজনী ব্যাঙ্ক্ও ?!······

(সমরের কথা)······(সঙ্গে-সঙ্গে, জলদে, স্পষ্ট-ভাবে)

তত' বড় খেলোয়াড়্ তুমি নও !

মমতার মাথাটা যেন ঘুরে উঠ্‌ল।

মমতা······(আবার ফোনে, মাথা যেন ঘুর্‌ছে)

কোন্ ব্যাঙ্ক্ ?—লর্ডস্ (Lords) ?!!

(সমরের কথা)······(আরও জলদে, আরও স্পষ্ট হ'য়ে)

তত' বড় খেলোয়াড়্ তুমি নও !!

মমতা······(আবার ফোনে, মাথা বেশ ঘুর্‌ছে)

ফরেনার্স্ ব্যাঙ্ক্ও ? !!!

(সমরের কথা)······(আরও জল্‌দে, আরও স্পষ্ট হ'য়ে)

তত' বড় খেলোয়াড়্ তুমি নও !!!

ফোন্-ফেলে মমতার ঘাড়টা যেন টেব্‌লটার ওপর ঝাঁপিয়ে প'ড়্‌ল, তবুও সমরের কথা-গুলো বার্-বার্ বিরক্ত ক'র্‌তেই লাগ্‌ল।

(১৪)

ক'ল্‌কাতা : লর্ডস্ (Lords) ব্যাঙ্কের সাম্‌নে : দিন-দুপুর :

দল টাকার-ব্যাগ্-সমেত্ গুলি ছুঁড়্‌তে-ছুঁড়্‌তে গাড়ীতে উঠ্‌ল।

(১৫)

ক'ল্‌কাতা : ফরেনার্‌স্ ব্যাঙ্কের সাম্‌নে : দিন-দুপুর :

গুলি ছুঁড়্‌তে-ছুঁড়্‌তে দলের গাড়ী চ'ল্‌ল।

(১৬)

ক'ল্‌কাতা : ইয়োরোপিয়ান্ ব্যাঙ্কের সাম্‌নের রাস্তা : দিন-দুপুর :

দলের গাড়ী চ'লেছে,—পুলিসের গাড়ী পেছন নিয়েছে।
আর একটা চ'ল্‌তি গাড়ীতে ব'সে, সমর দেখে—
—পুলিসের গাড়ী তা'র দলের গাড়ী প্রায় ধর-ধর !
সমরের গাড়ী পীড়ে এল······সমর পুলিসের গাড়ীর টায়ারে গুলি ক'র্‌ল।
আর একটা পুলিসের গাড়ী সমরের গাড়ীর পেছন নিল······গুলির পরে গুলি চ'ল্‌ল·····

§[১৭]§

সমস্ত ছবিটা যেন চারটে ভাগ হ'য়েছে। চারিদিকেই পুলিসের গাড়ী তাড়া ক'রেছে দলের গাড়ী······দস্তুর-মত গুলি চ'লেছে·· ···সেই ছবির ওপরে বড়-অক্ষরে এক-একটা খবরের-কাগজের বড়-লেখা ভেসে আসতে লাগ্‌ল······

(টাইটেল্)······(খবরের কাগজের বড় লেখা)

—দিনে ডাকাতি

—এক-সঙ্গে পাঁচটা ব্যাঙ্ক্ লুট্

—অপূর্ব্ব রাহাজানি

—কোটী টাকা লুট্

—ভূমি-কম্প না ডাকাতি-কম্প

—বাংলা লুট্‌নে-ওয়ালাসে বচানে-ওয়ালা

শেষের 'টাইটেল্'-গুলোর পেছনের ছবিতে দেখা-গেল—পুলিসের গাড়ী অপারক হ'য়ে সমরের দলের গাড়ী তাড়া-করা ছেড়ে দিল।

[১৮]

নন্দার ঘর ঃ পর-দিন সকাল :

পূর্ব্ব-দৃশ্যের 'টাইটেল্'-যুক্ত একখানা খবরের-কাগজ প'ড়্ছে ডাক্তার রায়,—তা'র মুখখানা বড় ফ্যাকাসে····· ভয়ে !

টেব্‌ল্‌টার ওপাশে ব'সে এক-মনে সেলাই ক'রেই চ'লেছে নন্দা,—তা'র মুখ-খানি বড় অন্ধকার······কেন, কে-জানে !

কাগজটা-লেগে চায়ের-কাপ্‌টা মাটিতে প'ড়্‌ল, ভয়ে ডাক্তার আঁত্‌কে উঠ্‌ল ! নন্দা কিন্তু ফিরেও চাইল না।

ডাক্তার······(স্বগত কিম্বা নন্দাকে ঠিক বোঝা গেল না)

ভয় হয় !—

সেই মিটিংয়ের পর থেকে, একটুতেই কেমন ভয় হয় !

সমবেদনার কথা দূ'রে থাক্—একটা চাহনিও ডাক্তারের ভাগ্যে জুটল না! তাই ডাক্তার রাগ্ ল।—

হাজার কোট্-প্যান্ট্ প'র্লেও এ-সনাতন-দেশে সনাতনী-স্বামীত্ব বোধহয় একেবারে লোপ পায় না!······'বাগ্-দত্তা'র ওপর আর-সব অধিকার আস্তে দেরী হ'লেও, এমন-অবস্থায় সেই-সনাতনী-স্বামীর রাগ-টুকু যদি একটু এগিয়ে না-আসে, তবে যে 'বাগ্-দত্ত'-দের ওপর নিতান্তই অবিচাব কবা হয়!

ডাক্তার······(সনাতন-স্বামীর রাগের-স্বরে)

কথা ব'ল্ছ-না যে বড়?—
সে-দিন থেকে, তুমিও যেন বোবা হ'য়ে গেছ!
আজও এক-ঘণ্টা ধ'রে······
(রাগের আতিশর্য্যে, উঠে-প'ড়ে)······নাঃ, চ'ল্লাম্।

সত্যই ডাক্তার চ'ল্ল!—তবুও নন্দা মুখ-তুল্ল না।

(১৯)

মমতার আফিস্ : সকাল :

গাম্ভীর্য্য আজ প্রতিপত্তি ক'র্ছে গোয়েন্দা মজুম্দারের মুখের ওপর। পাশে ব'সে মমতা,—ওপাশে বাছাই-করা জন-কয়েক কাজের-সহকারী—সবারই মুখে ব্যর্থতার আঁধার।

গোয়েন্দা মজুম্দার······(রাগে-দুঃখে)

পুলিসের মধ্যে কা'র কত-বড় মুরোদ্
সে খুব ভালই জানে।—
কেমন চালাকি-ক'রে একটা *ফল্স্-চেস্য়ে (chase)
আমায় ক'ল্কাতার বাইরে পাঠিয়ে,
অনায়াসে কাজ হাসিল্ ক'রে নিল!—
—আর তোম্রা-সব——ছি-ছি!

* ফক্কি-বাজির ফাঁপরে-ফেলে তাড়া-ক'রিয়ে

গোয়েন্দা মজুম্‌দার······(একটু থেমে, আরও বেশী রেগে আবার ব'ল্‌ল)

এখন যা'-হোক্ একটা-কিছু কর !

কথা-গুলো কেমন-হ'য়ে যেন মমতার প্রাণে বেজে উঠ্‌ল।

[২০]

রাস্তা : বৈকাল :

বিধাতার ভাল-মন্দ দান নিয়ে রমণী-মমতা চ'ল্‌তি-মটরে ব'সে আজ খেল্‌ছে 'অভিমান'। পাশে তা'র ডাক্তার রায়।

ডাক্তার রায়······(অনুনয়ে)

আপনি বিশ্বাস ক'রুন্,—

এ-ক'দিন না-আসার কারণ আনন্দা নয়,

—বিশ্বাস ক'রুন্, মিস্ সেন !······

আবেগে ডাক্তারের ডান-হাতটা অলক্ষে এগিয়ে এল।

মমতার চোরা-চাহনির নজরে প'ড়্‌ল—

—ডাক্তারের হাতের ওপরে পোড়া সেই-দাগ !

মমতার চোখ হ'ল বড়,—মুখ আস্তে-আস্তে ঘুর্‌ল।

ডাক্তার······(আরও অনুনয়ে ব'লেই চ'ল্‌ল)

······সত্যিই বিশ্বাস ক'রুন্,

একটা বিশেষ কাজে······

মমতা······(ডাক্তারের হাত-খানা ধ'রে, উল্লাসে-হেসে)

সত্যিই বিশ্বাস ক'র্‌ছি !

(ড্রাইভারের দিকে ফিরে, ব্যস্ততায়)

ড্রাইভার্, মজুম্‌দার-সাহেবের আফিস্—জ'ল্‌দি !

ডাক্তারের হাতের দাগের দিকে তাকিয়ে, মমতা আবার যেন কেমন হাস্‌ল।

ডাক্তারের মুখ-খানা হ'ল—ভয়ঙ্কর ফ্যাকাসে !

(২১)

নন্দার ঘর : সন্ধ্যা :

কাছে সমর।—

তবুও নন্দা নত-মস্তকে সেলাই ক'রেই চ'লেছে।

কিন্তু, 'অমন সেলাই-দিয়ে লুকিয়ে থাক্‌লে চ'ল্‌বে না',—অন্ততঃ সমরের কাছে!

সমর·· ···(হেসে)

সত্যিই দেখ্‌ছি, মহত্ত্বের নেশায় সে-দিন থেকে
তুমি হ'য়েছ পাথুরে-দেবী—নির্ব্বাক—নিষ্পন্দ!

(হাস্য)

তবু নন্দা নির্ব্বিকার।

সমর······(মুখ বাড়িয়ে)

কিন্তু কেন এমন হ'লে বলত' ?

অনাদিকাল থেকে, এই একই প্রশ্ন ক'রে এসেছে প্রত্যেক পুরুষ অন্ততঃ একজন নারীকে, অন্ততঃ একবার এমনি-ধারা অবস্থায়। কিন্তু সবাই যা' উত্তর পেয়েছে সমরও পেল তা'ই,—নন্দার মাথাটা আরও একটু নুইয়ে নির্ব্বাক হ'য়ে রইল!

সমর······(আরও মুখ-বাড়িয়ে, হাসি-মাখা আবৃত্তির ঢংয়ে, অথচ যেন চুপি-চুপি)

কি অনল যে বিষে,
বোঝে ত' সে,
যে আছে পাশে!

(উচ্চ-হাস্য)

নিজের কথায় নিজেই বিভোর হ'য়ে, সমর উচ্চ-হাস্যে ঘর-খানা আমোদ ক'র্‌তে লাগ্‌ল।

এবার নন্দার সচল ছুঁচ্ অচল হ'য়ে দাঁড়াল। ঘাড় আরও নুইয়ে-নেতিয়ে প'ড়্ল। এগিয়ে এসে সমর নন্দার কপালে একটু জোর্ দিয়ে তা'র মুখ-খানি তুলে ধ'র্ল,—অম্নি তা'র ঢল-ঢল মুখ-খানিতে টল্-মল্ ক'রে প'ড়্ল চোখের-জল—অম্নি ছল্-ছল্ ক'রে উঠ্ল তা'র মনের-কোনের অব্যক্ত-বোল্! প্রথমটায়, সেই চোখের-জল সমরকে ক'র্ল বিহ্বল······

সমর······(বিহ্বল হ'য়ে)

একি, তুমি কাঁদ্ছ !?

জোর ক'রে মাটীর পানে চেয়ে নন্দা লুকাল তা'র চোখের-জল সমরের অবুঝ্-চোখের আড়ালে! তখন সমরের অবসর মিল্ল, নন্দার মনের কোনের সেই গোপন-ব্যথার সঙ্কেত্ সম্যক উপলব্ধি ক'র্তে······

সমর······(সরল ভাবে)

দেখ' নন্দা,
দেবীত্বের-নেশা যখন কোন নারীর বাইরে পেয়ে বসে,
তখন তা'র অন্তরে ঢুক্রে কাঁদে নারীত্ব !—
আর সেই কান্নাই করে তা'কে নিষ্কর্ম্মা।
এটা মনের বিকার,—
—এর একমাত্র ওষুধ,—কাজে নিমগ্ন-হওয়া·· ···

সমর নিজেই চুপ্ ক'রে চেয়ে দেখ্তে লাগ্ল····· ·· আস্তে-আস্তে নন্দার মুখ-খানি ওপরে উঠ্ছে। আর না-উঠে কি পারে !?—সমবেদনা যে সদাই কাজের-কাজ করে,—আর, বেদনার সঙ্কেত্ সম্যক উপলব্ধি করাই ত' সত্যিকারের সমবেদনা।

নন্দার চোখে জল মুখে হাসি — ভরা মেঘে রোদের রেখা !

নন্দা······(সজল-চোখ, হাসির রেখায়)

আমার কি কাজ বলত' ?

নন্দার হাসির ঐ-রেখাটুকুই হ'ল সমরের নব-প্রেরণা !

সমর······(আনন্দে)

অভিনয় !—

—বাংলার বিশাল মঞ্চে !

যা'তে মুগ্ধ হ'য়ে, প্রত্যেক বাঙ্গালী যেন ছোটে

ধ্বংশ ক'র্‌তে ম্যালেরিয়া-দানব !

(সরস-অভিনয়ের ঢংয়ে)

যে-দিন ম্যালেরিয়া মেরে,

বাংলায় সেরা *'কমিডি' সৃষ্টি ক'র্‌তে পার্‌বে,—

(অলক্ষ্যে ডাক্তার-রায়ের কাঁপ্‌তে-কাঁপ্‌তে প্রবেশ)

—সেই-দিন, ঐ চির-আকাঙ্খিত-কণ্ঠে, নিজ-হস্তে,

সমর পরাবে··· ··

ডাক্তার······(বাধা দিয়ে, কাঁপ্‌তে-কাঁপ্‌তে)

··· ··একটা কথা !

চ'ম্‌কে দু'জনেই ঘুরে দাঁড়াল।

ডাক্তারের রুক্ষ চুল, শুষ্ক মুখ,—সে যেন একেবারে অন্য মূর্ত্তি !

ডাক্তার······(কাঁপ্‌তে-কাঁপ্‌তে, ঢোক্ গিল্‌তে-গিল্‌তে)

শুধু একটা কথা······দেখুন্· ····আমায় মাপ্

ক'র্‌বেন্·········আমি বড় ভীতু·········†টর্‌চার্

একেবারেই সহ্য ক'র্‌তে পারি না······

(ক্রন্দনের স্বরে) নাঃ, আমি ‡স্যুইসাইড্ ক'র্‌ব !······

(একটু সাম্‌লে) এক্‌স্-ওয়ানের মিটিংয়ের কথা······

পুলিসের কাছে······

---

* মিলনী-নাটক † অত্যাচার ‡ আত্মহত্যা

এক-লাফে সমর এগিয়ে গিয়ে জোর ক'রে দু'হাতে ধ'র্‌ল তা'র ঘাড়টা।

সমর……(উগ্র-মূর্ত্তিতে)

কীঃ ?

ডাক্তার……

আপনাকে কষ্ট ক'র্‌তে হবে না,—

—আমি নিজেই সুইসাইড্‌ ক'র্‌ব !

সমর……(ডাক্তারের ঘাড়ে আরও একটু জোর্‌ দিয়ে)

শনিবার আমরা বেহালা এ্যাটাক্‌ ক'র্‌ব, ব'লেছেন্‌ ?

ডাক্তার মাথাটা নিচু ক'র্‌ল।

সমর……

ওরা আপনাকে ছেড়ে দিলে কেন ?

ডাক্তার……

আরও ইন্‌ফর্‌মেস্‌নের জন্যে।

এক-ঝাকুনীতে ডাক্তারকে দূরে ফেলে, সমর পায়চারী ক'রে ভাব্‌তে লাগ্‌ল।

সমর……(ঘুরে ডাক্তারকে)

আপাততঃ, সুইসাইড্‌ স্থগিত রেখে,

ওদের ইন্‌ফর্‌মেস্‌ন্‌ দিয়ে আসুন্‌—

—দক্ষিণের বেহালা-এ্যাটাক্‌ পিওর্‌লি ব্লাফ্‌,

সত্যিকারের এ্যাটাক্‌ হবে, উত্তরের বন-হুগলী।

—যা'ন্‌ !

(ডাক্তারের প্রস্থান)

সমর……(অনেকটা ধাতস্থ হ'য়ে)

এস অভিনেত্রী !—

(নন্দার হাত ধ'রে) বেহালা মঞ্চতেই হবে

তোমার সত্য-অভিনয়ের উদ্বোধন !

আট

১

দক্ষিণ-বেহালা : পার্ক : দিন :

জন-সাধারণের সাম্‌নে নন্দা বক্তৃতা ক'র্‌ছে। ভীড়ের মধ্যে আছে সবাই,—রতন-কাত্তিক যেন দেবী-দর্শন ক'র্‌ছে, মানিক মাতব্বরী ক'র্‌তে ব্যস্ত, ক্যাব্‌লা-বাবু ক্যাব্‌লা হ'য়েই চেয়ে আছে, এমন কি ভট্‌চায্‌ও একটু উঁকি-মার্‌তে এসে জ'মে গেছে।

নন্দা······(বক্তৃতায়)

এই বেহালায় দাঁড়িয়ে, আমি বাংলাকে ব'ল্‌তে চাই,—আজ বাংলার যা' সবার চেয়ে বড় দরকার—সারা-বাংলার সেরা-দাবী······

[২]

একটা পোষ্টার্‌······(লেখা)

বাংলার দাবী

ম্যালেরিয়া ধ্বংস কর

[৩]

দক্ষিণ-বেহালা : দিন

কীর্ত্তনের দল……(গাইছে)

"নিতাই এনেছে নাম।

হরে কৃষ্ণ হরে রাম॥"

একজন কীর্ত্তনীয়া……(গৃহস্থ-গিন্নীর কাছ থেকে ভিক্ষা নেবার সময়)

ঐ জঙ্গলটা কাটিয়ে ফেল মা,

ছেলেদের আর ম্যালেরিয়া হবে না !

[৪]

দক্ষিণ-বেহালা : পাড়ার খোলা জায়্গা : দিন

নন্দা……(বক্তৃতায়)

……স্বাস্থ্যই আন্‌বে স্বরাজ,—

স্বাস্থ্যই রাখ্‌বে স্বরাজ !……

[৫]

পোষ্টার্……(বড় হরফে লেখা)

বাংলার দাবী

ম্যালেরিয়া ধ্বংশ কর

বাংলার মহাত্মা হবে সেই যে ম্যালেরিয়া মার্‌বে

[৬]

দক্ষিণ-বেহালা : দিন :

কীর্ত্তনের দল কীর্ত্তন ক'রেই চলেছে।

একজন কীর্ত্তনীয়া……(গৃহস্থ-গৃহিনীর কাছ থেকে ভিক্ষা নেবার সময়)

……এক-টিন্ ঢাল্‌লে অনেক টিনের দাম বাঁচ্‌বে মা,

—ডাক্তার-বদ্দির খরচা ক'ম্‌বে !

[৭]

দক্ষিণ-বেহালা : পার্ক : দিন :

নন্দা……(বক্তৃতার আবেগে)

……দীর্ঘাকৃতি সুকুমার তন্বী নয়ন—এই ছিল
পলাশীর পূর্ব্বের বাঙ্গালী।……আর আজ !!……

আনন্দে আত্মহারা-হ'য়ে হ'রু-খুড়ো কর-তালি দিয়ে উঠ্‌ল। সেই তালিতে তাল-দিয়ে হাজার-তালি উন্মাদ-আনন্দে উচ্ছ্বসিত হ'ল……

(৮)

দক্ষিণ-বেহালা : পার্কের অপর পার্শ্ব : দিন :
মটর দাঁড়িয়ে র'য়েছে,—মধ্যে ব'সে মমতা ও মজুম্‌দার :

ওপাশের সেই আনন্দ-সম্বর্দ্ধনার কর-তালি থেকে মুখ-ঘুরিয়ে মমতা মটরে ব'সে গোয়েন্দা মজুম্‌দারকে অনুযোগ ক'র্‌ল……

মমতা……(অনুযোগে)

নন্দা সম্বন্ধে, আমার প্রোগ্রামে কাজ কর্‌বার্‌
একটা সুযোগ দিন্‌ কাকাবাবু! — নইলে,……

তা'কে বাধা দিল, ওদিককার নন্দা-সম্বর্দ্ধনার ঘন-ঘন করতালি—
—আর বিরক্ত ক'র্‌ল
যেন-তা'রই-পানে-চেয়ে-অঙ্গভঙ্গীকারী কীর্ত্তনীয়ার 'মাতন'……

"ঐ 'রাই-অঙ্গের' 'ছটা লেগে,
আমার কালা হ'ল 'গোরা' !"

[৯]

ষষ্ঠী-বরের দাওয়া—'ছয় [১৪]' : দিন :

ষষ্ঠী-বর কাঁপ্‌তে-কাঁপ্‌তে প'ড়্‌ছে সমরের-দলের প্রতীক্‌-আঁকা এক-চিঠি। চিঠির-সঙ্গে একখানা নোট।

চিঠি

······টাকা পাঠালাম্। তিন-দিনে আপনার পাশের জঙ্গল সাফ্ না-হ'লে আপনার মৃত্যু······

[১০]

দক্ষিণ-বেহালা : গোমস্তা মশাইয়ের ঘর,—'ছয় [১৩]' : দিন :

ষষ্ঠী-বরের মতই এক-খানা চিঠি ও কয়েক-খানা নোট হাতে ক'রে, গোমস্তা-মশাই চিৎকার ক'র্‌ছে······

গোমস্তা-মশাই······(মুখ বেঁকিয়ে)

আব্‌দার !—

অমন্ ডোবাটা বোঁজাতে হবে,—হুঁঃ !

[১১]

দক্ষিণ-বেহালা : ক্যাব্‌লা-বাবুর বৈঠক-খানা,—'ছয়-[১৬]' : দিন :

অম্‌নি-ধারাই একখানা চিঠী ও নোট হাতে ক'রে, ক্যাব্‌লা-বাবু ইয়ার্‌দের কাছে বীরত্ব ফলাচ্ছে······

ক্যাব্‌লা-বাবু······

মৃত্যু ! মগের মুল্লুক আর কি !

(ইয়ার্‌দের দিকে চেয়ে, হেসে)

শালাদের টাকায় সন্ধ্যেটা কাট্‌বে ভাল, মাইরী !

[১২]

তিন-দিন-পর : দিন : দলের আড্ডা ঘর :

এক-গাদা প্লান্ নিয়ে, সমর, ডাক্তার, দলের আরও অনেকে অলোচনায় ব্যস্ত।

সমর……(জিজ্ঞাসু হ'য়ে, ডাক্তারকে)

আচ্ছা ডাক্তার-সাহেব্,

বিভিন্ন অঞ্চলের এই-কটা ব্রীজ্ উচ্ছেদ বা রি-কন্‌স্ট্রাক্‌ট্ না-ক'রে, আর কোন রকমে কি ওদের আশ-পাশের ম্যালেরিয়া দূর করা যায় না ?

ডাক্তার রায ……(স্থির-বিশ্বাসে)

না, আর কোন রকমেই নয়।

সমর……(আর একটা প্লান্ দেখিয়ে)

আর বেহালার দক্ষিণের

এই জায়গাটাই তা'হ'লে ম্যালেরিয়ার সোর্‌স্ ?

ডাক্তার রায়……(প্লানে দেখিয়ে)

হাঁ—এই পর্য্যন্ত……

সমীর হন্ত-দন্ত হ'য়ে ঘরে এসে ঢুক্‌তে না-ঢুক্‌তে খবর দিল……

সমীর……(হন্ত-দন্ত হ'য়ে)

নন্দা এ্যারেস্‌টেড্ !!

(চম্‌কাল সবাই)

সমর……(চ'ম্‌কে)

এ্যারেস্‌টেড্ ?!!!

আধুনিক-যুগেও সব-রকমের-সীতা-হরণই সর্ব্বহারা রাম-লক্ষণদেরও বুকে সমানই বাজে !

সমীর……(ক্ষণেক পরে)

মমতার প্ররোচনায়……

সমর……(ভাব্‌তে-ভাব্‌তে, অতি-ধীরে)

মমতা !

আর সবাই নিস্তব্ধ—নির্ব্বাক! নিস্তব্ধতা বিরাজ ক'র্‌ল বেশ-খানিকক্ষণ! শেষে,

সমর……(রুদ্র-মূর্ত্তিতে, উঠে-দাঁড়িয়ে)

আজই সন্ধ্যায় হবে—

—অভিনেত্রীর সম্মান-রজনী!

[১৩—১৭]

বাংলার বিভিন্ন-স্থানের পাঁচটা ব্রীজ্ : সন্ধ্যার পর :

গ—ডাম্!……গ—ডাম্!!……উড়্‌ল পর্‌-পর্‌ পাঁচটা ব্রীজ্

[১৮]

বেহালার দক্ষিণের জলা : সন্ধ্যার পর :

আরও ভয়ঙ্কর আওয়াজে সারা-বেহালা কাঁপিয়ে দক্ষিণের জলায় ফাট্‌তে লাগ্‌ল বোমার পর বোমা।

(১৯)

গোমস্তা-মশাইয়ের বাড়ীর সাম্‌নে : সন্ধ্যার পর :

একটাও লোক না-মেরে অজয়ের দল, গোমস্তা-মশাইকে ধ'রে, আওয়াজের পর আওয়াজ ক'র্‌তে লাগ্‌ল রিভল্‌ভারের। …

গোমস্তা মশাই……(ভয়ঙ্কর কাঁপ্‌তে-কাঁপ্‌তে)

কালই,—কালই বোঁজাব ডোবাটা!

দরকার নেই আমার চ্যাং-ব্যাঙ্‌-নেটায়!

[২০]

ক্যাব্‌লা-বাবুর বৈঠক-খানা : সন্ধ্যার পর :

সমর……(বাঁ-হাতে ক্যাব্‌লা-বাবুর গলা চেপে ধ'রে

ডান-হাতে রিভ্‌লবার্‌ উঁচিয়ে, রুদ্র-মূর্ত্তিতে)

হত্যা নয়!—

তুই হ'লি ম্যালেরিয়া-নাশিনী-দেবীর প্রথম বলি!

(গুলি ক'র্‌ল)

নয়

২

জেল : মমতার আফিস্-ঘর : দিন :

টেব্‌লের ওপর এক-প্লেট খাবার প'ড়ে কাঁদছে, নন্দার মুখে কিন্তু চাপা-হাসি! তা'র সেই চাপা-হাসি আর ঠেস-দেওয়া-কথা মমতাকে বড়ই উত্যক্ত ক'রে তুল্‌ছে···

মমতা····· (বিরক্ত-ভাবে)

আমি ছুঁইছি, তা'ই খাবেন্ না,—

—তা'র মানে ?

নন্দা······(ঠেস্-দেওয়া চাপা-হাসিতে)

হিঁদুর মেয়ে, — জাত যে মানি !

মমতা ·····(বিরক্ত হ'য়ে)

আমিই-বা এমন্-কোন্

মেথর-মুদ্দোফরাশের ঘরের······

নন্দা······(মমতাকে বাধা দিয়ে, নিজে জিভ্-কেটে — ঘাড়-নেড়ে)

······মেথর-মুদ্দোফরাশ্ ত'

আজ্‌কের দিনে আমাদের স্বজাত্ !

মমতার চোখ-দু'টো উঁচু-হ'য়ে যেন জান্‌তে চাইল,—তবে ?

নন্দা······(চাপা-হাসিতে, ঠেস্-দিয়ে)

দেশের বিরুদ্ধে যে বে-কাজ করে,

সেই আমাদের বে-জাত্ !

(হাসি)

মমতার দৃষ্টি হ'ল—যুদ্ধং দেহি !

মমতা·····(গাল-দেওয়ার-স্বরে)

আচ্ছা-আচ্ছা !—

একটা *এ্যাক্‌ট্রেস্(Actress),—তা'র আবার !······

গাল-খেয়েও নন্দা হাস্‌তে লাগ্‌ল······

মমতা····(দস্তুর-মত রেগে)

দেখুন্, ভাল চান্ ত' সোজা উত্তর দেবেন্ !

গলায় আঁচল-জড়িয়ে, চাপা-হাসিতে নন্দা হাত-জোড়-ক'রে দাঁড়াল······

মমতা······(সে-দিকে দেখেও না-দেখে)

সমর-বাবুর সঙ্গে আপনার আলাপ কত-দিনের ?

নন্দা······(গলায়-আঁচল, হাত-জোড়, খুব টেনে)

অ—নে—ক দি—নে—র !

(ভাবের অভিনয়ে) আহা !—

"বিশ্ব যখন মগ্ন ছিল অতল প্রলয় জলে।

'ওঁতে-আমাতে' মিশিয়ে ছিলাম্ একই শৈবাল-দলে ॥

(সেই চাপা-হাসি)

মমতা······(ভয়ঙ্কর চ'টে)

সব-জায়গাতেই অভিনয় !

নন্দা ·····(ঘাড় নিচু ক'রে, তেম্‌নি চাপা-হাসিতে)

আজ্ঞে ঐটেই ত' — আমার পেশা !

মমতা······(কাঁপ্‌তে-কাঁপ্‌তে)

কীঃ !

---

* এ্যাক্‌ট্রেস্ (Actress)=থিয়েটারের-সঙ্

(২)

দলের আড্ডা-ঘর : দিন :

সমীর......(সমরকে)

মমতা নন্দাকে টর্‌চার্‌ ক'র্‌তে ব্যগ্র,
কিন্তু গোয়েন্দা মজুম্‌দার্‌ নারাজ......

ডাক্তার রায়......(হাসি-মুখে, ঘরে ঢুকেই)

চমৎকার !—
আপনার প্রোগ্রামে মাত্র সাতটা দিনের মধ্যেই
সারা-বেহালায় এমন-একটু অপরিচ্ছন্ন স্থান থাক্‌ল না,
যেখানে ম্যালেরিয়া-ব্যাসিলি
একটু মাথা-গুঁজে থাক্‌তে পারে !

সমর......(সন্তুষ্ট-চিত্তে)

এ প্রোগ্রামে বাংলার ম্যালেরিয়া
সাত-মাসেই শেষ হবে, ডাক্তার !
এই দেখুন্‌-না, এরই মধ্যে
চ'ব্বিশ্‌-পরগণার অনেক-জায়গাতেই
শুধু চিঠিতেই লোকে কাজ ক'র্‌ছে !

সমীর......(হেসে)

কিন্তু দাদা, ভক্তিতে নয়—ভয়ে !

(হাস্‌ল সবাই)

সমর......(সমীরকে)

এক-শ' বছরের অনুরোধ-উপরোধ
যে-দরকারী কাজে ব্যর্থ, তা' যদি ভয়েই
সাত-মাসে সুসম্পন্ন হয়, — মন্দ কি ভাই !

সমর······(ডাক্তারের দিকে ফিরে)

হাঁ, ডাক্তার-সাহেব্!—
আপনাকে আর সমীরকে
একটা শক্ত-কাজের ভার দিচ্ছি!—
—যদি সু-সম্পন্ন ক'র্‌তে পারেন্,
(হাসি মাখিয়ে) আপনার সাদীতে স্ব-হস্তে
শত-সন্দেস খেয়ে নব-দম্পতিকে সম্মানিত ক'র্‌ব!

(সবার উচ্চ-হাস্য)

ডাক্তার······(হাসির শেষে)

ব্যাপার কি ব'লুন্ ত'?

সমর······(গাম্ভীর্য্যে)

মমতাকে ক্যাপ্‌চার্ ক'রে······

(৩)

জেল : মমতার আফিস্-ঘর,—'নয় ১' : দিন :

মমতার গোয়েন্দাগিরির-মর্য্যাদা চুর্‌মার্-ক'রে রগড়্-ক'র্‌তে নন্দা আমোদ পাচ্ছে,—তা'র একটা কারণ, সমর-সম্বন্ধে মমতার প্রশ্ন-গুলো আর-যা'-হোক্ ঠিক্ যেন গোয়েন্দাগিরি কিন্তু নয়!

মমতা······(একটু নরম স্বরে, নরম চাহনিতে)

আপনারা নিশ্চয়ই পরস্পর-পরস্পরকে ভালবাসেন্?

(চাপা-নিশ্বাস)

নন্দা······(চাপা-হাসিতে)

আজ্ঞে, আমরা দু'জনেই বোধহয় ভালবাসি
একই জিনিষ — চির-বিরহ!

মমতা……(আরও নরম হ'য়ে, যেন একটু ভাব্‌তে-ভাব্‌তে, কতক অন্যমনস্ক-ভাবে)

আচ্ছা, সমর-বাবু আর-কাউকে ভালবাসেন্?

নন্দা……(জলদে-গাম্ভীর্য্যে)

সে-কথা জান্‌বার্ কোন প্রয়োজন……

মমতা চ'ম্‌কে চাইল!

নন্দা আবার হাস্‌ল।

নন্দা……(হাসি চেপে)

হাঁ—হাঁ, জানি বৈ-কি!—

(স্বর্গের পানে আঙ্গুল দেখিয়ে) তারা!

(গর্ব্বে নিজেকে দেখিয়ে) মুদারা!!

(তাচ্ছিল্যে অর্দ্ধেক-আঙ্গুলে মমতাকে দেখিয়ে) উদারা!!!

(উচ্চ-হাস্য)

এদিকে নন্দার উচ্চ-হাস্য,

ওদিকে ফোনের ডাক্।

নন্দা……(উচ্চ-হাস্যে)

আপনার ভাগে মাত্র আধ-খানা মাছ!

(আবার উচ্চ-হাস্য)

দারুণ বিরক্তিতে মমতা ফোনের আশ্রয় নিল।

মমতা……(ফোনে চুপি-চুপি, — নন্দার অলক্ষ্যে)

হ্যালো!……কে, ডাক্তার-সাহেব্

তবুও ছাড়্‌বার্-পাত্রী নন্দা নয়!

পর-পৃষ্ঠার মধ্য-স্থিত—

* আর্‌মস্-এ্যামিউনিস্‌নস্ (arms-ammunition)=অস্ত্র-শস্ত্র

† ইন্‌ট্রোডিউস্‌ড্ (introduced) হওয়া=আলাপ করা

নন্দা হাসি-মাখা-স্বরে কীর্ত্তনের-সুরে গেয়ে উঠ্‌ল ···· ফোনের মুখ বন্ধ ক'রে নিতান্তই অ-বৈষ্ণবী-ভাবে মমতা দাঁতে-দাঁত চাপ্‌তে লাগ্‌ল · ···

নন্দা······(কীর্ত্তনের ঢংয়ে, হাস্‌তে-হাস্‌তে গাইতে লাগ্‌ল)

গান

তোমার লাগিয়া টিক্‌টিকি হইব,
ঘুরিব পথে বিপথে !
দে-রে দে, আমার মটর এনে দে······

হাস্‌তে-হাস্‌তে গাইতে-গাইতে নন্দা চ'ল্‌ল।

মমতা······(ফোন্ মুখে তুলে)

হাঁ—ব'লুন্ ?······
(অতি-মনোযোগে) বলেন্ কি, মেয়েটির কাছেই
ওদের সব *আর্‌ম্‌স্‌-এ্যামিউনিস্‌ন্‌স্ থাকে !······
······হাঁ-হাঁ······মেয়েটী এখন কোথায় ?······
এখনই † ইন্‌ট্রোডিউস্‌ড্‌-হওয়া ভাল ?······
······বেশ-বেশ, আমি এখনই যা'চ্ছি।

ফোন্ রেখে মমতা চ'ল্‌ল।

(৮)

গোয়েন্দা মজুমদারের আফিস্ : দিন :

গোয়েন্দা-মজুমদার······(মমতার সেক্রেটারী মিস্ দত্তকে)

······আপনার কাজে-কর্ম্মে
সন্দেহ-কর্‌বার্ যথেষ্ট-কারণ আমাদের আছে।
সে-যা'ই-হোক্, আর কোন নোটীশ্ না-পাওয়া পর্য্যন্ত
আপনি আফিসে আস্‌বেন্ না।—
—আপনি এখন যেতে পারেন্।

(সেক্রেটারীর প্রস্থান)

গোয়েন্দা মজুম্‌দারের সহকারী হন্ত-দন্ত হ'য়ে ঘরে ঢুক্‌ল·····

সহকারী······(হাঁপাতে-হাঁপাতে)

ডাক্তার রায় আর ড্রাইভার্‌-সমীর একই গাড়ীতে······

গোয়েন্দা মজুম্‌দার ·····(ব্যস্ত হ'য়ে বাধা দিয়ে)

······ডাক্তার রায় !?

(ফোন্‌ তুলে) রিজেন্‌ট্‌ ৩৩৯······মমতা আছে ?······

এইমাত্র বেরিয়েছে ?!······ডাক্তার রায় !?

(ফোন্‌ রেখে, ব্যস্ততায় উঠে যেতে-যেতে, সহকারীকে) চল'—শীগ্‌গীর্‌ !

(৫)

একটা খালি-বাড়ীর ঘর : দিন :

সমর ও অজয় টেব্‌লের ওপর চা ও খাবার রেখে ঘরটা একটু সাজিয়ে নিচ্ছে।

সমর······(অজয়কে)

শীগ্‌গীর্‌—শীগ্‌গীর্‌ !

অজয়······(কাজ ক'র্‌তে ক'র্‌তে)

কা'র জন্যে এত' আয়োজন, সমরদা' ?

সমর······(একটু হেসে)

আমার··· · আমার উদারা !

অজয়······(বুঝ্‌তে না-পেরে)

উদারা ?

সমর······(আবার একটু হেসে, বুঝিয়ে দিল)

হাঁ—রে !

আমার এমন একটি দারা

যা'র কাজে-কর্ম্মে আমায় ক'র্‌তে হয়——উঃ !!

(গালে হাত দিয়ে, অভিনয়ে)

ছ'জনেই হাস্‌তে লাগ্‌ল।

ডাক্তার রায় এসে হাজির হ'ল।

ডাক্তার রায়……(সমরকে)

আস্‌ছেন্।

সমর…… (চোখ-তুলে চেয়ে)

আন্‌তে কোন বে-খাতির ক'র্‌তে হয়-নি ত' ?

ডাক্তার……(হেসে)

না—নাঃ !

বোনের চেয়েও বেশী, বৌদির-মতই খাতির করেছি।

(সবারই হাস্ত)

সমর · …(হেসে)

আচ্ছা, এই ঘরে… ‥

আপনারা থাক্‌বেন্ না কিন্তু !

(ডাক্তার চাপা-হেসে চ'ল্‌ল)

(অজয়কে, হাসি মিশিয়ে) পালা—শীগ্‌গীর্ পালা !

অজয়ও হেসে চ'ল্‌ল।

সমর শেষ-বার্ টেবল্‌টা ঠিক ক'র্‌তে লাগ্‌ল।

(৬)

থালি-বাড়ীর ঘরের পাশের হল : দিন :

ডাক্তার রায় মমতাকে সঙ্গে ক'রে হলে ঢুক্‌ল।

ডাক্তার রায়……(মমতাকে)

আপনি ঐ ঘরে ব'স্থন্,

আমি মেয়েটীকে ডেকে আনি।

ডাক্তার তর্-তর্ ক'রে পাশের সিঁড়ি দিয়ে ওপরে উঠ্‌ল।

আস্তে-আস্তে এগিয়ে গিয়ে মমতা পাশের ঘরের পর্‌দা সরাল।

(৭)

খালি-বাড়ীর ঘর,—'নয়-(৫)' : দিন :

পাশের ঘরে পা দিয়েই মমতা চেয়ে দেখ্‌ল টেব্‌লের ওপর রকম-বেরকমের লোভনীয় খাবার, আর ঘর জন-মানব-শূন্য !

খাবারের পানে চোখ্‌ রেখে সে ভাব্‌তে লাগ্‌ল।

চ'ম্‌কে সে চাইল—সাম্‌নে সমর !—

—একটা সাদা-রুমাল ওড়াতে-ওড়াতে, সমর এগিয়ে আস্‌ছে ·····

সমর······(হাসি-মুখে, রুমাল ওড়াতে-ওড়াতে, এগিয়ে আস্‌ছে)

ওঁ শান্তি, শান্তি, শান্তি !

(কাছে এসে, একবার মাথা নিচু ক'রে) দেবী,—

(চা দেখিয়ে) এই তোমার আর্‌ম্‌স্‌,

(খাবার দেখিয়ে) এই তোমার এ্যামিউনিস্‌ন্‌স্‌ !

—দেখ্‌ছ' কি, ব'সে পড়' !

একটা কথাও না-ব'লে, একটু হাসিও না-হেসে, মমতা ফিরে চ'ল্‌ল দরজার দিকে,······সিংহের মত গতিতে এগিয়ে সমর দু'হাত বাড়িয়ে আগ্‌লাল সেই দরজা।

সমর····· (মমতারই 'এক (৪)' দৃশ্যের অনুকরণে)

আচ্ছা, এতদিনের এতোর বিনিময়ে,

মাত্র একটা দিন তোমাকে প্রাণ-ভরে খাওয়ানোর

দাবী-টুকু আমায় দেবে না !

নিতান্তই অশান্ত-হ'য়ে টেব্‌ল-চেয়ারের আশ্রয় নিয়ে,

মমতা ফোঁপাতে লাগ্‌ল······

সমর······(চাপা-হাসিতে)

আরে ছি-ছি,

তুমিও দেখ্‌ছি একেবারেই মেয়ে-ছেলে !

মমতা……(ফোঁপাতে-ফোঁপাতে অনুযোগের স্বরে)

সামান্যা একটা মেয়েকে……একলা পেয়ে……

……অপমান……

(আরও বেশী ফোঁপাতে লাগ্‌ল)

সমর……(হাসির-রেখায়, আশ্চর্য্যের অভিনয়ে)

সামান্যা !! —এ যে অতি-বিনয়, মমতা !

ব্রিটিশ-ভারতের এক-ছত্রা মেয়ে-গোয়েন্দা………

মমতা……(সজল চোখে মুখ তুলে, বাধা দিয়ে, রেগে)

এই গোয়েন্দা হ'তে আমায় বাধ্য ক'রেছে কে ?

(মুখ নামিয়ে আরও ফোঁপাতে লাগ্‌ল)

সমর …(হাসির রেখায় আরও আশ্চর্য্যের অভিনয়ে)

আমি নাকি মমতা !

অহো, স্ত্রীয়াশ্চরিত্রং দেবা ন জানন্তি কুতো মনুষ্যাঃ !

মমতা…… (মুখ না-তুলেই, ফোঁপাতে-ফোঁপাতে)

একটা মেয়েকে……ধ'রে এনে……এত' বাক্যবাণ…

সমর……(হেসে, ঠেস্‌ দিয়ে)

রাম-চন্দোর ! —

মেয়ে-ধরার-আর্টটা এখনও

গোয়েন্দাদের কাছ-থেকে শিখে নেবার সুযোগ হয়-নি !

(গাম্ভীর্য্যে) তা'ছাড়া,

তোমায় ধ'রে এনেছি বেঁধে রাখ্‌বার্‌ জন্যে নয়,—

মাত্র একটা কথা ব'লে আবার ছেড়ে দেবার জন্যে।

মমতা……(মুখ তুলে, আশ্চর্য্যের চাহনিতে)

ছেড়ে দেবার জন্যে !?

সমর……(বিনা-দ্বিধায়)

এখুনি——স-সম্মানে।

মমতা সমরের পানে চেয়ে-চেয়ে কি ভাব্‌ল,

তা'রপর চায়ের-কেট্‌লীটা হাতে তুলে নিল।

মমতা……(চোখ-মুছে)

ব'লুন্—আপনার কি কথা ?

সমর……(গাম্ভীর্য্যে)

নন্দার কথা। —

তা'কে আর কখনও কষ্ট-দেবার চেষ্টা ক'রো-না—

—এইটুকু আমার অনুরোধ !

মমতা… …(চা ঢাল্‌তে-ঢাল্‌তে, মুখ না-তুলে)

আপনার এ-অনুরোধ যদি না-রাখি ?

সমর……(ভ্রুকুটির হাসি মিশিয়ে)

আমাদের নীতি — শঠে শাঠ্যং সমাচরেৎ !

মমতা চম্‌কাল !—

চা-ঢালা বন্ধ হ'ল।

মমতা…… (সমরের পানে চোখ রেখে)

অর্থাৎ, নন্দাকে যতটা কষ্ট দেব',

সুযোগ-মত আপনি আমায় ঠিক ততটা কষ্ট দেবেন্ !?

সমর……(পরিষ্কার-ভাবে, ধীর-লয়ে,

একটার পর আর-একটা কথা উচ্চারণ ক'র্‌তে লাগ্‌ল)

হাঁ, — *কম্‌পাউন্‌ড্‌ ইন্‌টারেস্‌ট্‌ সমেত্‌ !

---

* সুদের সুদ শুদ্ধ !

মমতা····· (নিতান্ত মেয়েলী-ঢংয়ে, ব্যথিত-আন্তরিকতায়)

পার্‌বেন্ !?

সমর····· (হাস্‌ল, পরে সরল-ভাবে)

পরখ্-কর্‌বার্ এ-যে জায়গা নয়, মমতা !

এর মধ্যে জড়িত একটা মেয়ে,—

—যা'র প্রীতি শ্রদ্ধার সম্পদ !

মমতা······(আবার চা-ঢাল্‌তে-ঢাল্‌তে)

নন্দাকে আপনি শ্রদ্ধা করেন্ ?

সমর······(অসঙ্কোচে)

হাঁ——আন্তরিক শ্রদ্ধা !

সমরের-দিকে চায়ের-কাপ্ বাড়িয়ে ধ'র্‌ল মমতা,
মুখে তা'র মিষ্টি হাসি—বর্ষার পরে শরতের নির্ম্মল হাসি !
রূপ-কথার রাজ-কন্যার চেয়ে বাস্তবের প্রজা-কন্যা ঢের ভাল,—
যদি তা'র মুখে থাকে এম্‌নি-ধারা হাসি !

সমর······(মিষ্ট হেসে, মিষ্ট অভিনয়ে)

কতদিন পরে সই !

(সম্মিলিত উচ্চ-হাস্য)

১

মমতার আফিস্ : দিন :

ঈজি-চেয়ারে কাত্-হ'য়ে মমতা ভাব্‌ছে,—প্রতি-অঙ্গ সে নিয়োজিত ক'রেছে তা'র এই ভাব্‌নায়! তা'ই, পাশের উৎসুক-নন্দার পানে তা'র চাহনিটা দেখাল যেন দৃষ্টি-হারা! তন্ময় হ'য়ে ভাব্‌তে-ভাব্‌তে তা'র কানে বাজ্‌তে লাগ্‌ল, সমরের সেই কথা······

(সমরের কথা)······

যা'র প্রীতি শ্রদ্ধার সম্পদ!
যা'র প্রীতি··················

নন্দা······(গেয়ে উঠ্‌ল, মমতার রকম দেখে)

গান

···················পীরিতি ভাল !!
হাসিতে হাসিতে পীরিতি করিয়া,
কাঁদিতে কাঁদিতে জনম গেল!
সখিরে························
(তবু) পরাণ বলে পীরিতি ভাল !!

নন্দার এমন সংস্কার-করা গানও আজ একেবারে ব্যর্থ হ'ল,—মমতার তন্ময়তা ভাঙ্গ্‌তে পার্‌ল না। বরং নন্দার গানের সময়, মমতার কানে ভেসে আস্‌ছিল—

—পর-পর সমরের এক-একটা কথা :—

—নন্দাকে আন্তরিক শ্রদ্ধা ক'রি!
—কম্‌পাউন্‌ড্ ইন্‌টারেস্‌ট্!
—শঠে শাঠ্যং সমাচরেৎ!

[২]

টাইটেল্‌……(প্রথম খবরের কাগজের)

জেলে আনন্দা পীড়িতা

[৩]

টাইটেল্‌……(দ্বিতীয় খবরের কাগজের)

আনন্দার পীড়া সাংঘাতিক

[৪]

টাইটেল্‌……(তৃতীয় খবরের কাগজের)

ডাক্তার রায় এ্যারেস্‌টেড্‌

[৫]

টাইটেল্‌……(চতুর্থ খবরের কাগজের)

মৃত্যু-মুখে আনন্দা

মুক্তি কিম্বা চেঞ্জ্‌—সাধারণের আবেদন

[৬]

টাইটেল্‌……(পঞ্চম খবরের কাগজের)

সরকারের সুমতি

চেঞ্জ্‌ ও মুক্তি—দুইই

[৭]

পঞ্চম খবরের কাগজ-খানা মনোযোগ দিয়ে সমর প'ড়্‌ছে……

আনন্দার অবস্থা খারাপ। তা'ই সর্‌কার তা'কে সাগরের তীরে নির্জ্জনে রেখেছেন! আপাততঃ অনুমতি-ব্যতিত সাক্ষ্যাৎ-নিষেধ। সেরে-উঠ্‌লে মুক্তি।

[৮]

সমর প'ড়্‌ছে অন্য-দিনে আর-একখানা খবরের কাগজ……

আনন্দার অবস্থা অত্যন্ত খারাপ,

ভুল ব'ক্‌ছে—"এসেছ! ওগো তুমি এসেছ!"

কাগজটা ফেলে সমর রিভল্‌বার্‌টা কোমরে এঁটে-নিয়ে বেরিয়ে প'ড়্‌ল।

[৯]

সাগর-তীর : বাড়ীর-সাম্‌নে গেট্‌ ও রাস্তা : রাত :

একটু আড়ালে-দাঁড়িয়ে-থেকে সমর দেখ্‌ল, — বাড়ীর মধ্য-হ'তে রোগী-দেখে বৃদ্ধ-ডাক্তার গাড়ীতে উঠ্‌তে আস্‌ছে, সঙ্গে একটি নার্স।

বৃদ্ধ-ডাক্তার……(নার্সকে)

……খুবই সিরিয়াস্‌! রাতে একটু সাব্‌ধানে থেকো।

হাঁ, বাড়ীতে আর কে আছে?

নার্স……(বিনয়ে)

আজ্ঞে, — চাকর, দরোয়ান আর আমি।

আর কারোর ত' আস্‌বার পার্‌মিস্‌ন্‌ নেই!

বৃদ্ধ-ডাক্তার……(ভাব্‌ল)

তা'ই-ত'!

মুখ-খানা অন্ধকার-ক'রে অন্ধকারের-মধ্যে বৃদ্ধ-ডাক্তারের গাড়ী চ'ল্‌ল!
আরও বেশী অন্ধকার মুখে-মাখিয়ে নার্স ফিরে গেল।
কিন্তু সবার-চেয়ে বেশী অন্ধকার হ'ল সমরের মুখ।

[১০]

সাগর-তীরের বাড়ীর পাঁচিল : রাত্‌ :

গেট্‌-দিয়ে ঢোকার অনুমতি নেই কি-না,
তা'ই সমর সোজা-পথ বেছে নিল,—পাঁচিল টপ্‌কাল!

[১১]

সাগর-তীরের বাড়ীর কম্‌পাউন্‌ড্‌ : রাত্‌ :

উঁকি-ঝুঁকি-মেরে সমর বুঝ্‌ল ওপরের ঘরে রোগী নন্দা। সিঁড়িতে ঢোকার অনুমতি তা'র নেই, — উড়েও ওপরের-তলায় ওঠার মত জ্ঞান এখনও বিজ্ঞানের জন্মায়-নি, তা'ই সমরকে দেওয়াল বেয়ে-বেয়েই উঠ্‌তে হ'ল!

[১২]

সাগর-তীরের বাড়ী : এক-তলার বারাণ্ডা : রাত্ :

এক-তলার বারাণ্ডায় মাথা তুল্তেই, সমর শুন্ল—রোগিনীর করুণ কাত্রাণী,—দেখ্ল খাটের পাশ-বেয়ে এলিয়ে-প'ড়েছে রোগিনীর শোকাতুরা চুলগুলো ! অত্যন্ত-উদ্বেগে নার্স একটা ওষুধ দিতে-গিয়ে থেমে ভাব্ল · ··· পরক্ষণেই সে তাড়াতাড়ি চ'ল্ল বাইরে, বোধহয় আর একটা কোন ওষুধ আন্বার জন্যে ।

সমর······(অত্যন্ত আবেগে)

নন্দা !!!——

——ছুটে সে একেবারে এসে-প'ড়্ল প্রায় রোগিনীর কাছ পর্য্যন্ত······

······হ্যান্ড্স্—আপ্ (Hands—Up) !!!—

—চিৎকার ক'রে উঠ্ল গোয়েন্দা মজুম্দার, সঙ্গে তা'র সব সহকারী—সবাই উঁচিয়ে আছে রিভল্বার্ !

—অট্ট-হাস্যে উঠে-ব'সে কৃত্তিম-রোগিনী বুঝিয়ে দিল সে মমতা !

শ্যেন-দৃষ্টিতে সমর দেখ্ল—একে একে সবাইকে ।

সমর······(গোয়েন্দা মজুম্দারকে, ঠেস্ দিয়ে)

চমৎকার গোয়েন্দা মজুম্দার !

(ঘৃণার-আঙ্গুল মমতার পানে বাড়িয়ে)

শিখণ্ডীনম্ সম্মুখম্ স্থাপয়িত্বা······

(উচ্চ্য-হাস্য)

গোয়েন্দা মজুম্দার্······(আদেশের স্বরে)

······ইয়োর্—রিভল্বার (Your—Revolver) ?

সমর কোমর-থেকে রিভল্বার বা'র্ ক'র্ল। কেমন-এক-রকম হাসি মুখে-মাখিয়ে সে রিভল্বারটা তা'র নিজের হাতে নাচিয়ে খেল্তে-খেল্তে ······এক ঝুঁকি-মার্ল মমতার দিকে—মমতা ভয়ে আঁত্কে উঠ্ল, সমর অট্ট-হাস্য ক'রে উঠ্ল।

সমর……(হেসে, মমতাকে)

কোন ভয় নেই !—

শিখণ্ডী-বধ শাস্ত্রে নিষিদ্ধ !

(হাসি থামিয়ে)

তবুও, মুক্ত-কণ্ঠে স্বীকার ক'র্ছি—

—তুমি ওস্তাদ্ খেলোয়াড়্ !

(একটু থেমে)

সমস্ত-সমরটাকে ধ'র্তে পার বা না-পার,

তা'র দেহটাকে ধর্বার ক্রেডিট্—তোমারই !

আত্ম-হত্যার জন্য, রিভল্বারটা ঘুরিয়ে সমর লক্ষ্য ক'র্ল তা'র নিজেরই বুক—নিমেষে উন্মাদিনী মমতা ঝাঁপিয়ে প'ড়ে সেই রিভল্বার্ ধ'র্ল, মুখে মমতার চিৎকার নয়—আর্ত্তনাদ ! সে-আর্ত্তনাদে সাড়া-দিল সবাই,—স্বয়ং মজুম্দার বাঁধ্ল জাস্ত-সিংহ সমর-সিংহ !

[১৩]

কোর্ট : দিন :

কাট্গড়ায় দাঁড়িয়ে সিংহ আজ শান্ত !

কিন্তু দুর্দ্দান্ত-ভাবে সাক্ষী হরু-খুড়ো সবাইকে হাসাচ্ছে, অবশ্য তা'র নিজস্ব 'ব্যাটেল্'-বিক্রমে !

হরু-খুড়ো……(সাক্ষ্য দিতে-দিতে)

……সে-রাতের বোমা আর বন্দুকের আওয়াজে,

মনে হ'ল……মনে হ'ল যেন ব্যাটেল্ অফ্ বেহালা !

হাস্ল সবাই — এমন-কি 'পাকা-জার্নালিষ্ট্' মানিকও রিপোর্ট-লেখা স্থগিত রেখে হাস্তেই লাগ্ল।

কেবল মমতা আজ বড় ম্লান !

বিচার-পতি……(পদবীর মর্য্যাদা অনুযায়ী গাম্ভীর্য্যে)

অর্ডার্ (Order)—অর্ডার্ (Order) !

সমর······(সহাস্যে, সাক্ষীকে)

ব্যাট্‌ল্ অফ্ বেহালার—*রেসাল্‌ট্ (result) ?

সরকারী-উকিল······(দাঁড়িয়ে উঠে)

† I object, Your Honour······

আসামীর-উকিল······(সঙ্গে-সঙ্গে)

······‡ When the Accused himself is questioning, Your Honour,······

বিচার-পতি······(গাম্ভীর্য্যে)

† Objection over-ruled.

হ'রু-খুড়ো······(সমরের প্রশ্নের উত্তর দিল)

রেসাল্‌ট্ ?—

—রক্ত-বীজের-বংশধর ম্যালেরিয়া-দানবের হ'ল প্রথম-পরাজয় !

সবাই আবার উচ্ছ্বসিত হ'য়ে হাস্‌ল।

সমরের হাসির মধ্যে উঁকি-মার্‌তে লাগ্‌ল কেমন-একটা তৃপ্তি !

কেবল পলক-হীন পাষাণ-চোখে চেয়ে রইল মমতা !

[১৪]

কোর্ট : দিন :

সরকারী-উকিল······(জুরীদের কাছে বক্তৃতা ক'র্‌ছে)

······*এন্‌ড্ (End) যত' মহৎই হোক্-না-কেন, †মীন্‌স্ (Means) যদি ক্রীমিন্যাল্ হয়, তা'-হ'লে আপনারা ব'ল্‌বেন্—‡গীল্‌টী (Guilty)······

* ফল কি হ'ল ? † এ-প্রশ্ন আইন-সঙ্গত নয়, ধর্ম্মাবতার !

‡ আসামী নিজে যখন প্রশ্ন ক'র্‌ছে, ধর্ম্মাবতার······ † এ-প্রশ্ন আইন-সঙ্গত

[১৪]-দৃশ্যে :— * উদ্দেশ্য † পন্থা ‡ দোষী

[১৫]

কোর্ট : দিন :

আসামীর-উকিল······(জুরীদের কাছে বক্তৃতা ক'র্‌ছে)

······কোন *মীন্‌স্‌ই (Means) ‡মিন্‌ (mean) নয়,

†এন্‌ড্‌ (End) যদি মহৎ হয় !······

[১৬]

কোর্ট : দিন :

বিচার-পতি······(কাল-টুপী মাথায়, রায় দিচ্ছেন)

······† will be hanged by the neck

till you are dead.

রায়-শুনে সমরের হাসি-পেল।

চ'ম্‌কে ফিরে সে দেখে—

—কুঁকিয়ে-কেঁদে মমতা অজ্ঞান হ'য়ে প'ড়্‌ল মাটিতে !

সমর······(এক-লাফে ছুটে এগিয়ে)

মম—!!!

(মমতার মাথাটা কোলে তুলে নিল)

গোয়েন্দা মজুম্‌দার চোখ-ইসারায় গার্ডদের বাধা-দিতে বারণ ক'র্‌ল।

মানিক তা'র ক্যামেরায় পুট্‌-ক'রে একটা 'স্নাপ্‌'-নিল।—

—তিরিশ-টাকার পাকা-জার্‌নালিষ্ট্‌ সত্যিই তিন-হাজার টাকার কাজ গুছিয়ে নিল !

সমরের সমগ্র-লক্ষ্য কিন্তু জ্ঞান-হারা মমতার ম্লান মুখেরই পানে।

---

* পন্থা ‡ দোষনীয় † উদ্দেশ্য

† যতক্ষণ পর্য্যন্ত-না মৃত্যু হয়,
ততক্ষণ-পর্য্যন্ত রজ্জু-দ্বারা দোলায়মান থাকিবে।

এগার

১

মমতার ঘর : সকাল :

মেঝেতে প'ড়ে-র'য়েছে একখানা খবরের কাগজ।

কাগজ-খানার ওপরে বড়-অক্ষরে লেখা······**সমরের ফাঁসি**

সেই লেখার নিচে একখানা বড়-ছবি। ছবিতে র'য়েছে আবেগ-ময় সমরের

কোলে জ্ঞান-হারা মমতা। ছবির নিচে লেখা······**মম** !

কাগজ-খানার পাশে মেঝেতেই প'ড়ে-র'য়েছে মমতা,—

—তা'র মুখ-ময় মরমীর ম্রিয়মাণ ম্লানিমা !

মলিন-মাথাটা তা'র শান্ত-আশ্রয়-পেয়েছে সান্ত্বনার-শেষ-সম্বল-স্বরূপ

নন্দার নিভৃত-কোল,—

—তা'রও মুখ-ময় দরদীর দীপ্তি-হীন দুখ-ছায়া !

মমতা······(বেদনায়)

দিদি ?

নন্দা······(সম-বেদনায়)

বোন্ !

মমতা······(পাশের কাগজটার পানে চোখ রেখে)

ছি-ছি, এ কি-কলঙ্ক !

নন্দা······(সান্ত্বনায়)

না—ভাই !

প্রেম যে চির-সুন্দর !—

তা'ই, এ তোমাদের কলঙ্ক নয় — গর্ব্ব !

মমতা······(বেদনার একটা দীর্ঘ-নিশ্বাস ফেলে)

স্বপ্নেও কখনও ভাবি-নি — ওঁর ফাঁসি হবে !

(২)

জেলরের ঘর : সকাল :

গোয়েন্দা-মজুম্‌দার······(জেলরের পানে চেয়ে)

ছি-ছি, আমাদের ছেলে-মেয়েরা
কি করে না-করে তা'র এতটুকু খবর রাখি না,—
আর আমরা গর্ব্ব করি আমরা সি-আই-ডি !?

(৩)

মমতার ঘর—'এগার ১' : সকাল :

নন্দা······(সান্ত্বনার স্বরে, তা'র কোলের মমতার পানে চেয়ে)

শত্রু-ভাবে সাধনা ক'রেছ,
—তা'ই, তিন-জন্মেই দেবতা পাবে বোন !

মমতা······(ব্যথায়)

তুমি জান-না দিদি,
উনি আমায় কত-ঘেন্নায় ব'লেছিলেন্—শিখণ্ডী !

নন্দা······(একটু জোর্ দিয়ে)

আমি জানি ভাই,
একমাত্র তোমাকেই উনি বলেন্—মম !

মমতা······(ম্লান হেসে)

মমতাকে মম ব'ল্‌বেন্-না, তবে কি নন্দা ব'ল্‌বেন্ ?

নন্দা······(ম্লান-হাসি চেপে)

"মম"—মানে কি-রে ?

মমতা······(না ভেবে, ফস্-ক'রে)

"আমার" ।—

নন্দার হাসি সজাগ ক'রল মমতার লজ্জা) —ওঃ —যাও !

নন্দারই-কোলে মমতা মুখ-লুকাল, ম্লান-হাসির কোলে ম্লান-লজ্জা লুকিয়ে বাঁচ্‌ল !

(৪)

জেলরের ঘর,—'এগার (২)' : সকাল :

জেলর সেন······(গোয়েন্দা মজুম্‌দারকে)

তা' হ'লে এখন উপায় ?

গোয়েন্দা মজুম্‌দার······

উপায় ?—

একমাত্র উপায় লাট্‌-সাহেবের কাছে আবেদন,

—যা'তে রাজানুগ্রহে সমরের ফাঁসি রদ্‌ হয়।

[৫]

লাট্‌-সাহেবের বাড়ী : আফিস্‌-ঘর : দিন :

দেশের-নেতা······(লাট্‌-সাহেবের কাছে আবেদন ক'র্‌ছে)

*My last submission, Your Excellency,
is that People would appreciate it
as a graceful act on the part of the Crown
if Samar Singha is granted King's Pardon !

লাট্‌-সাহেব্‌······

My information is, — People so far
haven't shown any concern
over the matter at all.

---

* দেশের-নেতা······(লাট্‌-সাহেবের কাছে)

ধর্ম্মাবতার, জন-সাধারণের সানুনয় অনুরোধ,
আপনি রাজানুগ্রহে সমর-সিংহের ফাঁসি রদ্‌······

লাট্‌-সাহেব্‌······

সমর-সিংহের জন্য আজ পর্য্যন্ত,
কোন-লোক টুঁ-শব্দও ক'রেছে ব'লে ত' আমার জানা নেই !

[৬]

লাট্-সাহেবের বাড়ী : আফিস্-ঘর,—'এগার [৫]' : দিন :

মিনিষ্টার্ ·····(লাট্-সাহেবের কাছে আবেদন ক'র্‌ছে)

······† To be frank, Your Excellency,
Samar Singha has done something,
which each one of us wanted to do
but couldn't do,—

—he has driven away Malaria······

লাট্-সাহেব্······(বাধা দিয়ে)

······By a means
which is anything but legal !

মিনিষ্টার্······(না-দ'মে)

Yet, People will be deriving
its standing benefit, Your Excellency !

---

† মিনিষ্টার্······(লাট্-সাহেবের কাছে আবেদন ক'র্‌ছে)

সত্যি-কথা ব'ল্‌তে-কি, ধর্ম্মাবতার,
আমরা সবাই যা' ক'র্‌তে চেয়েছিলাম্ অথচ ক'র্‌তে পারি-নি,—
সমর-সিংহ তা'ই ক'রেছে — সে ম্যালেরিয়া তাড়িয়েছে······

লাট্-সাহেব্······(বাধা দিয়ে)

হয়ত' ক'রেছে,—
কিন্তু এমন একটা উপায়ে যা' কোন রকমেই আইন-সঙ্গত নয় !

মিনিষ্টার্······(না-দ'মে)

যে-কোন উপায়ই সে অবলম্বন ক'রে থাকুক না-কেন,
জন-সাধারণ ত' তা'র সে-কাজের সুফল উপভোগ ক'র্‌বে বংশ-পরম্পরায় !

(৭)

লাট্-সাহেবের বাড়ী : অফিস-ঘর,—'এগার [৬]' : দিন :

লাট্-সাহেব ······(অত্যন্ত আশ্চর্য্যান্বিত হ'য়ে, গোয়েন্দা মজুম্‌দারকে)

‡ What !—
The girl, who has captured
Samar Singha, is in love with him !?

গোয়েন্দা মজুম্‌দার······(সবিনয়ে)

Yes, Your Excellency,—and more over,
she is Jailor Mr. Sen's daughter — and
a daughter to me too !

লাট্-সাহেব্······(একটু চিন্তার পরে)

Well,—I may possibly
want you to see me later !

অভিবাদন ক'রে গোয়েন্দা চ'ল্‌ল আশান্বিত হ'য়ে।

---

‡ লাট-সাহেব্······(অত্যন্ত আশ্চর্য্যান্বিত হ'য়ে, গোয়েন্দা মজুম্‌দারকে)

বলেন্ কি !—
যে-মেয়েটী সমর-সিংহকে ধ'রেছে সেই তা'কে ভালবাসে !?

গোয়েন্দা মজুম্‌দার······(সবিনয়ে)

এ-কথা সত্যি, ধর্ম্মাবতার !—
তা'-ছাড়া, সে জেলর মিষ্টার সেনের মেয়ে,
আমারও নিজেরই মেয়ের-মত !

লাট্-সাহেব্······(একটু চিন্তার পরে)

সময়-মত হয়ত'
আমি আবার আপনাকে ডেকে-পাঠাব, মিষ্টার মজুম্‌দার !

[৮]

ক'ল্‌কাতা : পার্ক : বৈকাল :

দেশের-নেতা জন-সাধারণের সাম্‌নে বক্তৃতা দিচ্ছে।

দেশের-নেতা……(বক্তৃতায়)

……তা'ই ব'ল্‌ছিলাম্‌,
সমরের ফাঁসি মানে আমাদের কান্না,
আমাদের মৃত্যু,—আর শত্রুর হাসি, শত্রুর আনন্দ !
বুঝি এখন-থেকেই
বাংলার সেরা-শত্রু ম্যালেরিয়া-ব্যাসিলী দাবী ক'র্‌বে
বেহালার প্রতিষোধ,—শুধু আপনাদের ওপর নয়,—
—আপনাদের স্ত্রী-পুত্র-পরিবার, ভালবাসার
সবারই ওপর !—তা'র সমুচিত উত্তর না-দিয়ে,
আপনারা কি নীরবে সহ্য ক'র্‌বেন্—
—মৃত্যু ?

জন-সাধারণ……(অধীর হ'য়ে)

না !

দেশের-নেতা……(আরও জোর দিয়ে)

……ধীর বিষ-ক্রিয়ার মত মৃত্যু ??

জন-সাধারণ……(ব্যস্ততায়)

না—না !

দেশের-নেতা……(সমস্ত-শক্তি নিয়োজিত ক'রে)

তা'হ'লে কি আপনারা
সমরের ফাঁসি চান্‌ ??

জন-সাধারণ……(উত্তেজিত ভাবে)

না—না—না !!

দেশের-নেতা……(সমস্ত-শক্তিতে জন-সাধারণের মুখে ভাষা জুগিয়ে দিল)

তবে কি আপনারা চান্,
সমরের ফাঁসি রদ্ হো'ক্ ??

জন-সাধারণ……(উত্তেজনায়, বার-বার্ ব'ল্‌তে লাগ্‌ল)

সমরের ফাঁসি রদ্ হো'ক্ !
—ফাঁসি রদ্ হো'ক্ !
—ফাঁসি রদ্ !

(৯)

জেলরের ঘর : দিন :

গোয়েন্দা মজুম্‌দার……(জেলরকে)

মমতার পক্ষে একটা মুস্কিল,—
—সমর বোধহয় নন্দাকে ভালবাসে !
(ভাব্‌তে-ভাব্‌তে) যদি—কোন-রকমে—
নন্দা ও ডাক্তারের বিয়ে দেওয়া যায়·· ···

(১০)

মমতার ঘর : দিন :

মমতা……(সরল-ভাবে)

তোমাদের এত' ভালবাসা,
তবুও তোমরা বিয়ে করনি কেন দিদি ?

নন্দা……(ধীর-শান্ত-স্বর, 'মিষ্টিক্'-চাহনি)

ভালবাসা-যে বিয়ের অনেক ওপরে, — অসীম !
—সেই অপার্থিব-অসীমকে কি
সামাজিক-সীমা দিয়ে বাঁধা যায়-রে !

নন্দা লেখিকা, — তা'ই কল্পনার !
নন্দা অভিনেত্রী, — কল্পনাকে প্রাণ-ময়ী-করা তা'র সাধনা !
মমতা বুদ্ধিমতী, — তা'ই বাস্তবের !
মমতা বিদুষী, — বাস্তবকে সুখ-ময়-করা তা'র আকাঙ্ক্ষা !
তা'ই……

মমতা……(সত্য-সরলতায়)

ঠিক্ বুঝ্লাম্-না দিদি !

নন্দা……(সস্নেহে মাত্র একবার-চেয়ে)

সেই-দিন ঠিক্ বুঝ্বে বোন্,
যে-দিন চোখের সমস্ত-নেশা কেটে,
প্রাণে পুঞ্জীভূত হবে অনন্ত-প্রেম !—
(আবার সেই-'মিষ্টিক্'-চাহনি)
—সেদিন আরও বুঝ্বে
মিলন ও বিরহ—দু'টোই একই-প্রেমের
দু'টী অভিব্যক্তি !—দু'টোই সুন্দর—দু'টোই মধুর !
(ভাবে বিভোর)

মমতা……(ক্ষণেক-পরে)

তা'ব'লে, বিবাহে মাধুর্য্যের হানী হবে কেন ?

নন্দা……(তর্কের স্বরে নয়, অনুভূতির শান্ততায়)

সামাজিক-বন্ধনের পেছনে থাকে সামাজিক-কর্ত্তব্য।
তা'ই বিবাহে পার্থিব ও অপার্থিবের মধ্যে লাগে দ্বন্দ্ব !

মমতা······(ভাব্‌ল, কিন্তু যুক্তি যে অনুভূতি মান্‌তে চায় না !)

প্রেম এত' নিষ্ক্রিয়—মনে হয় না !

নন্দা······(স-স্নেহে চেয়ে)

নিষ্ক্রিয় ত' নয় ।—

প্রেমিকের কাজই প্রেমিকার আনন্দ !

(একটু থেমে) উনি ভালবাস্‌তেন্‌ এমন-সব কাজ

যা' সমাজের-সেরা-মঙ্গল,

অথচ শান্ত-সামাজিক-গণ্ডীর মধ্যে নয় ।

ওঁর সেই-সব কাজ-ক'র্‌তে-গিয়ে আমারও হ'ত আনন্দ,

(সামান্য-একটু হাসি মিশিয়ে)

সেই কাজের-আনন্দের চরম-নেশায়,

একদিন সব-স্বার্থ-ত্যাগ-ক'রে

বিয়ে ক'র্‌ব ব'লেছিলাম্‌ ঐ ভীরু-ডাক্তারকে !

(আন্তরিকতায়) তবুও স্বার্থের-খাতিরে,

সামাজিক-বন্ধনে ওঁর মহৎ-কাজ ব্যর্থ-ক'র্‌তে

কোন-দিনই প্রবৃত্তি হয়-নি !

(আনন্দে) তা'ই আমাদের বিয়ে হয় নি !

—বিয়ের-কথা কখনও ভাবিও না !

(আনন্দে তন্ময়)

নন্দার আনন্দের পানে চেয়ে-চেয়ে, মমতা অবাক্‌-হ'য়ে ভাব্‌ল ! তা'রপর······

মমতা······(নন্দার পায়ের ধুলো নিতে-নিতে)

অনুপযুক্ত হ'লেও,

আমায় ছোট-বোন-ব'লে ভেব' দিদি !

নিমেষে নন্দা মমতাকে বুকে-তুলে বোন-ক'রে নিল ।

(১১)

জেলরের নিচের হল : দিন :

চেয়ারে ব'সে সমর ও গোয়েন্দা মজুম্‌দার আলোচনায় ব্যস্ত। দর্‌জার ঠিক্‌-বাইরে বন্দুক-ধারী এক উপযুক্ত-গার্ড দস্তুর-মত পাহারা দিচ্ছে!

সমর্‌······(গোয়েন্দাকে)

মনে-হয়, আমার পার্‌সোনালিটির
মোহে মুগ্ধ হ'য়ে নন্দা দলে ভিড়েছিল'।
তা'ই আমার অনুরোধ,
যদি পারেন্‌, নন্দার জন্যে আপনি কিছু ক'র্‌বেন।

গোয়েন্দা মজুম্‌দার······(যেন অবুঝ না-হ'য়ে)

আনন্দার মুক্তির পথ সুগম হ'য়ে ওঠে, যদি সে বিয়ে ক'র্‌তে রাজী হয়,—ডাক্তারকে, কি অন্য······

সমর······(আশ্চর্য্যে-চিন্তায়)

ডাক্তারকে !?

গোয়েন্দা মজুম্‌দার······(সমরের ভাব্‌নাটায় কোনই গুরুত্ব আরোপ না-ক'রে)

মুস্কিল, — জেলে এসে পর্য্যন্ত,
ডাক্তারের মাথাটা যেন মধ্যে-মধ্যে বিগ্‌ড়ে যা'চ্ছে !—
যা'কে-তা'কে যখন-তখন
টাকার-পর-টাকা দিয়ে যা'চ্ছে !

নন্দা ও মমতা হলে এসে ঢুক্‌ল।

গোয়েন্দা মজুম্‌দার······(ওরা অপ্রত্যাশিত নয়—এই ভাবে, অত্যন্ত আদরের স্বরে)

এস—নন্দা এস ! বোস্‌ মা মমতা !
(সঙ্গে-সঙ্গে ব্যস্ততায় উঠে) আর্‌দালী ?—আর্‌দালী ?
(দরজায় দিকে যেতে-যেতে) ডাগ্‌দার্‌ রায়কো
এত্‌না দের্‌ হোতা হ্যায়, কেঁও ?······

...... ব'ল্‌তে-ব'ল্‌তে আর অনাবশ্যক বোকুনির সঙ্গে আর্‌দালীর কর্ত্তব্য-জ্ঞান ঝালাতে-ঝালাতে সে ইচ্ছে-ক'রেই দরজার ও-পাশ পর্য্যন্ত এগিয়ে গিয়ে দাঁড়াল।

গোয়েন্দা ব'লে অ-মানুষ সে নয়, — সাংসারিক-বুদ্ধি তা'র আছে।

নন্দা ও সমরের দু'-জোড়া চোখ যেন এক,—একই-ভাবে অপলক,—
—তা'তে কত-না নীরব-ভাষার-তরঙ্গের তড়িৎ-প্রবাহ!
মমতা কিন্তু গোড়া-থেকেই চোখের ওপরের পাতাটা নিচু পর্য্যন্ত প্রসারিত ক'রে চক্ষু-দ্বার রুদ্ধ ক'রে দাঁড়িয়ে রইল,—
—তা'র নীরব-ভাষার-তরঙ্গের তড়িৎ-প্রবাহ বুঝি প্রাণে!

চোখ না-চেয়েও দেখার গর্ব্ব-করা মেয়েদেরই মত, মমতা মাত্র একবার লুকিয়ে দেখ্‌তে-গিয়ে, একই-রকমের হাসির-রেখার সৃষ্টি ক'র্‌ল নন্দা ও সমরের মুখে!

গোয়েন্দা মজুম্‌দার..... (ফিরে আস্‌তে-আস্‌তে)

হাঁ,—দেখ' আনন্দা!
(তখন সবাই তাড়াতাড়ি ব'স্‌ল)
সমর-বাবু তোমার মুক্তি সম্বন্ধে আমায় ব'ল্‌ছিলেন।
মুক্তি বোধহয় সোজা হ'য়ে ওঠে
যদি তুমি বিয়ে-ক'র্‌তে রাজী হও ...
অবশ্য কোন মনের-মত পাত্রকে!

নন্দা......(মাত্র-একবার সমরের পানে চাইল, তারপর ধীরে-ধীরে)

দেখুন্‌, আমার স্বেচ্ছার নাম আনন্দা!
সাধারণকে আনন্দ-দেওয়াই
আমার-মত অভিনেত্রীর জীবনের ব্রত!
তা'ই বিয়ে না-করাটাই......

······পাগলেরই-মত উচ্চ-হাস্যে ডাক্তার রায় ঘরে ঢুক্‌তেই, সবাই তা'র-পানে ফিরে তাকাল।

ডাক্তার রায়······(উচ্চ-হাস্যে)

আর আমি ভীতু নই, সমর-বাবু!

(আবার উচ্চ-হাস্য)

প্রমাণ চাও আনন্দা?

(আবার উচ্চ-হাস্য)

নিমেষে হাসি একেবারে থামিয়ে অত্যন্ত গাম্ভীর্য্যে সে মমতার পানে চাইল,— চাহনি নয় ত' যেন চোক-দু'টো ঠিক্‌রে বেরিয়ে আস্‌তে লাগ্‌ল।

ডাক্তার রায়······(অত্যন্ত গাম্ভীর্য্যে ও তীক্ষ্ণ দৃষ্টিতে)

কর্ম্মীর-কাজে বাধা-দেওয়ার

শাস্তি কি জানেন্‌, মিস্‌ সেন?

পাগল-হাতে আরও পাগল-রিভলবারটা ক্ষেপে বেরিয়ে এল······

ডাক্তার!?—

—গর্জ্জন-ক'রে এক-লাফে ডান-হাতে সমর-সিংহ ধ'রল সেই পাগল-হাত, আর বাঁ-হাতে লুকিয়ে নিল মমতাকে, ···সঙ্গে-সঙ্গে 'উপযুক্ত'-গার্ডের রাইফেল্‌টা কর্ত্তব্য-সেরে আরও গুরু-গম্ভীর গর্জ্জন ক'র্‌ল—গুড়ুম্‌! ডাক্তার প'ড়্‌ল,—তা'রই সদ্দারের্‌-হাতে শেষ-হাত-মিলিয়ে! সমরের চোখে মাত্র একবার চোখ-মিলিয়ে মমতা ফুঁপিয়ে উঠ্‌ল।······

······আর ও-পাশে দাঁড়িয়ে বুঝি এক মূর্ত্তিময়ী পাষাণী!

[১২]

(খবরের কাগজ)······(বড়-হরপে লেখা)

ডাক্তার-রায়ের মৃত্যু-রহস্য

[১৩]

(খবরের কাগজ)······(বড়-হরপে লেখা)

সমরের ফাঁসি

কাল ভোর্‌ শ'-পাঁচটায়

[১৪]

কন্‌ডেম্‌ড্‌-সেল্‌ (Condemned-Cell) : 'চুয়াল্লিস্‌-ডিক্রি' : দিন :

সেলের দরজা-খুলে স্বয়ং-জেলর সমরকে নিয়ে এগিয়ে চ'ল্‌ল।

কয়েদী-গোব্‌রা······(পাশ-দিয়ে একটা জিনিষ নিয়ে যেতে-যেতে)

ঠিক্‌ ক'রে ফেল', সমরদা' !

সমর একটু-হেসে শুধু ঘাড়-নেড়ে অসম্মতি জানাল।

আরও একটু এগিয়ে সমরেরা চ'ল্‌ল দু'জন কাজে-রত কয়েদীর পাশ-দিয়ে।

কয়েদী-বুনো······(সমরকে)

সোমর-বাবু, সেটা-মাইরী ঠিক্‌ ক'রে লিন্‌ !

সমর······(হেসে, ঘাড়-নেড়ে)

না !

ওরা আরও এগিয়ে চ'ল্‌ল।

[১৫]

ইয়ার্ডের সাম্‌নে : দিন :

সমর ইয়ার্ডে পা দিয়েই চেয়ে দেখে—ওপাশ হ'তে আস্‌ছে গোয়েন্দা মজুম্‌দার, —তা'র এক-পাশে মমতা, আর এক-পাশে নন্দা।

জেলর যেন ওদের এগিয়ে আন্‌তে গেল।

পেছন-থেকে একদল কয়েদীর মধ্যে একজন ব'লে উঠ্‌ল······

কয়েদী-প্যালা······(একটু জোর্‌ ক'রে)

সোমর-দা', লিস্‌চোই ক'রে ল্যাও, মাইরী !

সমর······(চোখ মমতাদের দিকে রেখে, অথচ হেসে উত্তর দিল)

দূর্‌ ! সে আমি পার্‌ব না !

একজন-গার্ড······(সমরের কানের কাছে মুখ এনে, চুপি-চুপি)

সাহব্‌কো এক-দফে ব'ল্‌নেসে
ঠিক্‌ হো-যায়েগা সমর-বাবু !

সমর তা'র দিকে ফির্‌ল — মুখে তা'র মিষ্টি হাসি।

সেই মিষ্টি-হাসি মুখে-নিয়েই সে মমতাদের দিকে এগিয়ে গেল।

[১৬]

ইয়ার্ডের এক-পার্শ্ব : দিন :

গোয়েন্দা মজুম্‌দার……(এক-হাতে মমতাকে আর এক-হাতে নন্দাকে ধ'রে, হেসে)

দেখুন্ সমর-বাবু,
এ দু'টো মেয়েরই ভার আমার !
আজও সন্ধ্যায় লাট্-সাহেবের কাছে একটা-কাজের
শেষ-চেষ্টা ক'র্‌ব, — যদি না-হয়, রিটায়ার্ ক'র্‌ব,
আর এক-বেলা (মমতাকে দেখিয়ে)এ-মেয়ের হাতে খাব',
আর-এক-বেলা (নন্দাকে দেখিয়ে) এই-মেয়ের…… !

(তৃপ্তির হাসি)

গোয়েন্দার সেই তৃপ্তির-হাসি পরিতৃপ্ত-হ'য়ে সমর চেয়ে-চেয়ে দেখ্‌ল।

সমর……(সামান্য-একটু হেসে)

মজুম্‌দার-সাহেব্, দু'টোই হবে চিটিং (cheating) !

গোয়েন্দা মজুম্‌দার……(হেসে, জিজ্ঞাসুর-চোখে)

চিটিং (cheating) !?

সমর……(হেসে)

পাব্‌লিক্‌কে আনন্দ-দানে বঞ্চিত করার জন্যে,
(নন্দাকে দেখিয়ে) — এটী পাব্‌লিক্-চিটিং !
আর পুলিসদের মমতা-শূন্য করার জন্যে,
(মমতাকে দেখিয়ে) — এটী পুলিস্-চিটিং !

সবার উচ্চ-হাস্য।

হাসির শেষে গোয়েন্দা মজুম্‌দার ম্লান-গাম্ভীর্য্যে সমরকে জিজ্ঞাসা ক'র্‌ল ·…

গোয়েন্দা মজুম্‌দার……(ম্লান-গাম্ভীর্য্যে)

দেখুন্ সমর-বাবু,
আমরা এসেছিলাম্……আপনার……
যদি-কোন শেষ-ইচ্ছা……

মিষ্টি-হেসে ঘাড়-নেড়ে সমর বোঝাল—কোন-কিছুই নেই !

কিন্তু, ওপাশ থেকে একজন কয়েদী ব'লে উঠ্‌ল······

কয়েদী······(চেঁচিয়ে ব'লে উঠ্‌ল)

অভিনয় !

আর-সব-কয়েদী······(এক-সঙ্গে)

অভিনয় !!

জেলর রুক্ষ-দৃষ্টিতে ওদের পানে তাকাল।

সমর মিষ্টি-দৃষ্টিতে ওদের পানে তাকিয়ে সরল-ভাবে হাস্‌তে লাগ্‌ল।

গোয়েন্দা মজুম্‌দার······(সমরকে জিজ্ঞাসা ক'র্‌ল)

ওরা কি চায় ?

সমর······(মুখ ফিরিয়ে, হেসে)

আর বলেন্‌ কেন !—
আমার ফাঁসির হুকুম শোনার পর-থেকেই দেখি,—
ওদের কারোর চোখ পান্‌সে, কারোর মন ফল্গু !—
এমন-কি আপনাদের গার্ড-গুলোর মুখও যেন
পানী-ভরা গাগরী !
বাধ্য-হ'য়ে হিন্দু-দর্শনটা নিংড়ে-নিয়ে ব'ল্‌লাম্‌—
তোদের দিদিমা-ঠাক্‌মা মরার-সময়
কীর্ত্তন-উৎসব, খাওয়া-দাওয়া হ'য়েছিল কেন জানিস্‌ ?—
—কারণ, একটা হিঁদু ম'লেই
হাজার-হুর্‌রী তা'কে পুষ্প-প্লেনে চ'ড়িয়ে
হাজির-করে একেবারে স্বর্গের সপ্তম পর্য্যায়ে !

সমরের বলার ঢংয়ে সবাই উচ্চৈস্বরে হাস্‌ল—এমন-কি ওপাশের কয়েদীরাও। জেলর কয়েদীদের লক্ষ্য ক'র্‌ল। জেলর প্রায় নিজ-মূর্ত্তি ধ'র্‌বে, এমন-সময় গোয়েন্দা হাস্‌তে-হাস্‌তে চুপি-চুপি জেলরকে কি-যেন ব'ল্‌তে লাগ্‌ল।

নন্দা……(সমরকে, হাসি-মিশিয়ে)

ভারী মজা ত',

স্বর্গের সপ্তম-পর্য্যায়ে পৌঁছিয়েই হুর্‌রী নিয়ে হর্‌রা !

(হাস্য)

সমর ……(হাসি-চেপে)

সেটী কিন্তু আমার বরাতে সইবে না, নন্দা !

সেখেনে পৌঁছিয়েই, দেবাদিদেবকে সবিনয়ে ব'ল্‌ব—

—মেহেরবানী-কর্‌কে

ফিন্‌-মুঝে বাংলা-মুল্লুক্‌মে ডালো !—

কারণ, বাংলাই আমাদের অষ্টম-স্বর্গও একমাত্র-স্বর্গ !

(মমতার পানে চেয়ে, হেসে)

ফিরে-এসে কি মজা !—

আমি আবার হব' (নিজের বুক চাপ্‌ড়ে) নৌ-জোয়ান্‌ !

(উচ্চ হ'তে উচ্চ-তর হেসে) কিন্তু মমতা হ'য়ে প'ড়্‌বে

বুড্ডী,……সমরকে ধর্‌বার্‌ আর ক্ষমতা থাক্‌বে না,

……একেবারে বুড্ডী……

(বুড়ীর-ঢং অনুকরণে মুখ-বিকৃতি-ক'রে চ'লে দেখাতে লাগ্‌ল)

তা'র বুড়ীর-ঢং-অনুকরণের ব্যর্থতায় হাস্‌ল সবাই—মমতাও।
গোয়েন্দা মজুম্‌দার এসেও হাসি চাপ্‌তে পার্‌ল না। শেষে……

গোয়েন্দা মজুম্‌দার……(সমরকে)

সমর-বাবু !—

ওরা কি চায় ?

সমর······(ব্যস্ততায় বুড্ডী-থেকে সমর-হ'য়ে)

হাঁ,—

নিছক্ হিন্দু-দর্শনে ওদের চক্ষের দর্শন পরিষ্কার হ'ল।

ওরা লাফিয়ে উঠ্ল — সমরের ফাঁসি-উপলক্ষে

আমরা উৎসব-ক'র্ব এক অভিনয় ক'রে !

গোয়েন্দা মজুম্দার······

অভিনয় !—কি অভিনয় ?

সমর ·····

ওঃ, একেবারে একটা *গ্রস্-প্লট্ (Gross-Plot) !

—কি ক'র্বে ব'লুন্,

ভাল-ভাল লেখকেরা ত' আর

এখানে পায়ের-ধূলো দিতে রাজী হন্ না !

(হাস্য)

একটু-হেসে গোয়েন্দা জেলরের দিকে এগুল,

এবং ঘাড়-মুখ-নেড়ে খুবই-উৎসাহে জেলরকে কি বোঝাতে লাগ্ল।

নন্দা······(হেসে, সমরকে)

লেখক কে ?

সমর······(একজন কয়েদীকে দেখিয়ে)

ঐ শালা !—

—ওর †কোয়ালিফিকেস্ন্ (qualification)

সাত্বার্ প্রেম-করা,

আর বার্-কয়েক বইয়ের-দোকানে চুরী !

(সবাই আবার হাস্ল)

---

* বাজে-গল্প

† গুণ

নন্দা……(হেসে, সমরকে)

ডিরেক্‌টার্‌ আছে নাকি ?

সমর……(ওদেরই-দিক-দিয়ে-যা'চ্ছে এমন-একজন কয়েদীকে দেখিয়ে)

এই-যে — এই গর্দ্দভ্‌টা !—

—ওর বড়-কোয়ালিফিকেস্‌ন্‌

বোকা-কাপ্তেন্‌দের জীবন-জুড়ানো খোসামোদ-করা,

—মাঝারী কোয়ালিফিকেস্‌ন্‌

একটা-পিপে এক-সঙ্গে পয়মাল্‌-করা,

—তা'ছাড়া,

ওর মহল্লায় একটী থিয়েটারের-সখির বাসাও ছিল !

(সবারই উচ্চ-হাস্য)

ডিরেক্‌টার্‌ কাছে আস্‌তে,……

সমর……(ডিরেক্‌টার্‌কে)

এই, কোন্‌ মহল্লায় তোর্‌ বাসা ছিল-রে ?

ডিরেক্‌টার্‌……(চোখ-বেঁকিয়ে আর্টের-চাহনিতে দেখে, বিজ্ঞের-হাসিতে)

কেন !?——

(ঠোঁটে-ঠোঁট-রেখে মুখ-তুলে ডিরেক্‌টার চেয়েই রইল,

……অনেকক্ষণ-পরে ফস্‌-করে আস্তে-বলার-আর্টে)

——ক'ল্‌কাতায় !

বলার-আর্টটা নিতান্তই অনাদর-ক'রে,

শুধু মহল্লার-মানে-নিয়েই বোকার-দল হেসে উঠ্‌ল !—

হায়-রে,—

ডিরেক্‌টারের-আর্ট্‌ বোঝ্‌বার-মত-লোক জগতেও দুর্ল্লভ—জেলেও দুর্ল্লভ !

মমতা ·····(নন্দার দিকে ফিরে, অথচ সমরকে লক্ষ্য ক'রে)

প্লট্‌টা শুনে নেও না, দিদি !

সমর······(মমতার দিকে চেয়ে)

ওঃ, সে-বড় মজার !—

হিরোয়িন্ (Heroine) বাঙ্গাল,······হিরো (Hero)

ঘটি,······দস্তুর-মত লভ্ (Love)······

সমাজ ব'ল্‌লে — বিবাহ অসম্ভব !—

ঘুরে-ফিরে প'ড়্‌ল ওরা ডাকাতের-ডেনে (Den),

······হিরোয়িনের সু-পরামর্শে ঢাকার-ডাকাতিতে

সর্দ্দারের হ'ল অনেক-টাকা লাভ।······

খুসি-হ'য়ে সর্দ্দার হিরোয়িন্‌কে ব'ল্‌লে—

—কোন্ বর চাও !?

—আজ্ঞে কর্‌তা, ঐ ঘড়িডারে !

······ব্যস্, সঙ্গে-সঙ্গে সাত-পাক্ !

(সবার উচ্চ-হাস্য)

মমতা······(হেসে, এতক্ষণ-পরে সোজা সমরকে)

এই শেষ ?

সমর······(হেসে)

না-নাঃ !—

বাসরে সুন্দরের-কায়দায়

হিরো এক হেঁয়ালী ছাড়্‌লে—

"চখা-বলে চখী-প্রিয়ে এ-বড় কৌতুক।

বিধি-হ'তে ব্যাধ-ভাল বড়-দুঃখে সুখ ॥"

—বলত' মণি, এর মানে কি ?

মমতা··· ··(যেন শিশুর সরলতায়)

কি ওর মানে ?

সমর······(মমতাকে বুঝিয়ে-দিতে লাগ্‌ল)

এক-ডালে চখা, আর-এক-ডালে চখী।
বিধির-বিধানে রাতের-আঁধারে তা'রা দু'জনেই অন্ধ।
তা'ই, তা'দের মিলনের-আবেগের
বুক-ফাটা সব-কান্নাই হ'তে লাগ্‌ল নিষ্ফল !
শেষে, সেই-কান্না-শুনে এক-ব্যাধ
তা'দের দু'জনকেই বন্দী ক'র্‌ল একই খাঁচায় !
সুতরাং বিধি হ'তে ব্যাধ ভাল, ইত্যাদি······

মমতা······(উৎসুক হ'য়ে)

ক'নে ঠিক্ উত্তর দিতে পার্‌লে ?

সমর······(হেসে)

পার্‌বে কোত্থেকে !—
তোমার-মত সমর-বাবুর কাছ-থেকে আগে-হ'তেই
মানে জেনে-নেবার-মত বুদ্ধি তা'র ছিল না !

দু জনেই হাস্‌ল।

মমতা····· (হাসি-মুখে, অথচ জান্‌বার ঔৎসুক্যে)

ক'নে কি ব'ল্‌লে ?

সমর······(হাসি-চেপে)

যা' ব'ল্‌লে তা' কোন-রকমেই
কোন ভদ্র-লোকের পাতে-দেওয়া চলে না !

মমতা……(আপন-করা অনুরোধে)

ব'লুন্-না কি ব'ল্লে !?

এত'-দিনের এত'-কাণ্ডের-পরে এত'-আপন-করা অনুরোধ !—

—একে অসম্মান-করা নিশ্চয়ই অসম্ভব, অথচ সম্মান-করাও নিতান্তই দুষ্কর !

তা'ই সমর চাপা-হাসিতে মমতার পানে চেয়ে ভাব্তে লাগ্ল।

সেই-চোখে চোখ-মিলিয়ে মমতার সরল-চাহনিতে চমৎকার-ভাবে ফুটে উঠ্ল আরও-বেশী আপন-করা অনুরোধ।

এর চেয়ে ঢের নিকৃষ্ট-ধরণের চাহনির—শুধু 'ছল্-করা' অসরল চাহনির—মোহে মুগ্ধ হ'য়ে 'মুনি-গণ' নাকি 'দেয় তপস্যার ফল' একেবারে উর্ব্বশী-মেনকারও শ্রী-হীন 'পদতলে,'—আধুনিক-'ঋষি'-কবির সে-সবও নাকি নিজের-চোখের-দেখা !

মমতা……(আপন-করা চাহনির সঙ্গে আরও ঢের-বেশী মেয়েলী-মিষ্ট-স্বরে)

ব'লুন্-না কি ব'ল্লে !?

সমর……(কোন-রকমে ব'লে ফেল্ল)

ব'ল্লে,—ও-জামাই আমি গাছাইমু!

(মুখ-ঘুরিয়ে হাসি চাপ্‌ল)

মমতা……(অত্যন্ত সরলতায়)

গাছাইমু মানে ?

সমর……(হাস্‌তে-হাস্‌তে, নন্দাকে দেখিয়ে)

ওকে জিজ্ঞাসা কর !

নন্দা……(হাস্‌তে-হাস্‌তে)

বিয়ের-সময় ক'নে বলে আমি "——",

একেবারে তা'ই, বুঝ্লি !

(হাস্য)

মমতা……(তাড়াতাড়ি, যেন পূর্ব্বের প্রসঙ্গ চাপা দেবার চেষ্টায়)

হিরোয়িন্ সাজ্‌বে কে ?

সমর……(সেও যেন বেঁচে গেল, আড়ম্বরে হাত-তুলে একজন কয়েদীকে দেখিয়ে)

ঐ-যে ঐ ছাম্‌রা !—

(আড়ম্বরে, অভিনয়ের স্বরে)

আর হিরো হবে,—

এমন একজন আন্‌কোরা অভিনেতা,

যা'র অভিনয়ে মুগ্ধ হ'য়ে

একদিন বাংলার অপ্রতিদ্বন্দ্বী-অভিনেত্রী আনন্দা-দেবী,

—শ্রেষ্ঠ-নট আখ্যা দিয়ে,—সেলাম ক'রেছিলো !—

(মমতার দিকে মুখ এগিয়ে, চোখ ওপরের দিকে টেনে বড়-ক'রে)

—হুঁ-হুঁ, জান কি মহাশয়া !

সমরের রকম-দেখে সবাই হাস্‌ল—সমর নিজেও।

মমতাও হাস্‌ছিল, কিন্তু হাসির সঙ্গে-সঙ্গে কি-যেন ভেবে নিল ! শেষে……

মমতা……(হাসি-মাখা মুখ-খানি তুলে যেন মিষ্টি দাবী ক'র্‌ল)

আমি কিন্তু নিজে-হাতে হিরোয়িন্‌কে সাজাব !?

সমর……(আকাশের পানে মুখ-তুলে প্রার্থনার অভিনয় ক'র্‌ল)

নারায়ণ !—

প্রার্থনা করি,—

আস্‌ছে-জন্মে যেন আমায় হিরোয়িন্ ক'রো !

আবার সবাই হেসে উঠ্‌ল।

ওপাশে ঘট্‌ল কিন্তু এক অত্যাশ্চর্য্য ব্যাপার !—

কয়েদীদের মধ্যে কেউ-কেউ তা'দের সুদীর্ঘ জেল-জীবনে আজ এই প্রথম

অবাক হ'য়ে দেখ্‌ল 'হার্ড-বয়েল্‌ড্'-মুখে হাসির-রেখা,—

—আরও অবাক হ'য়ে তা'রা শুন্‌ল······

জেলর······(মুখে হাসির রেখা, কয়েদীদের পানে ফিরে)

আজ রাতে, তোমাদের অভিনয়

—মঞ্জুর !

আনন্দে আত্মহারা হ'য়ে কয়েদীরা কর-তালি দিল, উলু-ধ্বনিও ক'র্‌ল,—সহৃদয়তার-সঙ্গে আজ প্রথম তা'রা জেলর ও গোয়েন্দার পানে তাকাল। আইনের-সঙ্গে যখন একুয়িটী (Equity) থাকে, — ডিসিপ্লিনের-সঙ্গে যখন মানব-মনের-সন্ধান থাকে, — তখনই 'কর্ত্তারা' এই রকমেরই আনন্দ-ময় সহৃদয়তার সম্মান পায় !

সমর······(হেসে, হাত-জোড় ক'রে)

তা'-হ'লে, আজ-রাতে, আমার বিয়েতে,

আপনারা সবাই সমবেত হ'য়ে,

আমার চৌদ্দ-পুরুষ কিম্বা চৌদ্দ-নারী উদ্ধার ক'র্‌বেন !

হাস্‌ল সবাই।—

এবার এদের হাসির সঙ্গে সম্মিলিত হ'য়ে সারা-জেল গুল্‌জার্‌ ক'র্‌তে লাগ্‌ল কয়েদীদের করতালি, উলু-ধ্বনি ইত্যাদি।

(১৭)

লাট্‌-সাহেবের বাড়ীর সাম্‌নে রাস্তা : দিন :

রাস্তা দিয়ে চ'লেছে জন-সাধারণের এক বৃহৎ-মিছিল। দেশের-নেতার নেতৃত্বে জন-সাধারণ সম্মিলিত কণ্ঠে দাবী ক'র্‌তে-ক'র্‌তে চ'লেছে—

—সমরের ফাঁসি রদ্‌ !

—ম্যালেরিয়ার মৃত্যু !

(১৮)

জেলরের কোয়াটারের দিকের রাস্তা : দিন :

গোয়েন্দা মজুম্‌দার······(জেলরের সঙ্গে যেতে-যেতে)

মৃত্যু যা'র শিয়রে,

—তা'র প্রাণে এত আনন্দ,

—তা'র মুখে এমন হাসি।

জেলর······(স্বীকার-করার আনন্দে)

সত্যই, ওদের মধ্যে দুই-একজন সাক্ষ্যাৎ-মৃত্যুঞ্জয়।

'একি কথা শুনি আজি · ···'!

চাকাও দেখ্‌ছি ঘোরে!—

—সত্যের-বেদীতে সব-মানুষই সময়ে-সময়ে মাথা-নিচু করে!—

—গোয়েন্দা, জেলর—ওরাও ত' মানুষ!

গোয়েন্দা মজুম্‌দার······(জেলরকে)

দেখ',—

খবর পেলেই আমি তোমায় ফোন্ ক'র্‌ব।

তুমি রাত সাড়ে-আট্‌টা থেকেই

ফোনের কাছা-কাছি থাক্‌বে।

— * ডিনারের (Dinner) পরেই গভর্‌নরের সঙ্গে

আমার ‡এ্যাপয়েন্ট্‌মেন্ট্ (appointment)!

---

* রাত্-আট্‌টার-খাওয়ার পরেই

‡ দেখা-করার সময়

[১৯]

লাট্-সাহেবের বাড়ীর নিচের হল্ : রাত, সাড়ে-আট্‌টা :

পলক-হীন দৃষ্টিতে চেয়ে, গোয়েন্দা মজুম্‌দার
লাট্-সাহেবের প্রাইভেট্-সেক্রেটারীর কথা-গুলো শুন্‌তে লাগ্‌ল······
প্রাইভেট্-সেক্রেটারী ·····(গোয়েন্দা মজুম্‌দারকে)

* Very sorry,
His Excellency is indisposed !

গোয়েন্দা মজুম্‌দার ·····(কতক বিরক্তিতে)

‡ I'll be waiting for His Excellency's final order. It's very important.

চেয়ারটা টেনে-নিয়ে সে গ্যাঁট্-হ'য়ে ব'স্‌ল।
ওপাশের রাস্তা-থেকে জন-সাধারণের দাবী-দুটোই
পরিষ্কার শোনা-যেতে লাগ্‌ল······

—সমরের ফাঁসি রদ্
—ম্যালেরিয়ার মৃত্যু

গোয়েন্দার পেছনে বড়-ঘড়িটায় তখন সাড়ে-আট্‌টা।

[২০]

লাট্-সাহেবের বাড়ীর নিচের হল : রাত বারোটা :

ঘড়িটায় টং-টং-ক'রে বারোটা বাজ্‌ল।
আস্তে-আস্তে পায়চারী ক'র্‌তে-ক'র্‌তে গোয়েন্দা মজুম্‌দার একবার ঘড়িটার পানে তাকাল আর বার্-বার্ ওপাশের সিঁড়িটার পানে তাকাতে লাগ্‌ল।
দূর-থেকে তখনও জন-সাধারণের দাবী শোনা যেতে লাগ্‌ল······

—সমরের ফাঁসি রদ্

---

* তাই-ত', ধর্ম্মাবতার অসুস্থ ! ‡ তাঁর শেষ-আদেশ এই-রাতেই পাওয়া নিতান্তই দরকার

[২১]

জেলের সাম্‌নে : রাত্‌ চারটে :

জেলের ঘণ্টা বাজ্‌তে লাগ্‌ল .....

ঢং.............ঢং.............ঢং.............ঢং......

জন-সাধারণ দাবী ক'র্‌ল......

ফাঁসি-রদ্‌......ফাঁসি-রদ্‌......ফাঁসি-রদ্‌......ফাঁসি-রদ্‌

[২২]

জেলের প্রাঙ্গন : ছোট্ট-রঙ্গ-মঞ্চ : রাত্‌ চারটে :

রঙ্গ-মঞ্চের ওপর নব-বধূ-বেশী 'বাঙ্গাল' শ্রীমতী ছাম্‌রা—লাল-চেলীর সাজে ! তা'ই সব-আনন্দ এক-সঙ্গে ছুটে এসে এক-হ'য়েছে—শঙ্খ-ধ্বনি, উলু, হুইসিল্‌, সিটি, চিৎকার, এমন কি 'ছাতু'-গার্ডদের ছ্যা-রা-রা-রা-রা !

তা'রই মধ্যে নব-বর-বেশে সাত্‌-পাক্‌ ঘুর্‌তে-লেগেছে 'ঘটি' শ্রীমান সমর। সাম্‌নে দর্শকের-আসনে স্বয়ং নন্দা, — নকল বিয়ের যেন আসল সাক্ষী ! পেছনের এক আসনে ব'সে কয়েদী-হাঁদা গম্ভীর-হ'য়ে গুণেই যা'চ্ছে......

এক পাক্‌,......

দু' পাক্‌,......

হাজার-বছরের এই বিশ্ব-বিখ্যাত সাহিত্যের দেশে সত্যিকারের একটি সমালোচকের বড়-অভাব। তা'ই বাংলায় সমালোচনা চারিয়ে প'ড়েছে— —খেলায়-ধুলায়, কথায়-বার্ত্তায়, আমোদে-আহ্লাদে, খাওয়ায়-দাওয়ায়,— —ছোট-বড় সব-'ব্রেনেই' !—কারোর চোখে কিছুই এড়িয়ে যাবার যো নেই !

কয়েদী-গোব্‌রা......(মুখ-সিঁট্‌কে)

যা'চ্ছে-তা'ই ডিরেক্‌সন্‌ !

কয়েদী-বুনো......(চোখ পাকিয়ে, কারণ সে ডিরেক্‌টারের দোস্ত্‌)

কি-বে সালা, আমার দোস্তের নামে কি ব'ল্‌লি ?

কয়েদী-গোব্‌রা......(বুনোর মেজাজ্‌-দেখে, এক-গাল হেসে)

আরে মাইরি, ঘুর্‌বে ক'নে—বর না !

কয়েদী-পোশো……(আবার আসর গরম ক'রে, বুনোর পানে চোখ-পাকিয়ে)

আল্‌বৎ—ক'নে ঘুর্‌বে !

কয়েদী-বুনো……(দৃঢ়-মুষ্টিতে, ঘাড় বেঁকিয়ে)

মুখ-সাম্‌লে—পোসো !

কয়েদী-পোশো……(দৃঢ়-মুষ্টিতে, ঘাড় বেঁকিয়ে)

খবর্‌দার্‌—বুনো !

'খবর্‌দার্‌'-বণাম-'মুখ-সাম্‌লে'র মধ্যে কয়েদী-প্যালা সাম্‌লাতে-লাগ্‌ল পোশোকে আর কয়েদী-ছোনে বোঝাতে-লাগ্‌ল বুনোকে।

কয়েদী-প্যালা……(পোশোকে, বোঝাবার স্বরে)

লিস্‌চোই,—
আমার দাদার-বিয়েতে বৌদি' ঘুরেছিলো মাইরি !

কয়েদী-ছোনে……(বুনোকে, বোঝাবার-স্বরে, হেসে)

আরে দোস্‌ত্‌,
আমার মাসীর-বিয়েতে মাইরি মেসো ঘুরেছিলো—
(সঙ্গে-সঙ্গে আবার সাক্ষ্য মান্‌ল)
—কি ব'লিস্‌-রে ন'ল্‌তে ?

কয়েদী-নোল্‌তে……(এক গাল হেসে, সাক্ষ্য দিল)

মাইরি, — সে-মোর্‌ আঁখের-দেখা !

এত বড় সাচ্চা 'আঁখের-দেখা'র-দলকে কিন্তু একেবারে উপেক্ষা ক'রে ওপাশ-হ'তে হরেক্‌-রকম পাশবিক-আওয়াজের-সঙ্গদে পঞ্চম-ছেড়ে সপ্তমে উঠ্‌তে-লাগ্‌ল অবশ্য স্বর-নয় বেস্বর—

—যা'চ্ছে-তা'ই ডিরেক্‌সন্‌ !
—বর ঘুরবে না, ঘুর্‌বে ক'নে !
—দাদা না, বৌদি !
—মেসো না, মাসী !

অসহ্য-হ'য়ে বুনোর ঘুসি মুলাকাত্‌-ক'র্‌তে-উঠ্‌ল পোশোর পাশবিক-দন্তরাজি…

সমর……(মাথার 'পর-চুল' খুলে)

হে আমার শালা ও হালা বৃন্দ,
আধুনিক-রঙ্গমঞ্চ-রীতি অনুসারে,এই উইগ্(wig)খুলে
সানুনয়ে আপনাদের-কাছে স্বীকার ক'র্ছি—
বিয়ে-ব্যাপারে আমরা সবাই সমান ওস্তাদ্ !
ওস্তাদ-হবার বিশেষ আকাঙ্ক্ষাও নেই,
কারণ, ওস্তাদ্ না-হ'য়েও,
হাবা-বোবা. কাণা-খোঁড়া, মেথর-মুদ্দোফরাশ্,
সবারই বিয়ে সুসম্পন্ন হয় !
সুতরাং, আপনাদের শালীর মাথায় হাত-দিয়ে
অনুরোধ ক'র্ছি,—এই সামান্য-ব্যাপারে
রাত্ চার্টের সময়, আর আমাদের ঘোরাবেন্ না !

সর্দ্দারের 'অমৃত-বাণী'তে আহ্লাদে-আট-খানা হ'য়ে দু'দলই গলা-গলির পরিচয় দিল — সম্মিলিত চীৎকার, হুইসিল্, সিটি, উলু-ধ্বনিতে।

(২৩)

জেলের সাম্নে : রাত্ চারটের পরে :

তখনও জন-সাধারণ পুরো-উদ্যমে সম-স্বরে চীৎকার ক'র্ল……

ফাঁসি রদ্ !
ফাঁসি রদ্ !!
ফাঁসি রদ্ !!!

(২৪)

জেলরের কোয়াটার্ : হলের পাশের ঘর : রাত্ চারটের পরে :

জেলর আস্তে-আস্তে পায়চারী ক'র্ছে, ও এক-একবার কাতর-নয়নে ফোনের দিকে দেখ্ছে।

(২৫)

লাট্-সাহেবের বাড়ীর নিচের হল : রাত্ চারটের পর :

গোয়েন্দা মজুম্‌দার তখনও আস্তে-আস্তে পায়চারী ক'র্‌ছে, ও এক-একবার কাতর-নয়নে ওপাশের সিঁড়ির দিকে দেখ্‌ছে।

(২৬)

লাট্-সাহেবের বাড়ীর সাম্‌নে : রাত্ চারটের পর :

দেশের-নেতার-কণ্ঠে কণ্ঠ-মিলিয়ে নব-উদ্যমে জন-সাধারণ আবার চীৎকার ক'র্‌ল······

ফাঁসি রদ্ !
ফাসি রদ্ !!
ফাঁসি রদ্ !!!

(২৭)

জেলরের কোয়াটার্ : হলের পাশের ঘর,—'এগার (২৪)' : রাত্ সাড়ে-চার্‌টে :

ফোন্ বেজে উঠ্‌ল······হুম্‌ড়ি-খেয়ে লাফিয়ে ফোন্ ধ'র্‌ল জেলর।

জেলর······(ফোনে)

*Hallow !—
(দ'মে গিয়ে) Minister !—Good-morning Sir, ······As yet, I've received no Phone from C. I. D. Mr. Mazumdar, ······ you are awfully anxious for Prisoner Samar······ Oh Sir, I thank you so much !

একটা দীর্ঘ-নিশ্বাস ফেলে সে রাখ্‌ল ফোন্ !

জগতের সেরা-আশ্চর্য্য মানুষেরই-মন !

---

*জেলর······(ফোনে) হ্যালো !—
(দ'মে গিয়ে) মন্ত্রী-মহাশয় !—নমস্কার, ······ আজ্ঞে-না, এখনও পর্য্যন্ত মজুম্‌দার-সাহেবের কাছ-থেকে কোন খবর পাই-নি, ······ আপনিও সমর-সিংহের জন্য অত্যন্ত উদ্বিগ্ন ! ······ নমস্কার—নমস্কার, স্যার্ !

(২৮)

জেলের ছোট্ট-রঙ্গ-মঞ্চ—'এগার (২২)' : বাসর-ঘর : রাত্ পৌনে-পাঁচটা :

বাসরে বর-বেশী সমর ক'নের পানে চেয়ে মিষ্টি-হেসে হেঁয়ালী ছাড়্‌ল·····

সমর······(মিষ্টি হেসে)

"চখা-বলে চখী-প্রিয়ে এ বড় কৌতুক।
বিধি-হ'তে ব্যাধ-ভাল বড় দুঃখে সুখ॥"

—বলত' মণি, এর মানে কি ?

মণির মুখে কথা নেই, — সে লজ্জায় মাটীরই পানে চেয়ে।

দর্শকের দল কিন্তু অধীর-হ'য়ে চীৎকার ক'র্‌ল······

—বল্ ?

—ও-জামাই, আমি গাছাইমু !

—শীগ্‌গীর্ বল্ ?

ধীরে দর্শক ধীরে !—

চট্-ক'রে উত্তর-দিলে যে সনাতনী-লজ্জার মাথা-খাওয়া হয় !

—এত'-বড় ডিরেক্‌সনের বাহাদুরী না-বুঝে

বেকুবের-দল চিৎকার ক'রেই চ'ল্‌ল······

দর্শকের-দল······(চিৎকারে)

বোল্-বে বাঙ্গাল !

সমর······(ব্যস্ততায়, চুপি-চুপি, ক'নেকে)

বল্‌না-রে বাঙ্গাল !

তবুও 'বাঙ্গাল' নীরব-নিশ্চল !—

—ওঃ, কী সংযত-ডিরেক্‌সন্ !—ডিরেক্‌টারের ওপর আর্টিষ্টের কী অটুট্-মান্য !

কিন্তু, 'ম্যাস্' (Mass) যখন ক্ষেপে উঠে, তখন তা'রা

— কোন আর্টের তোয়াক্কা রাখে না, — কোন আর্টিষ্টেরই মুখ চায় না !

দর্শকের দল......(উত্তেজিত হ'য়ে)

—বোল্-বে বাঙ্গাল !

—বোল্-বে সালা !!

আরে, অমন-একটা চেলী-পরা নব-বধু,—তা'কে মধুর-শালী সম্বোধন না-ক'রে রূঢ়-শালা বলা !—

—এতে শুধু টোলের টিকিরই টনক ন'ড়্‌বে না,

'নারী-হৃদয়' সাহিত্যিক-দলও শিউরে উঠ্‌বে !

কিন্তু, কয়েদীদের এই লিঙ্গ-জ্ঞানের পরম-পরাকাষ্ঠা বোধ হয়

জেলেরই এক চমৎকার-আইনেরই চরম-উৎকর্ষ—"লিঙ্গ-জ্ঞান সম্পূর্ণ বর্জ্জন" !

অথচ, এই চমৎকার-আইনেরই ব্যর্থতায় সভ্য-সমাজ একদিন ধর্ম্ম-ক্ষেত্রে ধর্ম্মেরই-ধনুর্দ্ধর ক্যাথলিক্-পুরুত্‌দেরও পাশবিক-ব্যভিচারে অতিষ্ঠ-হ'য়ে রক্ত-গঙ্গা-বইয়ে-দিয়ে 'প্রটেস্‌ট্যান্‌ট্' হ'তে বাধ্য-হ'য়েছিল।

সে-যা'ই-হোক্, ঢেঁকি স্বগ্‌গে গেলেও ধানই ভানে,—

বিদ্রোহী-বরটীর বিয়েব আসরেও আর যেন 'ধৈরজ না-মানে' !

সমর......(যেন ধৈর্য্য-চ্যুত হ'য়ে, দু'হাতে হিরোয়িনের দু'টো কাঁধ-ধ'রে নাড়া-দিতে-দিতে)

বল্-না রে—

(থ'মকে চেয়ে) —এ-কী মমতা !!!

ড্রপ্ প'ড়্‌ল—

নন্দা ছুট্‌ল—

দর্শকের পর দর্শক আশ্চর্য্যে ব'লে উঠ্‌ল......

—মমতা !

—মিস্ সেন্ !!

—জেলরের মেয়ে !!!

কাঁদ্‌তে-কাঁদ্‌তে 'বাঙ্গাল'-হিরোয়িন এসে ঢুক্‌ল,—

—তা'র মুখে কাপড়-গোঁজা, হাত-পা সব বাঁধা !

(ড্রপের পেছনে,—

—ষ্টেজের ওপরে)

সমর……(মমতাকে অতি-আপন-ক'রে কাছে-টেনে-নিয়ে, সজল-চোখে, ভেজা-গলায়)

কি ক'র্‌লে মম !—

—মৃত্যু যা'র শিয়রে……

(মমতার কম্পিত-হাতখানি সমরের মুখে উঠে বাধা দিল)

মমতা……(সজল-চোখে, ভেজা-গলায়,

সমরের আপন-করা হাতখানির-মধ্যে তেম্‌নি আপন-হ'য়ে থাকার সুখেই)

……তুমিই ত' শিখিয়েছ,—

—হিঁদুর যে কখনও মৃত্যু হয় না !

আরও আদরে সমর মমতাকে আরও কাছে টেনে নিল।

ওপাশ থেকে এগিয়ে এসে,

হাসি-কান্নার রাম-ধনু মুখে-মাখিয়ে নন্দা বরণ ক'র্‌তে লাগ্‌ল।

সমর……(মধুর-তম আশ্চর্য্যে)

নন্দা,—তুমি !!

নন্দা……(মুখের হাসি-কান্নার রাম-ধনুর ওপর

আরও একটু-বেশী হাসির-রং মিশিয়ে)

হাঁ-গো !

যা'কে বিয়ে করা যায় না,

তা'র বিয়ে দিতে বড় ভাল লাগে !

(২৯)

জেলের সামনে,—'এগার (২৩)' : ভোর্ প্রায়-পাঁচটা :

দেশের-নেতার আগমনে নব-করুণ-উদ্যমে জন-সাধারণ আবার সমস্বরে আকাশ-বাতাস কাঁপিয়ে-কাঁদাল—

ফাঁসি রদ্ !
ফাঁসি রদ্ !!
ফাঁসি রদ্ !!!

(৩০)

জেলরের হলের পাশের ঘর,—'এগার (২৭)' : ভোর্ প্রায়-পাঁচটা :

দূরের সে-কান্না বুঝি জেলরেরও বুকে বাজ্‌ল,—
—তা'র চোখ-দুটো ছল্-ছল্ ক'রে উঠ্‌ল।

(৩১)

লাট্-সাহেবের বাড়ীর নীচের হল : ভোর্ প্রায়-পাঁচটা :

গোয়েন্দা মজুম্‌দার এবার একেবারে মাথায় হাত দিয়ে মুস্‌ড়ে প'ড়্‌ল।
সিকি-শতাব্দীর চাকুরীর লোভনীয় মোহ ছাপিয়ে-উঠে
আজ তা'র মন তা'রই চোখ ভেজাতে লাগ্‌ল।
জগতের সেরা-শিক্ষা মানুষেরই-মনের-উদ্বোধন !

(৩২)

জেল : ভোর্-পাঁচটা :

পাঁচটার ঘণ্টা বাজ্‌তে সুরু হ'ল······
ঢং······

(৩৩)

জেল : ফাঁসী-মঞ্চ : ভোর্-পাঁচটা :

বেজে উঠ্‌ল ফাঁসির-বাজ্‌না !
মেতে উঠ্‌ল মরণের-গাজন !

(৩৪)

জেল : রঙ্গ-মঞ্চ : ভোর্-পাঁচটা :

সেই করুণ ঘণ্টা — সেই দারুণ বাজ্‌না — ভেদ ক'রে ভেসে আস্‌তে লাগ্‌ল তরুণ-ক্রন্দন — ফাঁসি রদ্ !

সমর……(বড়-আপন-করা-বাহুতে-জড়ান' মমতাকে, করুণ-কণ্ঠে, দারুণ-নিশ্বাসে)

আর মাত্র পনর মিনিট্ !

মমতা……(আবেগে-আনন্দে-অশ্রুতে, যেন হাঁপাতে-হাঁপাতে)

মনে কর',

এক-একটা মিনিট—যেন এক-একটা ঘণ্টা—

—এক-একটা মাস—না-না, এক-একটা বছর !

(আবেগে-আনন্দে-অশ্রুতে-তৃপ্তিতে)

এখনও পনর বছর !!—

পনর-বছর এম্‌নি অবিচ্ছিন্ন-মিলন !—

আমার মত ভাগ্যবতী-সতী কে !?

সমর……(আবেগে-আনন্দে-অশ্রুতে)

মম— !

মমতা……(পুলকে)

আবার বলো !!

সমর……(পুলকে)

মম— !!

মমতা……(পুলকে-শিহরণে)

আঃ !!!—আবার……!!!

সমর…… (পুলকে-শিহরণে)

মম— !!!

শেষ

শেষের কথা

পাঠের স্বচ্ছন্দতাই 'দাবী'র লক্ষ্য।

কিন্তু, সেই-স্বচ্ছন্দতার-পক্ষে বিশেষ-অন্তরায় একম-বেরকমের সিনেমা-টেক্‌নিক তা'ই টেক্‌নিক আছেও সাধা-মত সঙ্গোপনে।

টেক্‌নিকের সঙ্কেত্‌—

কোন সংখ্যার পাশে	( )	=	কাট্‌ (Cut)
কোন সংখ্যার পাশে	[ ]	=	ডিসল্‌ভ্‌ (Dissolve)
কোন শব্দের পাশে	§	=	ডবল্‌-প্রিন্‌ট্‌ (Double-Print) (ফুট্‌-নোটে অন্য-কোন সঙ্কেত্‌ না-থাক্‌লে)
কোন সংখ্যার পাশে	§[ ]§	=	ট্রিক্‌ (Trick)
কোন সংখ্যার নিচে	~~	=	ফেড্‌-ইন্‌ (Fade-in)
কোন অঙ্কের শেষে	~~~~	=	ফেড্‌-আউট্‌ (Fade-out)

শ্রীনবকুমার পন্নাই